

# ঈপনিষদাবলী ।

শ্রী, অম্বয়, টিপনী ও ভগবৎপূজাপাদশ্রীমচ্ছকরা-  
চাধ্যকৃত ভাষ্যানুযায়ী অনুবাদসহিত ।

পঞ্চদশ খণ্ড ।

শ্রীহরিপদ চট্টোপাধ্যায়-সম্পাদিত

বঙ্গীয়ব্রাহ্মণসভা-বিদ্যালয়সাধাপক—  
-ব্যাকরণ-স্মৃতি-সাংখ্য-বেদান্ততীর্থোপাধিক—  
ওত শ্রীযুক্ত নরেন্দ্রনাথ সিদ্ধান্তশাস্ত্রি-  
কর্তৃক সংশোধিত ।

হরীতকীবাগান, শাস্ত্রপ্রকাশ-কার্যালয়  
হইতে সম্পাদক-কর্তৃক প্রকাশিত ।

১০৩০ ।

---

**All rights Reserved.**

৩০ নং হরীভকী বাগান লেন, কলিকাতা,

“পশুপতি প্রেস”

শ্রীরাজকুমার রায় দ্বারা মুদ্রিত ।

# শ্ৰেণী-সূচী ।

অনুবাদক পণ্ডিতগণের নাম ।

১০৯ ।	নৃসিংহপূর্বভাপনীয়	১
	শ্ৰী অক্ষয়কুমার শাস্ত্রী	
১১০ ।	নৃসিংহোত্তরভাপনীয়	৬৯
	" "	
১১১ ।	ত্রিপুর	১৮৬
	শ্ৰী রমেশচন্দ্র বেদান্ততীর্থ	
১১২ ।	ত্রিপুরভাপনী	১৯৬
	" "	
১১৩ ।	ত্রিশিখি	২৯৭
	শ্ৰী নরেন্দ্রনাথ শাস্ত্রী	
১১৪ ।	যোগচূড়ামণি	৩৯০

১১৫। বৃহজ্জাবাল ৪৬।

ত্রীরমেশচক্র বেদান্ত তীর্থ

১১৬। নির্বাণ ৫৩৬

• •

পাঠান্তরিত মূল

নাদবিন্দু ... ৫৫৩

ধ্যানবিন্দু ... ৫৫৯

ভেজোবিন্দু ... ৫৭৬।

—————●—————

नृसिंहपूर्वतापनीरौपनिषत् ।

प्रथमोपनिषत् ।

ॐ उद्भूतं कर्णेभिरिति शक्तिः ।

ॐ आपो वा इदमासन् सलिलमेव । स प्रवृत्तपत्ति-  
रेकः पुष्करपर्णे समभवत् । तस्मात्सुर्मनसि कामः सम-  
वर्तत इदं सृज्यमिति । तस्मान् यत् पुष्करो मनसाभि-  
गच्छति तद्वाचा वदति तत् कर्मणा करोति तदेवा-  
द्भुक्ता । कामस्तदग्रे समवर्तताधि मनसो रेतः  
प्रथमं वदासीत् । सतो वक्षुमसति निरविन्दन् हृदि  
प्रतीया ( य ) कवयो मनीषेति उपैतनं तदुपनमति  
यत्कामो भवति स तपोहृतपात स तपस्तपु-  
न एतत् मङ्गराजः नारसिंहमाहूत् उभयपशु-  
त्वेन वै सर्वमिदमसृजत यदिदं किञ्च तस्मात् सर्व-  
माहूत् उभित्याचकते यदिदं किञ्च । अहूत् ततो  
वा इमानि भूतानि आसन्ते अहूत् ता आतानि वीर्यत

অনুষ্ঠেভং প্রবৃত্ত্যভিসংবিশস্তি তৈশ্চ বা ভবতি অনুষ্ঠেপ্  
 প্রথম ভবতি অনুষ্ঠেবৃত্তমা ভবতি বাগ্ বা অনুষ্ঠেপ্  
 বাটৈব প্রযন্তি বাটৈবোপ্তস্তি পরমা বা এষা ছন্দসাং  
 বদনুষ্ঠেবিত্তি ।

দ্যাখ্যা। আগঃ আসন্ । বৈ (প্রসিদ্ধম্) ইদং  
 (প্রত্যক্ষাদিনুষ্ঠেঃ) সালিলম্ এষ স প্রজাপতিঃ একঃ [সন্]  
 পুঙ্করণে (পদ্মপত্রে) সমভবৎ (আসীৎ) । তস্যা (প্রজা-  
 পতেঃ) মনসি (অন্তঃকরণে) ইদং হৃদয়েম্ ইতি [সৃষ্টিবিষয়ে]  
 কামঃ (ইচ্ছা) সমবর্ত্তত । তস্মাৎ পুঙ্করঃ যৎ মনসা অভি-  
 গচ্ছতি (ইচ্ছতি), বাচা তদ্ বদতি, তৎ কমাণা করোতি ।  
 [উক্তমেবার্থঃ স্রষ্টয়িতুম্ভুচং সাক্ষিভেনোদ্ভাবয়তি—] তৎ  
 (তন্মিন্নেবার্থে) এষা (বক্ষমাণা) কক্ অভূক্তা (পঠিতা) ।  
 [ভাম্ভুচং পঠতি—] মনসঃ কামঃ তদগ্রে সমবর্ত্তত, রেতঃ  
 (উদকং) প্রথমম্ (আদৌ সৃষ্টাবসরে) যদ্ (যস্মাৎ কারণাৎ  
 আসীৎ) [অথবা কালনির্দেশঃ] যদা (যস্মিন্ কালে) প্রথমম্  
 উদকম্ আসীৎ তদৈব মনসঃ কামঃ আধি (উপরিবিষয়ে  
 সৃষ্টিবিষয়ে) সমবর্ত্তত । কবয়ঃ (বিপশ্চিতঃ) অসতি  
 (মামঙ্গাতিদ্যাক্তে ব্রহ্মণি) হৃদি (অন্তঃকরণে) প্রতীষা  
 (প্রত্যক্ষানমবেক্ষ্য) মনীষা (মনীষয়া, বিপশ্চিত্বুষ্ঠা,  
 সতঃ (ব্রহ্মণঃ) বন্ধুঃ (বন্ধবা, বিবর্ত্তং; বন্ধুধিব বন্ধুঃ পদং

## नृसिंहपूर्वतापनीयोपनिषत् ।

७

इति वाक्यकारः श्रीरामदासवादिभिर्लेख्यविशिष्टः ताविसृष्टेः  
 प्रकारः युगमन्तमानाहापाञ्च रुदि ) निरविन्दन् ( अलतत ) ।  
 [ इतिशब्दः सकृन्नाश्विदोत्तकः ] । गङ्कामः ( यन्मिन्  
 विद्ये अश्विनाथः ) भवति, तं ( कामात् ) उपमं ( कामिनम् )  
 उपनमति । सः ( प्रजापतिः ) तपः अतप्यत ( मननश्चिन्तसा  
 चैकाग्रामकरोत् ), स तपः तप्या ( कृत्वा ) स एतः मन्त्रराजः  
 ( मन्त्रश्रेष्ठः सामराजः वा ) नारसिंहः ( नृसिंहसम्पत्तिसामादि,  
 न च नृसिंहगायत्र्यादि ) आनुष्टुभम् ( अनुष्टुप् छन्दोपाधिकम्  
 श्रुत्येवम् ) अपश्यत् । तेन ( आनुष्टुभेन मन्त्रराजेन )  
 त्वम् इदम् ( प्रत्यक्षानिर्दिष्टम् ) अश्नुत ( अश्नुत् ) । यद् इदं  
 किञ्च । तन्मां ( यस्मान्नुष्टुभान् मन्त्रराजां सर्वं जातं  
 तन्मां ) सर्वम् इदम् आनुष्टुभम् आचक्रे ( पठित्वा वदति )  
 यदिदं किञ्च [ अनुष्टुभो वा इत्यादि विशिष्टास्तुः प्रकृतान्तः  
 स्पष्टम् । तस्य ( ब्रह्मस्वरूपस्य ) [ साक्षिणि ] एवा ( वक्ष्यामीति  
 कम् ) भवति । अनुष्टुभ् अथवा ( सर्वसृष्टेः आत्मा ) ।  
 अश्नुति—( अलम् गच्छति ) । उच्छ्रति ( उपपत्तिं गच्छति ) ।  
 इत्यन्तः ( गायत्र्यादीनां वेदानां वा ) परमा ।

अनुवाद । पृथिवीसृष्टिर पूर्वे एहि तगङ्-  
 तलरूपे छिन्न, प्रजापतिर् इत्तलरूप , तन्नि एकाकी  
 पदपत्रे अवति ह् छिन्नेन । तांहात् अस्तुःकरणे

সৃষ্টিবিষয়ে কামনা হইয়াছিল । অতএব পুরুষ যাতা মনের দ্বারা ইচ্ছা করে, তাহা বাগিন্দ্রিয়ের দ্বারা বলিয়া থাকে ও পরে তাহা আবার কর্মের দ্বারা সম্পাদন করে । এ বিষয়ে মন্ত্র পঠিত হইয়াছে, সেই মন্ত্রটী এই,—অগ্নে প্রজাপতির অন্তঃকরণে কামনা উৎপন্ন হইয়াছিল, অনন্তর সৃষ্টিকালে জল উৎপন্ন হইয়াছিল অথবা যখন প্রথমে জল ছিল, তখনই প্রজাপতির মনে সৃষ্টিবাসনা উদ্ভূত হইয়াছিল । পণ্ডিতগণ মনোযা দ্বারা হৃদয়ে আত্মতত্ত্ব উপলব্ধিকরত বন্ধু-তুলা পরব্রহ্মকে হৃদয়ে অনুভব করিয়াছিলেন । ইতি-শব্দ মন্ত্রসমাপ্তিচক । সাধারণতঃ দেখা যায় যে যে বিষয়ে কামনা করে, তাহার নিকট সেই কাম্য বস্তু আসিয়া উপনীত হয় । প্রজাপতি তপস্যা করিয়াছিলেন, অর্থাৎ মনঃ ও ইন্দ্রিয়সমূহের একাগ্রতা সম্পাদন করিয়াছিলেন, কারণ মনঃ ও ইন্দ্রিয়সমূহের একাগ্রতাকে শাস্ত্রজ্ঞগণ পরম তপস্যা বলিয়াছেন । তিনি তপস্যা করিয়া নৃসিংহদেবতাসম্বন্ধী মন্ত্রশ্রেষ্ঠ অমৃষ্টপ্-ছন্দে যুক্ত নাম দর্শন করিয়াছিলেন । সেই প্রজাপতি



## নৃসিংহপূর্বতাপনীয়োপনিষৎ ।

৫

অমুষ্টিপ্‌ছন্দেয় দ্বারা যাচা কিছু প্রত্যক্ষদৃষ্ট সমস্ত বস্তুর সৃষ্টি করিয়াছিলেন । অমুষ্টিপ্‌ হইতে সমস্ত উৎপন্ন হওয়ায় যাচা কিছু জগৎ দেখিতে পাওয়া যায়, তৎসমুদায়কে পণ্ডিতেরা অমুষ্টিভ্‌ বলেন । অপিচ অমুষ্টিভ্‌ হইতে সমস্ত প্রাণী উৎপন্ন হইয়াছে, অমুষ্টিভ্‌ হইতে উৎপন্ন হইয়া সকল প্রাণী জীবন ধারণ করে, এবং তাহাতে প্রবেশ করত সকলে ময় প্রাপ্ত হয় । এই অমুষ্টিভ্‌ যে ব্রহ্মবরূপ, তদ্বিষয়ে তাহার সাক্ষ্যরূপ মন্ত্রও আছে, তাহা এই,—অমুষ্টিভ্‌ সকল সৃষ্ট বস্তুর আদিভূত, অমুষ্টিভ্‌ শ্রেষ্ঠ । যাচা কিছু বাক্‌ তৎসমুদায় অমুষ্টিপ্‌রূপ । অমুষ্টিপ্‌রূপ বাক্যে সকল বস্তু প্রলীন হয় এবং তাহা হইতে সকলে উৎপন্ন হয়, এই অমুষ্টিপ্‌ সমস্ত বেদ অথবা গায়ত্রী-প্রভৃতি সকল ছন্দঃ হইতে উৎকৃষ্ট ।

২ । সসাগরাং সপৰ্ব্বতাং সপ্তদ্বীপাং বসুকরাং তৎসাম্নঃ প্রথমং পাদং জানীয়াদ্‌ যক্ষগন্ধর্বাঙ্গস্রোগণসেবিত-মন্তুবিক্ষং তৎসারো দ্বিতীয়ং পাদং জানীয়াদ্‌ বসুকরা-দ্বিতীয়ঃ সর্ষদেবৈঃ সেবিতং দ্বিকং তৎসারস্বঃ ঐয়ং

পাদং জানীয়াৎ ব্রহ্মস্বরূপং নিরঞ্জনং পরমাব্যয়িকং তৎ  
সাম্বশ্চতুর্থং পাদং জানীয়াৎযো জানীতে সোহমৃৎস্বং  
চ গচ্ছতি ঋগ্‌যজুঃসামাথর্বাণশ্চত্বারো বেদাঃ সাদ্রাঃ  
সশাখাশ্চত্বারঃ পাদা ভবন্তি কিং ধ্যানং কিং দৈবতং  
কান্ত্রানি কানি দৈবতানি কিং ছন্দঃ ক ঋষিরিতি ।

ব্যাখ্যা । জানীয়াৎ ( ধ্যায়েৎ ) সাদ্রাঃ বেদাঃ ( শিক্ষা-  
কল্প-বাকরণ-নিরুক্ত-ছন্দো-জ্যোতীঃবি বড়্ অঙ্গানি ) ।  
স্পষ্টমন্ত্ৰং ।

**অনুবাদ** । সাম ও অমুষ্টুভের প্রথম পাদকে  
সাগরবেষ্টিত, পর্বতসমর্ষিত, সপ্তর্ষীপা বসুন্ধরারূপে  
ধ্যান করিবে । সাম ও অমুষ্টুভের দ্বিতীয় পাদকে  
যক্ষ, গন্ধর্ব ও অঙ্গরোগণসেবিত অন্তরিক্ষরূপে  
ধ্যান করিবে । সাম ও অমুষ্টুভের তৃতীয় পাদকে  
বসু, রুদ্র, আদিত্য ও সমস্ত দেবতাসেবিত ছাগলোক-  
রূপে ধ্যান করিবে । সাম ও অমুষ্টুভের চতুর্থ পাদকে  
নিরঞ্জন, পরমাকাশরূপ, ব্রহ্মস্বরূপে ধ্যান করিবে ।  
যিনি এইরূপে নৃসিংহব্রহ্মবিদ্যা জানেন, তিনি মুক্তি-  
লাভ করেন । ঋক্‌, যজুঃ, সাম ও অথর্ব, — এই চারিটা

## নৃসিংহপূর্বতাপনীয়োপনিষৎ ।

৭

দে ছয়টি অঙ্গ ও শাখাগণসম্বিত—চারিটি পাদ  
হইয়া থাকে । [ প্রশ্ন ] কেবল জানিবে অথবা ধ্যান  
করিবে ? এই ধ্যানের দেবতা কে ? কোনগুলি  
ধ্যানের অঙ্গ ? অঙ্গদেবতা কাহারা ? কোন ছন্দঃ  
এবং ঋষি কে ? ইতিশব্দ প্রশ্নসমাপ্তিসূচক ।

তাৎপর্য। এই গ্রন্থে নৃসিংহব্রহ্মবিদ্যা বর্ণিত হই-  
তেছে। নৃসিংহদেব ক্ষীরোদসমুদ্রে শয়ন করিয়া  
আছেন, অথবা উপবেশন করিয়া আছেন, তিনিই  
পরব্রহ্ম । সাম ও অমুষ্টুভের চারিটি পাদকে যথাক্রমে  
নৃসিংহের হৃদয়, মস্তক, শিখা ও কবচ মধ্যবর্ত্তিত্বরূপে  
ধ্যান করিবে । এই ধ্যানই জ্ঞানে পর্যাবসিত হইয়া  
যুক্তপ্রদ হইবে । অঙ্গ ও শাখায়ুক্ত চারিটি বেদকে  
চারিটি পাদরূপে ধ্যান করিবে । এক্ষণে জিজ্ঞাসা  
হইতে পারে যে, সান্ন্যাসিন্যকে সমাপ্ত না করিয়া  
মুখা অকস্মাৎ কেন ধ্যেয়প্রশ্ন করা হইল ? ইহার  
উত্তর এই যে, এই আধ্যাত্মিকতে প্রজাপতি  
বক্তা, দেবতাগণ শ্রোতা । প্রজাপতি প্রশ্ন হইতে  
বিষত দেবতাকে একত্রী সান্ন্যাসিন্য বর্ণিয়া নিবৃত্ত

হইলেন । তাঁহার উদ্দেশ্য শ্রোতৃগণের জ্ঞানের পরীক্ষা করা । পূর্কোক্ত বিষয়ে অবাস্তুর প্রশ্নবিশেষ জিজ্ঞাসা করিতেছেন অথবা তাহার তদুপযোগী বিষয় জিজ্ঞাসা করিতেছেন, এইরূপ অভিপ্রায়ে অকস্মাৎ মহাহলে প্রশ্ন করা হইয়াছে । ছয়টি প্রশ্ন প্রথম প্রশ্নের অন্তর্গত জানিবে ।

৩। স হোবাচ প্রজাপতিঃ স যো হ বৈ তৎ  
 সাবিত্রশ্রাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তং তৎসাম্নোহঙ্গং  
 বেদ শ্রিয়া হৈবাভিষিক্ত্যতে সর্কে বেদাঃ প্রণবাদিকা-  
 স্তং প্রণবং তৎসাম্নোহঙ্গং বেদ স তৌল্লোঁকাঙ্করতি  
 চতুর্বিংশত্যক্ষরা মহালক্ষ্মীর্যজুস্তৎসাম্নোহঙ্গং বেদ স  
 আয়ুর্ষশঃকৌর্তিজ্ঞানৈশ্চর্যবান্ ভবতি তস্মাদিদং সাক্তং  
 সাম জানৌয়াদৃষো জানীতে সোহমৃতত্বং চ গচ্ছতি  
 সাবিত্রীং প্রণবং যজুলক্ষ্মীঃ স্রীশূদ্রায় নেচ্ছতি ষা-  
 ত্রিংশদক্ষরং সাম জানৌয়াদৃষো জানীতে সোহমৃতত্বং  
 চ গচ্ছতি সাবিত্রীং লক্ষ্মীং যজুঃ প্রণবং যদি জানৌয়াৎ  
 স্রীশূদ্রঃ স মৃতোহধো গচ্ছতি তস্মাৎ সর্কবা নাচষ্টে  
 বস্তাচষ্টে স আচার্যন্তেনৈব স মৃতোহধো গচ্ছতি ।

## नृसिंहपूर्वतापनीयोपनिषत् ।

२

व्याख्या । श्रिया ( श्रीगोत्रेण ) । अभिविक्तम् ( उपरिष्ठात्  
श्रीबीजमित्यर्थः प्रणवः ( ओंकारः ) । स्पष्टम् ।

अनुवाद । प्रजापति पूर्वोक्त प्रण-  
समुत्तरे उत्तर प्रदान करिलेन,—यिनि श्रीबीजेर  
द्वारा अभिविक्त अर्थात् उपरिष्ठात् श्रीबीजसमन्वित  
सावित्र मन्त्रे अष्टाक्षरविशिष्टे पदके सामे अग्न  
बलिद्या उपासना करेन, कारण, प्रणवपूर्वक समस्त  
वेद श्रीगोत्रे द्वारा अभिविक्त छेया थाके, यिनि  
सै प्रणवके ओ सामे अग्न बलिद्या उपासना करेन,  
तिनि तिनलोक जय करेन । महात्मनो यजुर्मन्त्र  
चतुर्विंशत्याक्षरयुक्त, यिनि हेठा सामे अग्न बलिद्या  
जानेन, तिनि आयुः, वशः, कौर्ति, ज्ञान ओ ऐश्वर्याके  
लाभ करेन । अतएव अग्नयुक्त सामे ध्यान  
करिबे । यिनि एरूप ध्यान करेन, तिनि मुक्तिलाभ  
करेन । वेदजगण सावित्री, ओंकार, यजूः, ओ श्रीबीज  
श्री ओ शृद्धके प्रदान करेन ना । सामके वद्विंश-  
अक्षरयुक्तद्वरूपे ध्यान करिबे, यिनि सामके वद्विंश-  
अक्षरयुक्तद्वरूपे ध्यान करेन, तिनि मुक्तिलाभ

করেন। যে স্ত্রী বা শূদ্র সাবিত্রী, ঔকার, যজুঃ ও  
লক্ষ্মীবীজকে জানে, সে মরিয়্যা নরকে যায়, অতএব  
আচার্য্য ঐ সকল মন্ত্র সর্বদা বলিবেন না, যিনি  
বলেন, সেই আচার্য্য মরিয়্যা নরকে যান ।

৪ । স হোবাচ প্রজাপতিঃ অগ্নির্বেদে বেদা ইদং  
সর্বং বিশ্বা ভূতানি প্রাণা বা ঈন্দ্রিয়ানি পশবোহন্নম-  
যুতং সম্রাট্ স্বরাভির্বাট্ তৎসাম্নঃ প্রথমং পাদং জানী-  
য়াৎ ঋগ্‌যজুঃসামাণবর্কপঃ সূর্যোহস্ত্রাদিতো তিঃশ্বয়ঃ  
পুরুষস্তৎসাম্নো দ্বিতীয়ং পাদং জানীয়াৎ য ঔষধীনাং  
প্রভবতি তারাপতিঃ সোমস্তৎসাম্নস্তৃতীয়ং পাদং  
জানীয়াৎ স ব্রহ্মা স শিবঃ স হরিঃ স ইন্দ্রঃ সোহক্ষরঃ  
পরমঃ স্বরাট্ তৎসাম্নশ্চতুর্থ পাদং জানীয়াৎ যো  
জানীতে সোহমৃতত্বং চ গচ্ছতি । ৩ উগ্রং প্রথমশ্রাণ্ডং  
অন্নং দ্বিতীয়শ্রাণ্ডং নৃসিং তৃতীয়শ্রাণ্ডং মূত্ৰাঃ চতুর্থশ্রাণ্ডং  
সাম জানীয়াৎ যো জানীতে সোহমৃতত্বং চ গচ্ছতি  
তস্মাদিদং সাম যত্র কুত্রচিন্নাচষ্টে যদি দাতুন্নপেক্ষতে  
পুত্রায় শুশ্রূষাবে দাত্ততাত্তশ্চৈশ্চ শিষ্যায় চেতি ।

ব্যাখ্যা । স্ত্রীর্বা ।

অনুবাদ । প্রজাপতি বলিলেন,—অগ্নি হইতেছে চারিটী বেদ । এই সমস্ত দৃশ্যমান পদার্থ সমস্ত প্রাণী, প্রাণাদি বায়ুসমূহ হইতেছে ইন্দ্রিয়সমূহ, পশুসমূহ অন্ন, অমৃত হইতেছে সত্রাট্, স্বরাট্ ও বিরাট্ ; ইত্যাদিগকে সামের প্রথম পাদ বলিয়া ধ্যান করিবে । সূর্য্য হইতেছেন ঋক্, যজুঃ, সাম ও অথর্ব-বেদস্বরূপ, তিনিষ্ট আদিত্যমণ্ডলের অভ্যন্তরে হিরণ্য-গ্নয় পুরুষ, তাঁহাকে সামের দ্বিতীয় পাদরূপে ধ্যান করিবে । যিনি ওষধিসমূহের প্রভু, তারাগণের পতি চন্দ্র, তাঁহাকে সামের তৃতীয়পাদরূপে জানিবে । সেই ব্রহ্মা, শিব, হরি, ইন্দ্র, অগ্নি, পরম অক্ষর স্বরাট্, ইত্যাদিগকে সামের চতুর্থপাদরূপে ধ্যান করিবে । যিনি এইরূপে ধ্যান করেন, তিনি মোক্ষ প্রাপ্ত হন । 'উগ্র' এই অক্ষর দুইটীর আদ্যস্বরাত্মক সাম জানিবে । 'জল' এই দ্বিতীয় পাদের আদ্য সামকে গীতি জানিবে । 'নৃসি' এই তৃতীয় পাদের আদ্য ও 'মৃদা' এই চতুর্থ পাদের আদ্য সাম জানিবে । যিনি জানেন, তিনি মুক্তিলাভ করেন । অতএব এই সাম

যে কোন ব্যক্তির নিকট বলিবেন না । যদি এই সাম কাহাকেও দিতে ইচ্ছা করেন, তবে শুশ্রূষা-পরায়ণ পুত্র ও শিষ্যকে প্রদান করিবেন ।

৫ । [স হোবাচ প্রজাপতিঃ]ক্ষীরোদার্গণশায়িনং  
নৃকেশরি যোগিনোয়ঃ পরমং পদং সাম  
জানীয়াৎ যো জানীতে সোহমৃত্বং চ গচ্ছতি বীরঃ  
প্রথমশ্রাঙ্কাস্তাঃ তংসঃ দ্বিতীয়শ্রাঙ্কাস্তাঃ  
হংভী তৃতীয়শ্রাঙ্কাস্তাঃ মৃতুং চতুর্থশ্রাঙ্কাস্তাঃ সাম  
জানীয়াৎ যো জানীতে সোহমৃত্বং চ গচ্ছতি তস্মাদিদং  
সাম যেন কেনচিদাচার্য্যমুখেন যো জানীতে স তেনৈব  
শরীরেণ সংসারামুচাতে মোচয়তি মুমুকুর্ভবতি  
জপান্তেনৈব শরীরেণ দেবতাদর্শনং কুরোতি  
তস্মাদিদমেব মুখাং দ্বারং কলৌ নান্বেষাং ভবতি  
তস্মাদিদং সাক্ষং সাম জানীয়াৎ যো জানীতে সোহমৃত-  
ত্বং চ গচ্ছতি ।

ব্যাখ্যা । স্পষ্টার্থা ।

অনুবাদ । ক্ষীরোদসমুদ্রশায়ী, যোগি-  
গণের ধ্যানের বিষয়, পরম আশ্রয়কৃত নৃসিংহকে



সামরূপে ধ্যান করিবে। যিনি এরূপ জানেন, তিনি মুক্তিলাভ করেন। 'বীরং' এই প্রথমপাদোক্ত অক্ষর-দ্বয়ে আদ্যাক্ষরের অন্ত্য 'তংসং' এই দ্বিতীয় পাদের অন্ত্যাক্ষি; 'হংভৌ' এই তৃতীয় পাদের অন্ত্যাক্ষি, 'মৃত্যু' এই চতুর্থ পাদের অন্ত্যাক্ষিকে সাম বলিয়া জানিবে। যিনি জানেন, তিনি মুক্তিলাভ করেন। অতএব যিনি যে কোন আচার্য্যের মুখে শ্রবণ করেন, তিনি সেই শরীরেই সংসার হইতে মুক্তিলাভ করেন, অপরকেও মোচন করেন এবং যুমুকু হন। এই মন্ত্র জপের দ্বারা সেই শরীরে দেবতাদর্শন করেন। অতএব কলিতে সাক্ষ সামই দেবতা সাক্ষাৎকারের মুখ্য উপায় ; যিনি এই সাক্ষ সামের উপাসনা করেন, তিনি যুমুকু হন।

৬ । ঔ শ্বতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেশরি-  
 বিগ্রহং কৃষ্ণপিঙ্গলম্ । উর্দ্ধরেতং বিরূপাক্ষং  
 শকরং মীললোহিতম্ ॥ উমাপতিঃ পশুপতিঃ  
 পিনাকিনঃ হমিতহাতিম্ । ঈশানঃ সৰ্ববিদ্যা-  
 মামোখরঃ সৰ্বভূতানাং ব্রহ্মাধিপতিব্রহ্মণো-

অধিপতির্যো বৈ যজুর্বেদবাচাঙ্কং সাম জানীয়াদ্ যো জানীতে সোহমৃতঙ্কং চ গচ্ছতি মহা প্রথমাস্ত্যর্কিষ্টাঙ্কম্ বর্তো দ্বিতীয়াস্ত্যর্কিষ্টাঙ্কং ষণং তৃতীয়াস্ত্যর্কিষ্টাঙ্কং নমা চতুর্থাস্ত্যর্কিষ্টাঙ্কং সাম জানীয়াদ্ যো জানীতে সোহমৃতঙ্কং চ গচ্ছতি । তস্মাদিদং সাম সচ্চিদানন্দময়ং পরং ব্রহ্ম তমেবং বিদ্বানমৃত ইহ ভবতি । তস্মাদিদং সাম সাম জানীয়াদ্ যো জানীতে সোহমৃতঙ্কং চ গচ্ছতি ।

বাখ্যা । স্পষ্টাখ্যা ।

অনুবাদ । সুসিংহমূর্তি অবাধিত সত্য-  
স্বরূপ, পরব্রহ্ম, পুরুষ ; তিনি কৃষ্ণ ও পিঙ্গল-  
ত্ৰিনেত্র, নীললোহিত, উগাপতি, পিনাকধারী পশু-  
পতি অপরিমের কান্তি, শঙ্কররূপ । তিনি সর্ববিদ্যার  
প্রভু, সমস্ত ভূতের ঈশ্বর, তিনি তপস্যা ও হিরণ্য-  
গর্ভের অধিপতি, যজুর্বেদের বাচা, তাঁহাকে সাম-  
রূপে ধ্যান করিবে; ইহা যিনি জানেন, তিনি মুক্তি-  
লাভ করেন, 'মহা' প্রথমপাদের অস্ত্যর্কের আদ্য, 'বর্ত' দ্বিতীয় পাদের অস্ত্যর্কের আদ্য 'ষণঃ' তৃতীয়পাদেব অস্ত্যর্কের আদ্য ও 'নমা' চতুর্থপাদেব অস্ত্যর্কের

অঙ্গা সাম বলিয়া ধ্যান করিবে । যিনি এইরূপে  
জানেন, তিনি মুক্তিলাভ করেন । অতএব এই  
নৃসিংহ হইতেছেন সচ্চিদনন্দময় পরব্রহ্ম, তাঁহাকে এই-  
রূপে জানিয়া এই জন্মেই মুক্ত হন । যিনি এই নাম  
সাম জানেন, তিনি মুক্তিলাভ করেন ।

৭ । বিশ্বসৃজ এতেন বৈ বিশ্বমিদমসৃজন্ত  
বহির্ষমসৃজন্ত তস্মাদ্বিশ্বসৃজো বিশ্বমেনাননু প্রজায়তে  
ব্রহ্মণঃ সাযুজ্যং মলোকতাং যন্তি তস্মাদিদং সাক্ষং  
সাম জানীয়াৎ যো জানীতে সোহমৃতত্বং চ গচ্ছতি ।  
বিষ্ণুঃ প্রথমস্যান্ত্যঃ সৃথঃ দ্বিতীয়শ্রান্ত্যঃ ভদ্রঃ তৃতীয়-  
শ্রান্ত্যঃ মাহং চতুর্থশ্রান্ত্যঃ সাম জানীয়াৎ যো জানীতি  
সোহমৃতত্বং চ গচ্ছতি যোহসৌ বেদ যদিদং কিঞ্চিৎ  
ব্রহ্মণা গৃষ্টেভঃ জানীয়াৎ যো জানীতে সোহমৃতত্বং  
চ গচ্ছতি । স্ত্রীপুংসয়োর্বা ইহৈব স্বাত্মপেক্ষতে তস্মৈ  
নটৈশ্চর্যঃ দদাতি যত্র কুত্রাপি ত্রিমতে দেহান্তে দেবঃ  
পরং ব্রহ্ম তারকং বাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা  
সোহমৃতত্বং চ গচ্ছতি । তস্মাদিদং সামমধ্যগং জপতি  
তস্মাদিদং সামাকং প্রজাপতিতস্মাদিদং সামাকং

প্রজাপতির্ষ এবং বেদেতি মহোপনিষৎ । য এতৎ  
মহোপনিষদং বেদ স কৃতপূরশ্চরণো মহাবিকুর্ভবতি  
মহাবিকুর্ভবতি । ইত্যধর্ববেদাস্তর্গতমৃসিংহপূর্বতাপ-  
নীয়োপনিষদি প্রথমোপনিষৎ সমাপ্তা ।

ব্যাখ্যা। এতেন ( নৃসিংহব্রহ্মবিজ্ঞাপ্রতিপাদকমূলমন্ত্রাঙ্কি-  
ব্যাঙ্কেন সারা ) বৈ ( প্রসিদ্ধম্ ) । অমৃতং স্পষ্টম্ ।

**অনুবাদ ।** বিশ্বশ্রষ্টা নৃসিংহব্রহ্মবিদ্যা প্রতি-  
পাদক মূলমন্ত্রের অভিব্যঞ্জক সামের দ্বারা বিশ্বসৃষ্টি  
করিয়াছিলেন । তিনি বিশ্বকে সৃষ্টি করিয়াছিলেন  
বলিয়া বিশ্ব তাঁহার পরে উৎপন্ন হইয়াছে । যিনি ঠকা  
জানেন, তিনি ব্রহ্মের সহবাস ও সমানলোকত্ব প্রাপ্ত  
হন । অবশেষে তিনি মুক্তিলাভ করেন । ‘বিকুং’ এইটি  
প্রথম পাদের অস্ত্য, ‘মৃশং’ এইটি দ্বিতীয় পাদের  
অস্ত্য, ‘ভদ্রং’ এইটি তৃতীয় পাদের অস্ত্য, ‘মাহং’  
এইটিকে চতুর্থপাদের অস্ত্য সাম বলিয়া জানিবে,  
যিনি জানেন, তিনি মুক্তিলাভ করেন । প্রজাপতি  
এই বিদ্যার উপদেশ প্রদান করিয়াছিলেন, যিনি  
ব্রহ্মরূপ আত্মাতে অমৃত, প্ৰসন্নস্বকী সামোপাসনাক্র

জানেন, তিনি মোক্ষ প্রাপ্ত হন । প্রজাপতি স্ত্রী বা পুরুষ যাহাকে এই বিদ্যা উপদেশ দিয়াছিলেন, তিনি যদি এই সংসারে অবস্থান করিতে ইচ্ছা করেন, তবে এই বিদ্যা তাঁহাকে সকল ঐশ্বর্য্য দান করে । এই বিদ্যা যিনি জানেন, তিনি যেখানেই দেহ ত্যাগ করুন না কেন, নৃসিংহদেব তাঁহার দেহান্তে তাঁহাকে পরব্রহ্ম তারক-ব্রহ্মমন্ত্রের উপদেশ দান করেন, তিনি সেই মন্ত্রের দ্বারা মরণরহিত হইয়া মুক্তিলাভ করেন । যিনি সামমধাবর্তী তারকমন্ত্র জপ করেন, সেই সামান্য তারক-মন্ত্রের ঋষি প্রজাপতি, যিনি এইরূপ জানেন, যিনি এই মঠোপনিষৎ জানেন, তিনি পুরু-শরণ করিলেও মহাবিশু হন । দ্বিকৃষ্টি প্রথমো-পনিষদের সমাপ্তির নিমিত্ত । প্রথমোপনিষৎ সমাপ্ত ।

### দ্বিতীয়েয়োপনিষৎ ।

১ । দেবা হ বৈ মৃত্যোঃ পাপুভাঃ সংসারাচ্চাবিলী-  
মুস্তে প্রজাপতিমুপাধাবংস্তেভ্য এতং ব্রহ্মরাজং নারসিংহ-  
মামুঠুতং প্রায়চ্ছতেন বৈ সবে মৃত্যামজয়ন্ সবে

পাপ্যান মতরস্তুসংসারাচ্চাতরংস্তস্মাদ্ যো মৃত্যোঃ  
 পাপ্যভাঃ সংসারাচ্চ দ্বিতীয়্যাৎ স এতং মনুরাজং নার-  
 সিংহ মানুষ্টু ভং প্রতিগৃহীয়াৎ স মৃত্যুং জয়তি স পাপ্যনং  
 তরতি স সংসারং তরতি তস্মা ত বৈ প্রণবস্ত্র যা পূর্কী  
 মাত্রাপৃথিবাকারঃ স ঋগ্ভির্ঋগ্বেদো ব্রহ্মা বসবো গায়ত্রী  
 গার্হপত্যঃ সা সায়ঃ প্রথমঃ পাদো ভবতি দ্বিতীয়াস্ত-  
 রিষ্কঃ ম উকারঃ স যজুর্ভির্য়জুর্বেদো বিষ্ণু রুদ্রাস্ত্রিষ্টু ব  
 দক্ষিণাগ্নিঃ স সাম্নো দ্বিতীয়ঃ পাদো ভবতি তৃতীয়্যা  
 শ্বোঃ স মকারঃ স সামন্নিঃ সামবেদো রুদ্রা আদিত্যা  
 জগত্যাচবনীয়ঃ সা সাম্নস্তুতীয়ঃ পাদো ভবতি  
 যাবসানেহস্ত চতুর্থাঙ্কিমাত্রা সা সোমলোক ঙ্কারঃ  
 মোহথর্কনৈম তৈশ্বরথর্ববেদঃ সংবর্ত্তকোহগ্নিমকতো  
 বিরাদে কষির্ভাস্বতী সা সাম্নশ্চতুর্থঃ পাদো  
 ভবতি ।

ব্যাখ্যা। অবিতয়ুঃ (ভয়মগচ্ছন্) । স্পষ্টার্থী ।

অনুবাদ । দেবতারা মৃত্যু, পাপ, ও  
 সংসার হইতে ভীত হইয়াছিলেন । তাঁহারা প্রজা-  
 পতির নিকটে গমন করিয়া তাঁহাদের পূজা করিয়া-

ছিলেন । প্রজাপতি তাঁহাদিগকে এই অনুরূপ চন্দো-  
 যুক্ত নৃসিংহদেবতা মন্ত্রশ্রেষ্ঠ প্রদান করিয়া-  
 ছিলেন । তাঁহারা সেই মন্ত্রের দ্বারা মৃত্যুকে জয়  
 করিয়াছিলেন । তাঁহারা সকলই পাপসমূহ অতিক্রম  
 করিয়াছিলেন এবং সংসার-সাগর পার হইয়াছিলেন ।  
 যিনি মৃত্যু, পাপসমূহ ও সংসার হইতে ভীত হন;  
 তিনি মন্ত্রশ্রেষ্ঠ নারসিংহ অনুরূপ গ্রহণ করিবেন,  
 যিনি ঐ মন্ত্র গ্রহণ করেন, মৃত্যুকে জয় করেন,  
 পাপ ও সংসারকে অতিক্রম করেন । সেই প্রণবের  
 পূর্বা মাত্রা পৃথিবী, তাহা অকার, তাহা ঋকসমূহের  
 সহিত ঋগ্বেদরূপ । ব্রহ্মা, বায়ু, গায়ত্রী ও গার্হপত্য-  
 স্বরূপ ; সেই অকার সামের প্রথম পাদ । দ্বিতীয়া  
 মাত্রা অনুরিক, তাহা উকার, সেই উকার যজুঃসমূহের  
 সহিত যজুঃবেদরূপ ; বিষ্ণু, ক্রন্দ্র, ত্রিষ্টুপ্ ও দক্ষিণাঘি-  
 স্বরূপ , সেই উকার সামের দ্বিতীয় পাদ । প্রণবের  
 তৃতীয়া মাত্রা ছালোকস্বরূপ, তাহা হইতেছে মকার,  
 তাহা সামসমূহের সহিত সামবেদ, ক্রন্দ্র আদিতা, জগতী  
 ও আহবনীস্বরূপ ; সেই উকার সামের তৃতীয়

পাদ । অস্তে যে নাদরূপা চতুর্থী অর্ধমাত্রা, তাহা সোমগোকরূপ ঙ্কার, তাহা অথর্বমন্ত্রগণের সহিত অথর্ববেদ, সংবর্তক অগ্নি, মরুদ্গণ, বিরাট, ঋষি ও ভাস্বতী, তাহা সামের চতুর্থ পাদ ।

২ । অষ্টাক্ষরঃ প্রথমঃ পাদো ভবতাষ্টাক্ষরান্ধ্রয়ঃ পাদা ভবন্ত্যাবং দ্বাত্রিংশদক্ষরাণি সম্প্রসৃত্য দ্বাত্রিংশদক্ষরা বা অনুরূব্ ভবত্যানুষ্টুভা সর্কমিদং সৃষ্টমনুষ্টুভা সর্কমুপসংস্কৃতং তস্ম হি পঞ্চাঙ্গানি ভবন্তি চত্বারঃ পাদাশ্চত্বার্ষঙ্গানি ভবন্তি সপ্রণবং সর্কং পঞ্চমং ভবতি ওঁ হৃদয়ায় নমঃ ওঁ শিরসে স্বাহা ওঁ শিখায়ৈ বযট্ ওঁ কবচায় ওঁ অস্ত্রায় ফড়িত্ প্রথমং প্রথমেণ সংযুজ্যতে দ্বিতীয়ং দ্বিতায়েন তৃতীয়ং তৃতীয়েন চতুর্থং চতুর্থেণ পঞ্চমং পঞ্চমেণ ব্যতিষক্তা বা ইমে লোকঃ স্তথাহ্যতিষক্তান্ধ্রয়ানি ভবন্তি ওমিত্যেতদক্ষরমিদং সর্কং তস্মাৎ প্রত্যাক্ষরমুচ্যত ওঁকারো ভবতি অক্ষরাণাং ত্রাসমুপাদশস্তি ব্রহ্মবাদিনঃ ॥

ব্যাখ্যা । সপ্তাধা ।

অনুবাদ । প্রথম পাদে আটটি অক্ষর, আর



তিনটি পাদের প্রত্যেকটিতে আট আট অক্ষর ;  
এইরূপ মিলিয়া বত্রিশ অক্ষর হয় । অনুষ্টুপ্ছন্দে  
বত্রিশটি অক্ষর থাকে । প্রজাপতি অনুষ্টুভের দ্বারা  
এই সমস্ত সৃষ্টি করিয়াছেন, অনুষ্টুভে সমস্ত লয়  
প্রাপ্ত হয় । সেই সামের পাঁচটি অঙ্গ, চারিটি পাদ ও  
চারিটি অঙ্গ, প্রণবযুক্ত হইলে সমস্ত পঞ্চম হইয়া  
থাকে । 'ওঁ হৃদয়ায় নমঃ' এই মন্ত্রে হৃদয়ে ন্যাস করবে,  
এইরূপ 'ওঁ শিরসে স্বাহা,' 'ওঁ শিখাটায় বযট্,' 'ওঁ  
কবচায় হুম্,' 'ওঁ অস্ত্রায় ফট্' এই সকল মন্ত্রে তত্তৎ-  
স্থানে ন্যাস করিবে । প্রথম মন্ত্রের দ্বারা প্রথম অঙ্গ  
দ্বিতীয়ের দ্বারা দ্বিতীয়, তৃতীয়ের দ্বারা তৃতীয়, চতু-  
র্থের দ্বারা চতুর্থ ও পঞ্চমের দ্বারা পঞ্চম সংযুক্ত হইবে ।  
এই সমস্ত লোক পরস্পর সংযুক্ত । সমস্ত বস্তু ওঁকার-  
স্বরূপ, অতএব প্রত্যেক অক্ষরের উভয় পার্শ্বে ওঁকার  
বিদ্যমান আছে, ব্রহ্মবাদিগণ অক্ষরসমূহের এইরূপ  
ন্যাসের উপদেশ দিয়া থাকেন ।

৩ । তস্য হৃ না উগ্রং প্রথমং স্থানং জানীয়াৎ যো  
জানীতে সোহমৃত্যুং চ গচ্ছাত্ত বীরং দ্বিতীয়ং স্থানং

মহাবিশ্বঃ তৃতীয়ঃ স্থানঃ জলন্তুঃ চতুর্থঃ সর্বতো-  
 মুখঃ পঞ্চমঃ নৃসিংহঃ ষষ্ঠঃ ভৌষণং সপ্তমঃ  
 ভদ্রমষ্টমঃ যত্নায়ুত্বাং নবমঃ নমামি দশম-  
 মহামেকাদশং স্থানং জানীয়াদ্ যো জানীতে  
 সোহমৃতত্বং চ গচ্ছতি । একাদশপদা বা অনুষ্টুপ-  
 ভবত্বানুষ্টুভা সর্বমিদং সৃষ্টমমুষ্টুভা সর্বমিদমুপ-  
 সংহৃতং তস্মাৎ সর্বমামুষ্টুভং জানীয়াদ্ যো জানীতে  
 সোহমৃতত্বং চ গচ্ছতি ॥

বাখ্যা । স্পষ্টার্থা ।

অনুবাদ । নৃসিংহমস্তেৰ 'উগ্রাং' এইটী  
 প্রথম পদ, যিনি জানেন, তিনি মুক্তিলাভ করেন ।  
 'বীরং' এইটী দ্বিতীয় পদ, 'মহাবিশ্বঃ'—তৃতীয়পদ,  
 'জলন্তুঃ'—চতুর্থপদ, সর্বতোমুখঃ—পঞ্চমপদ, 'নৃসিংহঃ'  
 —ষষ্ঠপদ, 'ভৌষণং'—সপ্তমপদ, 'ভদ্রং'—অষ্টম পদ,  
 'যত্নায়ুত্বাং'—নবম পদ, 'নমামি'—দশম পদ, 'অহম্'—  
 একাদশ পদ, ইহা যিনি জানেন, তিনি মুক্তিলাভ  
 করেন । নারসিংহ মন্ত্ররাজকে একাদশ পদ অনুষ্টুপ-  
 ভাবিয়া উপাসনা করিবে, অনুষ্টুভের দ্বারা সমস্ত সৃষ্ট

চঠেযাছে, অনুষ্টুভে সমস্ত লীন হয়, অতএব সমস্ত  
বস্তু অনুষ্টুভ্ হইতে উৎপন্ন জানিবে । এইরূপ  
ধিনি জানেন, তিনি মুক্তিলাভ করেন ।

৪ । দেবা হ বৈ প্রজাপতিমক্রবন্নথ কস্মাদ্ভ্যাত  
উগ্রমিত্তি স হোবাচ প্রজাপতির্যস্মাৎ স্বমহিমা সর্বাংলো-  
কান্ সর্বাণ দেবান্ সর্বাণাত্মনঃ সর্বাণি ভূতান্যাদৃগৃহা-  
তাজস্রং সৃজ'ত বিসৃজতি বাসয়ত্যাদ্গ্ৰাহত উদ্গৃহতে ।  
স্মৃষ্টি শ্রুতং গর্ত্তসদং যুবানং যুগং ন ভৌমমুপহন্তুমুগ্রম্ ।  
মৃড়া জরিত্রে সিংহ স্তবানো অন্যং তে অস্মন্নিবপন্ত  
সেনাঃ তস্মাদ্ভ্যাত উগ্রমিত্তি ॥ অথ কস্মাদ্ভ্য-  
চ্যতে বীরমিত্তি যস্মাৎ স্বমহিমা সর্বাংলোকান্  
সর্বাণ দেবান্ সর্বাণাত্মনঃ সর্বাণি ভূতানি বিস্র-  
মিত্তি বিরাময়ত্যাজস্রং সৃজতি বিসৃজতি বাসয়তি ।  
যতো বীরঃ কৰ্মণাঃ সূদক্ষো যুক্তগ্ৰাণা জারতে  
দেবকামস্তস্মাদ্ভ্যাতে বীরমিত্তি । অথ কস্মা-  
দ্ভ্যাতে মহাবিকুমিত্তি যস্মাৎ স্বমহিমা সর্বাংলোকান্  
সর্বাণ দেবান্ সর্বাণাত্মনঃ সর্বাণি ভূতানি ব্যাপ্নোতি  
ব্যাপয়তি মেহো যথা পললপিণ্ডং শাস্ত-

মূলমোতং শ্রোতমমুখ্যাপ্তং ব্যতিষক্কা বাপাতে  
 ব্যাপয়তে । যস্মান্ জাতঃ পরোহাশ্রাহস্তি য আদিত্যে  
 ভুবনানি বিশ্বা । প্রজাপতিঃ প্রজয়া সংবিদানঃ ত্রীণি  
 ক্রোতীঃসি সচতে স ষাড়শীতি তস্মাদ্ভূচাতে মহাবিস্ফু-  
 মিতি ॥ অথ কস্মাদ্ভূচাতে জলন্তুমিতি । যস্মাৎ স্বমহিম্না  
 সর্বলোকান্ সর্বান্ দেবান্ সর্বানাঅনঃ সর্বাণি স্ব-  
 তেজসা জলতি জালয়তি জালাতে জালয়তে সবিতা  
 প্রসবিতা দীপ্তো দীপয়ন্ দীপ্যমানঃ । জলং জলিতা  
 তপনং বিতপনং সন্তপনং যোচনো যোচমানঃ শোভনঃ  
 কস্মাশোভমানঃ কল্যাণস্তস্মাদ্ভূচাতে জলন্তুমিতি ॥ অথ  
 ভূচাতে সর্বতোমুখমিতি যস্মাৎ স্বমহিম্না সর্বা-  
 লোকান্ সর্বান্ দেবান্ সর্বানাঅনঃ সর্বাণি ভূতানি  
 স্বয়ম্ অনিন্দ্রিয়োহপি সর্বতঃ পশ্যতি সর্বতঃ শৃণোতি  
 সর্বতো গচ্ছতি সর্বত আদতে সর্বগঃ সর্বতস্তিষ্ঠতি  
 একঃ পুরস্তাদ্ য ইদং বভূব যতো বভূব ভুবনশ্চ যোপাঃ  
 যষপ্যতি ভুবনং সাঙ্গপরায়ে নমামি তমহং সর্বতো-  
 মুখমিতি তস্মাদ্ভূচাতে সর্বতোমুখমিতি ॥ অথ কস্মা-  
 ভূচাতে নৃসিংহমিতি যস্মাৎ সর্বেষাং ভূতানাং না বীর্ষা-

तमः श्रेष्ठतमश्च सिंहो वीर्यातमः श्रेष्ठतमश्च तन्मान्  
नृसिंह आसीत् परमेश्वरो अगङ्गितं वा एतद्गणम-  
करं भवति । प्र तद्विष्णुस्तवते वीर्याय मृगो नभौमः  
कूचरो गिरिष्ठाः । यश्चाक्रुत् त्रिभु विक्रमनेषधि'क्क-  
ङ्गिष्ठ भुवनानि विश्वा तस्माद्भ्याते नृसिंहमिति ॥ अथ  
कस्माद्भ्याते भौषणमिति । यस्माद् यश्च रूपं दृष्ट्वा  
सर्वे लोकाः सर्वे देवाः सर्वाणि भूतानि भौत्या  
पलायन्ते स्वयं यतः कूर्ताश्च न विभेति । भौषास्मा-  
द्भ्यातः पवते भौषोदेति सूर्याः भौषास्मादग्निश्चेन्द्रश्च  
मृत्युर्धावति पञ्चम । तस्माद्भ्याते भौषणमिति ॥  
अथ कस्माद्भ्याते भद्रमिति यस्मात् स्वयं भद्रो भूया  
सर्वदा भद्रं ददाति रोचनो रोचमानः शोभनः  
शोभमानः कल्याणः । भद्रं कर्णेभिः शृणुयान् देवा  
भद्रं पश्यान्नाङ्गुलिभिर्यजत्राः । शिरैरङ्गैस्तृष्टुवात्स-  
स्तुतिर्व्यशेम देवहितं यदायुः । तस्माद्भ्याते भद्र-  
मिति ॥ अथ कस्माद्भ्याते मृत्युमृत्युमिति । यस्मात्  
स्वमहिम्ना स्वतन्त्रानां स्वत एव मृत्युमपमृत्यां च मार-  
यति । य आश्वादा बलदा वस्तु विष्य उपामते प्रशिक्षं

যশ্চ দেবাঃ । যশ্চ চ্ছাস্মানুতং যো মৃত্যুমৃত্যুঃ কশ্চৈশ্চ  
 দেবার হবিষা বিধেম তস্মাদ্ভ্যচ্যতে মৃত্যুমৃত্যামিতি ॥  
 অথ কস্মাদ্ভ্যচ্যতে ননামীতি । যস্মাদ্ যং সর্বে দেব  
 নমন্তি মুমুক্শবো ব্রহ্মবাদিনশ্চ ঐ নুং ব্রহ্মণস্পতিমব্রুং  
 বদতু্যকথাম্ । যস্মিন্নিদ্রো বক্রণো মিত্রো অর্ষমা দেবা  
 ওকাংসি চাক্রেরে । তস্মাদ্ভ্যচ্যতে ননামীতি ॥ অথ কস্মা-  
 ভ্যচ্যতেহমিতি । অহমস্মি প্রথমজা ঋতাওশ্চ পূর্বং  
 দেবেভো অমৃ ওশ্চ নাওভাসি । যো মা দদাতি স ই-  
 দেব মাওবাঃ অহমন্নন্নদন্তুনাওদ্য । অহং বিশ্বং ভুবন  
 মভ্যভবাওম্ সুবনজ্যোতিঃ । য এবং বেদেভ্যাপনিষৎ ।

ইত্যাথবর্ণীয়ে নৃসিংপূর্বতাপনীয়োপনিষদি  
 দ্বিতীয়োপনিষৎ সমাপ্তা ।

বাখ্যা । ইতি ( ইতিশব্দঃ ) অহমস্মাপ্তিদোতকঃ ) ।  
 অহমস্ম ( অনবরতম্ ) । উদগৃহ্নাতি ( অনুগৃহ্নাতি ) । বিশ্ব-  
 জতি ( উপসংহরতি ) । বিবাসয়তি ( স্থাপয়তি ) । উদগ্ৰাহতে  
 ( উদগ্ৰাহয়তি ) । উদগৃহ্নতে ( অনুগৃহ্নাতি ) । স্তুহি ( স্তুতীহি ) ।  
 গর্ভসদং ( গর্ভে মহাচক্রে সীদতি ইতি তম্ ) । মৃগং ( সিংহ-  
 রূপম্ ), নভীমম্ ( অন্তরক্ষরম্ ), উপহন্তম্ ( অনুগ্রহার্থং সর্বজ্ঞো-  
 দগমবনশীলম্ ) । উগ্রম্ ( বাহিঃপদম্ সিংহশ্বাহরণম্ ) । কৃষ্ণ

। युद्ध, सुखम् ), जरित्ते ( श्लोकार्थे ), सुवानः ( सुमानः ) ।  
 नपत्तु ( विनाशयत्तु ) । अन्हिमा ( अतृणशुभा गायमा ) ।  
 विरमति ( विशेषेण क्रोडति ), विरामयति ( विशेषेण क्रोडयति ),  
 कर्मणाः ( तद्भवतरुणरूपकर्मणीलोपासकानुग्रहे ) । सुदक्षः  
 ( पूजितवल्, पूजितो वा ) । युक्तग्राम ( युक्ता ग्रावाभिः,  
 सोमेहध्वर्यादिरूपः ) । आविवेश ( अविष्टः ), संविदानः  
 ( जानन् ) । त्रीणि ज्योतींषि ( गार्हपत्यादीन् ), सत्ते  
 ( सेवते ) । षोडशी ( कक्षा ), अपोति ( लयं गच्छति ) ।  
 साम्पराये ( प्रलये ) । प्रसुवते ( सुतिः प्राप्नोति ), न  
 शीमः ( न भयङ्करः ) । कुचरः ( कुत्रायं न चरति, सर्वदेव-  
 विग्रहेषु लीनया स्वयं विचरति, सर्वदेवलीलाविग्रहधारी  
 इत्यर्थः ) । गिरिष्ठाः ( गिरिः पर्वतस्तु इत्यर्थः, इत्यर्थः,  
 अथवा गिरिषु बाग्नरूपान् सुतिषु यद् यद् रूपम् अभिनयन् श्लोका  
 कामरते तद्वपुः गिरिषु स्थापयतीति ) । उरुषु ( महत्सु ) ।  
 विक्रमणेषु ( विग्रहेषु, विविधः क्रमणः तेषु ब्रह्मविक्रमहेतुराद्य-  
 केषु ) । अधि ( उपरिष्ठागे ), क्रियन्ति ( निवसन्ति ), कर्णैः  
 ( कर्णैः ), शृणुयामः ( शृणुमः ), अक्षुभिः ( चक्षुभिः ), यज्ञत्राः  
 यजनशीलाः ), तुष्टुवाङ्मः ( सुतिः कुवाणाः ), व्यपेय  
 प्राप्नुयाम ) । अशिवः ( अकर्षेण शिष्यते ), ब्रह्मणस्पतिः  
 ( ब्रह्मणः साकारस्य निराकारस्य चोपदेशद्वारा पाता ) उक्थः  
 ( अशुभः ) । उक्थानि ( हानानि ), नात्तारि ( नात्तारम् ) ।

ইদেব (উৎসেব), মাৎসাঃ (বক্ষিত্বান্), অভ্যস্ত্বাম্  
(অভিভ্বামি)।। স্বৰ্ণজ্যোতিঃ (স্বৰ্ণজ্যোতিরিব) ।

অনুবাদ ।—দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা  
করিয়াছিলেন,—ভগবান্ নৃসিংহদেবকে ‘উগ্র’ বলা  
কেন হয় ? প্রজাপতি বলিলেন,—যেহেতু তিনি  
স্বতন্ত্র মায়াশক্তির দ্বারা সমস্ত লোক, সমস্ত দেবতা,  
সমস্ত আত্মা ও সমস্ত ভূতের প্রতি সৰ্বদা অনুগ্রহ  
করেন, তাহাদের সৃষ্টি করেন, লয় করেন, স্থাপন  
করেন, অনুগ্রহ করান ও করেন, অতএব শাস্ত্রে  
অবগত, মহাচক্রে অবস্থিত, সুবা, সিংহরূপ, অভয়কর,  
ভক্তগণের প্রতি অনুগ্রহবিতরণের নিমিত্ত সৰ্বত্র  
গমনশীল, স্বাক্ষিংশনু সিংহবাহুরূপ নৃসিংহদেবের স্তুতি  
কর । হে সিংহ ! তুমি স্তুত হইয়া স্তোত্রকর্তাকে  
শুখী কর, তোমার সেনাসমূহ অস্ত্রের বিনাশসাধন  
করুন, অতএব ‘উগ্র’ বলা হইয়া থাকে । ‘বীর’ বলা  
হয় কেন ? যেহেতু স্বশক্তি মায়ার দ্বারা সমস্ত লোক,  
সমস্ত দেব, সমস্ত আত্মা, সমস্ত প্রাণীতে নানাতাবে  
ক্রীড়া করেন ও ক্রীড়া করান এবং সৰ্বদা সৃষ্টি, স্থিতি



ও লয় করেন । যেহেতু তিনি বিবিধ অবতাররূপে গমনশীল, উপাসকগণের অনুগ্রহকন্মে কুশল, পূজিত, সোমবাগে আধ্বার্য্যরূপ, দেবকাম হইয়া প্রকাশিত হন, অতএব তাঁহাকে 'বীর' বলা হয় । তাঁহাকে 'মহাবিষ্ণু' কেন বলা হয় ? প্রজাপতি বলিলেন, তৈলাদি স্নেহদ্রব্য যেন পললপিণ্ডে ( পললরাশিতে ) ওতপ্রোতভাবে সংস্কৃত হইয়া ব্যাপ্ত হয় এবং ব্যাপ্ত করায়, সেইরূপ তিনি সমস্ত লোকে ওতপ্রোতভাবে ব্যাপিয়া থাকেন । যেহেতু তাঁহা অপেক্ষা উৎকৃষ্ট কোন বস্তু উৎপন্ন হয় নাই, যিনি সমস্ত ভুবনে প্রবিষ্ট আছেন । প্রজাপতি প্রজার সহিত তাঁহাকে জানিয়া গার্হপত্যাদি তিনটা অগ্নির সেবা করেন । যিনি ষোড়শীকলা অর্থাৎ নিরাকার ব্রহ্ম-স্বরূপ অতএব তাঁহাকে 'মহাবিষ্ণু' বলা হইয়া থাকে । দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা করিলেন, 'অলস্তং' বলা হয় কেন ? প্রজাপতি বলিলেন,—তিনি স্বীয় মহিমার দ্বারা সমস্ত লোক, সমস্ত দেবতা, সমস্ত আত্মা ও সমস্ত প্রাণীতে স্বীয় তেজোরূপে প্রকাশ

পান, প্রকাশিত করেন, প্রকাশিত হন। যিনি সূর্য্যমণ্ডলের স্তায় গোলাকারে অবস্থিত, যিনি প্রসবিতা, যিনি প্রকাশমান ও সকলকে প্রকাশিত করিয়া দীপ্যমান। যিনি প্রকাশের দ্বারা অজ্ঞান নাশ করিয়া উজ্জ্বল, যিনি অজ্ঞানের সন্তাপ নাশকরত শান্ত ; যিনি স্বেচ্ছামত কার্য্য করেন, যিনি শুভ, প্রকাশমান ও কল্যাণপ্রদ, অতএব তাঁহাকে 'জল-স্তুম্' বলা হয়। দেবগণ বলিলেন,—তাঁহাকে কেন 'সর্বতোমুখ' বলা হয় ? প্রজাপতি প্রত্যুত্তর দিলেন—যেহেতু তিনি জ্ঞানকর্মে শ্রীরের অতীত হইলেও সমস্ত দেখেন, সমস্ত বিষয় শ্রবণ করেন, সকল দিকে গমন করেন, সমস্ত বস্তু গ্রহণ করেন, সর্বগ ও সকল দিকে অবস্থিত আছেন। অদ্বিতীয় ব্রহ্ম পূর্বে নৃসিংহ অবতার হইয়াছিলেন, তাঁহা হইতে সমস্ত জগৎ উৎপন্ন হইয়াছে, তিনি ভুবনের রক্ষিতা, প্রলয়কালে তাঁহাতে সমস্ত জগৎ লীন হয়, সেই সর্বতোমুখ নৃসিংহকে নমস্কার করি ; অতএব তাঁহাকে 'সর্বতোমুখ' বলা হয়। দেবতারা জিজ্ঞাসা করিলেন,—

কেন তাঁহাকে 'নৃসিংহ' বলা হয় ? যেহেতু মনুষ্য সমস্ত প্রাণীর মধ্যে বীৰ্য্যতম ও শ্রেষ্ঠতম এবং সিংহ বীৰ্য্যতম ও শ্রেষ্ঠতম ; অতএব নৃসিংহ পরমেশ্বররূপই ছিলেন, নৃসিংহই পরমেশ্বর, তিনি জগতের আনষ্ট দূর করিয়া জগদ্ধিতকারী, চিত্রপ, এবং আবির্নাশী । বিষ্ণুরূপী সিংহ স্তুতি প্রাপ্ত হন, স্তুতিমন্ত্রসমূহের দ্বারা তাঁহার বীৰ্য্যের উদ্দেশে নমস্কার । তিনি সিংহরূপধারী, অভয়দাতা, সমস্ত দেবমূর্তিতে বিচরণশীল, গিরিস্থিত । যাঁহার ব্রহ্মা, বিষ্ণু ও শিবরূপ তিনটি মূর্তিতে এবং বহু লীলাবিগ্রহে সমস্ত জগৎ অবস্থান করিতেছে । তজ্জন্তু তাঁহাকে 'নৃসিংহ' বলা হয় । দেবগণ জিজ্ঞাসা করিলেন,—তাঁহাকে 'ভীষণ' বলা হয় কেন ? প্রজাপতি বলিলেন,—যাঁহার রূপ দর্শন করিয়া সমস্ত লোক, সমস্ত দেবতা ও সমস্ত প্রাণী ভয়ে পলায়ন করে, তিনি নিজে কোথা হইতেও ভীত হন না । যাঁহার ভয়ে বায়ু প্রবহনশীল, সূর্য্য উদ্ভিত হন, যাঁহার ভয়ে অগ্নি, ইন্দ্র এমন কি পঞ্চম বৃক্যপঞ্চম স্বর্গ কার্যে ধাবিত হন, অতএব

তাঁহাকে 'ভীষণ' বলা চাইয়া পাঠে । দেবতার  
 জিজ্ঞাসা করিলেন,— তাঁহাকে 'ভদ্র' বলা হয় কেন ?  
 প্রজাপতি বলিলেন,—যেহেতু তিনি স্বয়ং মাতুলিক  
 হইয়া সর্বদা ভক্তগণের মঙ্গল বিধান করেন, দাণ্ডি-  
 শালী হইয়া প্রকাশ পান, শোভাবুক্ত হইয়া বিরাজ  
 করেন এবং কলাপপ্রদ । আমরা দেবতা হইয়া  
 কলাগকর বিষয় শ্রীণ করি এবং যজনশীল হইয়া  
 চক্ষুর দ্বারা কলাগকরক বস্তুর দর্শন করি,  
 হৃদয়াদি অঙ্গ এবং সামান্য ওঁকার, সাবিত্রী, যজু-  
 লক্ষ্মী, নৃসিংগায়ত্রীরূপ তনুমন্ত্রসমূহের দ্বারা স্তুতি করি  
 রোগশূন্য হইয়া ইচ্ছলোক পরলোকে সুখভোগকর  
 দেবহিতকর আয়ুঃ প্রাপ্ত হইব । অতএব তাঁহাকে  
 'ভদ্র' বলা হয় । দেবতার জিজ্ঞাসা করিলেন,—  
 কেন তাঁহাকে 'মৃত্যুমৃত্যু' বলা হইয়া থাকে  
 যেহেতু তিনি স্বকীয় মায়াক্রিয়ের দ্বারা স্বকীয় ভক্ত  
 গণের স্মৃতিপথে উদ্ভিত হইয়া মৃত্যু ও অপমৃত্যু  
 বিনাশ-সাধন করেন, যিনি দ্বাত্রিংশৎবাহে স্বয়ং  
 প্রদান করেন, যিনি উপাসকগণের শক্তিদাতা,

## মুসিংহপূর্বতাপনীয়োপনিষৎ ।

৩৩

সমস্ত দেবতা যাহার ষাত্রিশংবাহের উপাসনা করেন, যাহার ছায়ারূপ গৃহ অমৃতস্বরূপ মহাচক্র, যিনি মৃত্যুরও মৃত্যু, সেই প্রজাপতিবাহুরূপ দেবতার ইন্দ্রেশে হাবঃ প্রদান করিয়া তাঁহার পরিচর্যা করি। অতএব তাঁহাকে 'মৃত্যুমৃত্যুঃ' বলা হইয়া থাকে। দেবগণ বলিলেন,—কেন 'নমামি' বলা হয়? প্রজাপতি প্রত্যাহার দিলেন,—যেহেতু সমস্ত দেবতা, মুমুক্শু ও ব্রহ্মবাদিগণ যাহাকে নমস্কার করেন, যিনি উপদেশদ্বারা ব্রহ্মের সাকার ও নিরাকাররূপের পালয়িতা, যিনি নিশ্চয়রূপে প্রশস্ত মন্ত্র উচ্চারণ করেন, যাহাতে ইন্দ্র, বরুণ, যিহ্ন, অর্যামা এবং স্ত্রী দেবতারা উপাসনার নিমিত্ত বাস করিয়াছেন, সেই হেতু তাঁহাকে 'নমামি' বলা হইয়া থাকে। দেবগণ জিজ্ঞাসা করিলেন, 'অহম্' বলা হয় কেন? প্রজাপতি বলিলেন,—আমি পূর্বেই উপাস্ত, পূর্বেই উপাসনা হইতে প্রথম উপাস্ত, আমি সত্যরূপে প্রতীক্ষমান মৃত্ত ও অমৃতরূপ জগতের পূর্বে ছিলাম, আমি দেবগণকে অমৃত দিরাছিলাম।

যিনি আমাকে ধারণ করেন, তিনি এইরূপে আমাকে  
রক্ষা করেন । আনি অন্ন, আমি অন্ন, আমি অন্ন-  
দাতার সংসারনাশক, আমি সূর্য্যতেজের জ্বায় সমস্ত  
জগতের অভিভবকারী । যে উপাসক এষ্টরূপে  
উপাসনা করেন, এই হইতেছে তাঁহার উপনিষৎ ।

দ্বিতীয়োপনিষৎ সমাপ্ত ।

তৃত্যোপনিষৎ সমাপ্ত ।

দেবা ই বৈ প্রজাপতির্ভগবন্তেঃ স্ত্রীং মহত্বেনৈশ্চ নার  
সিংহস্য শক্তিঃ বীজং নারীং বীজং ভগবৎ ইতি স হোবাচ  
প্রজাপতির্মায়ী বা এতং নারীং হী সর্বমিদং সৃষ্টি  
সর্বমিদং রক্ষতি সর্বং বদং সাত্ত্বং তি তস্মায়াম্মাতাং  
শক্তিং বিদ্ভাদ্ য এতং সাত্ত্বং শক্তিং বেদং স পাপ্যানং  
তরতি স মৃত্যুং তরতি স সংসারং তরতি সোহমৃত্যুং চ  
গচ্ছতি মহতীঃ শ্রিয়মশ্রুতে মীমাংসন্তে ব্রহ্মবাদিনো  
হুস্বা দীর্ঘা প্লুতা চেতি ॥ যদি হুস্বা ভবতি সর্বং  
পাপ্যানং মহতামৃত্যুং চ গচ্ছতি যদি দীর্ঘা ভবতি  
মহতীঃ শ্রিয়নাপ্নোত্যমৃত্যুং চ গচ্ছতি যদি প্লুতা

भवति ज्ञानवान् भवत्यायुतत्र च गच्छति । तदेतद्वि-  
 षोक्तं निदर्शनं—स ईः पाहि य ऋजौषी तक्रतः श्रियं  
 लक्ष्मीमोपलामश्रिकाः गां वष्ठीं च यामिन्द्रसेनेभ्युत  
 आहः तां विद्यां ब्रह्मयोनिं सरूपामिहायुषे शरणं  
 प्रापते । सर्वेषां वा एतद्भूतानामाकाशः परायणं  
 सर्वाणि ह वा इमानि भूतान्याकाशादेव जायन्ते ।  
 आकाशादेव ज्ञानानि जीवन्त्याकाशं प्रयस्यति-  
 संविशति तस्यादाकाशं बीजं विद्यात्तदेव जायन्तदेत-  
 द्द्विषोक्तं निदर्शनं—हँसः शुचिषद्वसुरसुरिष्कसद्कोता-  
 वेदिषदतिथिर्ब्रह्मसं ॥ नृशरसद् तसद्ब्रह्मसदञ्जा  
 गोज्जा श्रुतञ्जा अद्रिञ्जा श्रुतं ब्रह्म ॥ य एवं वेदोति  
 महोपनिषत् ॥ इत्याथर्ववेदास्तुर्गतनृसिंहतापनीयोप-  
 निषदि तृतीयोपनिषत् समाप्ता ।

व्याख्या । शीमांसस्य ( विचारयति ) । निदर्शनम् ( उदा-  
 हरणम् ), स ईम् ( सकारश्च ईक सईम्—उत्सङ्घोधने, हे स ईम्  
 हे सविन्दुकम्बर ! ) । ऋजौषी ( ऋजुत्ववेच्छुः ), तक्रतः  
 ( त्ररगशीलः ) । पाः ( पालितवान् ), हि ( निश्चितम् ),  
 श्रियम् ( विकुशक्तिम् ) । लक्ष्मीम् ( नृसिंहशक्तिम् ), उपलाम्  
 श्रिकाम् । ( गौरीं नहश्चरशक्तिम् ) । गान् ( नहश्चतीं रक्त-

শক্তিঃ ), বীজীঃ ( স্কন্দশক্তিঃ ), ইন্দ্রসেনা ( ইন্দ্রাণী ) । বিদ্যাঃ ( ঈশ্বরশক্তিঃ ), আয়ুষে ( আয়ুবর্ধনায় ) ।

**অনুবাদ ।** দেবগণ প্রজাপতিকে বলিলেন,—  
 ভগবন্ ! নৃসিংহের অক্ষুণ্ণভ্রমরাজের শক্তি ও  
 বীজ আশাদিগকে বলুন । প্রজাপতি বলিলেন,—  
 এই নৃসিংহের মায়ামুক্তি সমস্ত জগতের সৃষ্টি, স্থিতি  
 ও লয় করিয়া থাকেন, সুতরাং মায়াকে নৃসিংহদেবের  
 শক্তি বলিয়া জানিবে । যিনি নৃসিংহের এই মায়ামুক্তির  
 উপাসনা করেন, তিনি পাপ, সংসার ও  
 মৃত্যুকে অতিক্রম করেন, তিনি মুক্তিলাভ করেন,  
 মহতী শ্রী প্রাপ্ত হন । ব্রহ্মবাদিগণ মায়ামুক্তিকে হ্রস্ব,  
 দীর্ঘ ও প্লুত, এই তিন ভাবে নামাংসা করিয়া থাকেন ।  
 যদি হ্রস্ব হয়, তবে উপাসক সমস্ত পাপকে দগ্ধ করেন  
 এবং মুক্তিলাভ করেন ; যদি দীর্ঘ হয়, তাহা হইলে  
 মহতী শ্রীকে প্রাপ্ত হন এবং মুক্তিলাভ করেন । যদি  
 প্লুত হয়, তাহা হইলে জ্ঞানবান্ হইয়া মুক্তিলাভ  
 করেন । এ বিষয়ে ঋষিরা যে উপাসনাদি দিয়াছেন,  
 তাহা এইরূপ,—যিনি সর্বলভাবেচ্ছুক, তরণশীল,



তিনি শক্তি—অর্থাৎ সর্বিন্দুকেশ্বর বিষ্ণুশক্তি স্ত্রী, নৃসিংহশক্তি লক্ষ্মী, মহেশ্বরশক্তি পার্বতী আশ্বকা, রক্ষশক্তি সরস্বতী, স্কন্দশক্তি যতীকে রক্ষা করিয়া ছিলেন। পণ্ডিতগণ যাহাকে ইন্দ্রসেনা বলিয়া থাকেন, সেও ইন্দ্রশক্তি ইন্দ্রাণী, ঈশ্বরশক্তি বিদ্যাও ব্রহ্মপ্রাপ্তির তেজুভূত থাকায় তত্ত্বশক্তিকে সর্বিন্দুকেশ্বরে আয়ুঃ-প্রাপ্তির নিমিত্ত শরণ লইতেছি, আকাশশব্দবাচ্য 'হ'কাররূপ বাজ সমস্ত প্রাণীর আশ্রয়, সমস্ত ভূত আকাশ হইতে উৎপন্ন হইয়া থাকে, আকাশ হইতে উৎপন্ন হইয়া জীবন ধারণ করে এবং প্রলয়ে তাহাতে আবার লয় প্রাপ্ত হয়। অতএব আকাশ অর্থাৎ 'হ'কারকে বাজ বলিয়া জানিবে, ইহার উদাহরণ ঋষিকর্তৃক অভিহিত হইয়াছে। তাহা এই,—পরমাত্মা মূল কারণ, বুদ্ধিহু; তিনি আবার দেবতা হইয়া অন্তরিক্ষে, হোতা হইয়া বেদিতে অবস্থান করেন, অতিথি হইয়া গৃহে থাকেন, সকল জীবে বিদ্যমান আছেন, উৎকৃষ্ট স্থানে অবস্থান করেন। তিনি সত্যে অনাহিত, স্বদয়াকাশে বিদ্যানান্,

ক্ষীরোদ সমুদ্রে ও গো হইতে জাত, সত্যো এবং মেঘে  
উৎপন্ন ; তিনি সত্য ও বৃহৎ । যিনি এইরূপ উপাসনা  
করেন, ইহাই তাঁহার মহোপনিষৎ ।

তৃতীয়োপনিষৎ সমাপ্ত ।

চতুর্থোপনিষৎ ।

১ । দেবা চ বৈ প্রজাপতিমক্রবন্নানুষ্ঠুভশ্চ মন্ত্র-  
রাজশ্চ নারসিংহস্তান্ধমন্ত্রানো ক্রহি ভগব ইতি । স  
হোবাচ প্রজাপতিঃ ঐগং সাবিত্রীং যজুর্লক্ষ্মীং  
নৃসিংহারত্রীর্মিত্যনানি জানীয়াৎ যো জানীতে সোহ-  
মৃতত্বং চ গচ্ছতি ।

ব্যাখ্যা । সপ্তার্থা ।

অনুবাদ । দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা  
করিলেন,—ভগবন্ ! অনুষ্ঠুপ্ছন্দঃসম্বিত নর-  
সিংহমন্ত্ররাজের অন্ধমন্ত্রসকল আমাদিগকে বলুন ।  
প্রজাপাত প্রত্যুত্তর দিলেন,—ওঁকার, গায়ত্রী, যজু-  
র্বেদ, লক্ষ্মীবীজ ও নৃসিংহারত্রী এই পাঁচটাকে

## নৃসিংহপূর্বতাপনীয়োপনিষৎ ।

৩৯

নৃসিংহমন্ত্ৰের অঙ্গ মন্ত্র জানিবে । যিনি ইহা জানেন,  
তিনি মুক্তিলাভ করেন ।

ঔমিত্যোত্তমকরমিহং সৰ্বং তস্মোপব্যাখ্যানং  
ভূতং ভবন্তুবিষাদিত্তি সৰ্বমোংকার এব যচ্চান্ধ্রি-  
কালাতীতং তদপ্যোংকার এব সৰ্বং হেতুদ্ ব্রহ্মায়মাআ  
ব্রহ্ম সোহয়মাআ চতুপ্পাজ্জাগরিতস্থানো বহিঃপ্রজ্ঞঃ  
সপ্তাঙ্গ একোনবিংশতিমুখঃ স্থূলভূতৈশ্বানরঃ প্রথমঃ  
পাদঃ । স্বপ্নস্থানোহমৃঃপ্রজ্ঞঃ সপ্তাঙ্গ একোনবিংশতি-  
মুখঃ প্রবিবিক্তভুক্ তৈজসো দ্বিতীয়ঃ পাদঃ । যত্র  
স্থপ্তো ন কঞ্চন কামং কাময়তে ন কঞ্চন স্বপ্নং  
পশ্যতি তৎস্থযুপ্তং স্থযুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন  
এবানন্দময়ো স্থানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞতৃতীয়ঃ  
পাদঃ । এষ সৰ্বেশ্বর এষ সৰ্বজ্ঞ এষোহন্তর্যামোষ  
যোনিঃ সৰ্বশ্চ প্রভবাপ্যয়ৌ হি ভূতানাং নাস্তুঃপ্রজ্ঞঃ  
ন বহিঃপ্রজ্ঞঃ নোভরতঃপ্রজ্ঞঃ ন প্রজ্ঞং নাপ্রজ্ঞং ন  
প্রজ্ঞানঘনমদৃষ্টমব্যবহার্যমগ্রাহমলক্ষণমলিঙ্গ-চিহ্ন্যমব্য-  
পদেশ্যমেকাগ্র্যপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শাস্তুঃ  
শিবমধৈতং চতুর্থং মন্ত্ৰস্তে স আআ স বিজ্ঞেয়ঃ ॥

অনুলাদ। এই সমস্ত বস্তু ঔকাররূপ, অতীত, বর্তমান ও ভবিষ্যৎ এই তিনটি কালের দ্বারা পরিচ্ছিন্ন বস্তুসমূহ ও ঔকারের উপব্যাখ্যান অর্থাৎ ব্রহ্মপ্রাপ্তির উপায়রূপে স্পষ্ট ব্যাখ্যা। কালত্রয়ের অতীত বস্তু ও ঔকারস্বরূপ। এই সমস্তই ব্রহ্মস্বরূপ। আত্মা ব্রহ্মস্বরূপ, ব্রহ্ম চতুস্পাৎ ; [ কেন চতুস্পাৎ তাহা প্রদর্শিত হইতেছে—] যাহার জাগরিত স্থান, আত্মভিন্নবিষয়ে যাহার প্রজ্ঞা, যাহার হৃদয়-রূপ অঙ্গে সাতটি শক্তি, মূলমন্ত্রাপেক্ষা একবিংশতি-তম অক্ষর যাহার মুখ ; হৃদয়ান্ধাভূর্ত স্থূল পৃথিবীকে যিনি উপভোগ করেন, যিনি বৈশ্বানর অর্থাৎ যাবতীর নরকে নিজেতে আনয়ন করেন। ইহা হইতেছে নৃ সংহ ব্রহ্মের প্রথম পাদ। যে তৈজসের স্বপ্নই স্থান, যাহার বাসনারূপা প্রজ্ঞা, যিনি স্থূল বিষয় হইতে ভিন্ন বিষয় উপভোগ করেন, সেই তৈজসই তাহার দ্বিতীয় পাদ। যে অবস্থায় সুপ্ত পুরুষ কোন বিষয়ের কামনা করেন না, কোনরূপ স্বপ্ন দেখেন না, সেই অবস্থার নাম সুষুপ্তি ; সেই সুষুপ্তি যাহার স্থান, একীভাব প্রাপ্ত,

প্রজ্ঞানমূর্ত্তি, আনন্দবহুল, আনন্দমাত্রোপভোগী, চিত্ত বাঁহার মুখ সেই প্রাজ্ঞই তাঁহার তৃতীয় পাদ । ইনি সকলের ঈশ্বর, সর্বজ্ঞ, অন্ত্যায়ামী, সকলের কারণ, সকল প্রাণীর উৎপত্তি ও লয় স্থান । যাঁহার বাহ্য বিষয়, অন্তর্বিষয়ে ও উভয় বিষয়ে প্রজ্ঞা নাই, যিনি অপ্রজ্ঞ, যিনি অপ্রজ্ঞ নহেন, যিনি প্রজ্ঞানমূর্ত্তি নহেন, যিনি অদৃষ্টে, অব্যবহার্যা এবং অগ্রাহ্য ; বাঁহার কোন লক্ষণ বা চিহ্ন নাই ; যিনি অচিন্ত্য অর্থাৎ তর্কের অবিষয়, শব্দের অবিষয়, এক বস্তুতে সমস্ত আত্মার প্রত্যয়ই যাঁহার সার । যেখানে সমস্ত প্রপঞ্চের উপশান্তি, তাঁহাকে শিব, অদ্বৈত ও পুরুষোক্ত বৈশ্বানর, তৈজস ও প্রাজ্ঞ হইতে চতুর্থ বলা হয়, তাঁহাকে আত্মা বলিয়া জানবে ।

২ । অথ সাবিত্রী গায়ত্রী যা যজুষা প্রোক্তা তয়া সর্বনিদং ব্যাপ্তং স্থণিরিত্তি দে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি আদিত্য ইতি ত্রীণি এতদ্বৈ সাবিত্রীশ্রাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্তং য এবং বেদ শ্রিয়া হৈবাভিষিচ্যতে তদেতদূচাত্ত্বাক্তম্—ঋচো অক্ষরে পরমে ব্যোমশ্রিয়ন্

देवा अधि विश्वे निषेदः । यस्तन्न वेद किमुचा करिष्यति  
यस्तन्नवेदस्तु इमे समासत इति । न ह वा एतश्चर्त्वा न  
यजूषा न सामार्थोहस्ति यः सावित्रीं वेदेति । ॐ भू-  
र्लक्ष्मी भूर्दलक्ष्मीः स्वर्लक्ष्मीः सूवः कालकर्णी । तन्नो महा-  
लक्ष्मीप्रचोदयात् इतोषा वै महालक्ष्मीर्यजूर्गार्वी चतु-  
विंशत्याकरा भवति । गायत्री वा इदं सर्वं यदिदं  
किंच तन्नाद् य एतां महालक्ष्मीं याजूषीं वेद महतीं  
श्रियमश्नुते । ॐ नृसिंहार विद्महे ब्रह्मनथार नौमहि ।  
तन्नः सिंहः प्रचोदयात् इतोषा वै नृसिंहगार्वी  
वेदानां देवानां निदानं भवति य एवं वेद निदान-  
वान् भवति ॥

व्याख्या । षटः ( षष्ठीग्रहणभूषणार्थः सर्वे वेदाः, अथवा  
षट् इति षष्ठी, षटः—सङ्गमित्यादिकार्या नराः प्रतिपादिताः  
पञ्चयो वेदा वा ) । [ न केवलं वेदा अपि तु ] विश्वे वेदाः  
( सर्वे देवाः ) । अधि ( उपरि, शिरसि ) अक्षरे ( अवि-  
नाशिनि ) परमे वामन् ( वामनि ) । [ सर्वातिशेकधारत्वात्  
परमं, मोक्षधारत्वात् वाम वामिन् शिरसि ] निषेदः ( निश्चयं  
सेवनं कुतन्त्याः ) । यः ( उपसर्कः ) त्वं ( प्रियः वेद-  
देवदेवोतिः प्रोक्तप्रकारेणातिविस्तृतं ) न वेद ( जानाति )

ষঢ়া ( ঋষেদাদিনা সঈং পাতীতাদিনা বা ) কিম্ ( অলম্ ) ।  
 অর্থঃ ( প্রয়োজনম্ ) । যে ( উপাসকাঃ ) । ইৎ ( ইৎ )  
 [ তদভিষিক্তং শিরঃ ] বিদুঃ ( উপাসতে ), প্রচোদয়াৎ  
 ( প্রচোদয়েৎ, প্রেরয়েৎ ) । বিদ্মহে ( জানীমঃ ), ধীমহি  
 [ ধ্যায়েমহি ] । যজুনখায় ( নৃসিংহায় ), মিদানং ( মূল কারণম্ ) ।

**অনুবাদ** । যে প্রকাশশীল গায়ত্রী যজু-  
 বেদে উক্ত হইয়াছে, তাহার দ্বারা এই সমস্ত জগৎ  
 ব্যাপ্ত রহিয়াছে । ‘স্বশিঃ’ এই পদে দুইটী অক্ষর  
 আছে, ‘সূর্য্যঃ’ এই পদে তিনটী অক্ষর আছে, রকা-  
 রকে পৃথক্ অক্ষর ধরিয়া তিনটী হইল । ‘আদিত্যঃ’  
 এই পদে তিনটী অক্ষর আছে । গায়ত্রীমন্ত্রের যে  
 অষ্টাক্ষরযুক্ত পদ, তাহা ‘শ্রী’বীজের দ্বারা অভিষিক্ত  
 অর্থাৎ মন্ত্রের উপরিভাগে ‘শ্রী’বীজ রহিয়াছে, যিনি  
 এইরূপে উপাসনা করেন, তিনি শ্রীর দ্বারা অভিষিক্ত  
 হন । ইহা ঋচের দ্বারা উক্ত হইয়াছে । সেই ঋক্  
 এই,—ঋগাদি বেদসমূহ অথবা ‘স ঙ্গম্’ ইত্যাদি মন্ত্র-  
 প্রতিপাদিত শক্তিসমূহ এবং সকল দেবতা যে পরম  
 ব্যোমরূপ অবিনাশী শিরঃস্থানে অবস্থান করিয়াছিলেন,

যে উপাসক তাহা জানে না, তাহার ঋগাদিবেদের দ্বারা অথবা 'স ঙ্গম্' ইত্যাদি ঋকের দ্বারা কি ফল হইবে ? যিনি এইরূপে উপাসনা করেন, তিনি সম্যক-রূপে স্মরণভাগ করেন, যিনি সাবিত্রী অর্থাৎ শিরঃ-শিখাভূত নৃসিংহগায়ত্রী না জানেন, তাহার পূর্বাঙ্ক ঋক্, যজুঃ ও সামের কোন প্রয়োজন নাই, 'ও ভুলক্ষ্মীঃ'—'ভুঃ' এই পদের অর্থ সত্ত্বামাত্র. কারণ ভূ ধাতুর অর্থ সত্ত্বা, ভুলক্ষ্মীঃ এই পদের অর্থ সন্মাত্র-ব্রহ্মের বাপারিকা শক্তি। কারণমাত্ররূপ ব্রহ্মের শক্তি হইতেছে 'ভুবলক্ষ্মীঃ।' আত্মস্বরূপে অবস্থিত ব্রহ্মের শক্তি হইতেছে—'স্ববঃকালকণী।' সেই ভুব-ব্রহ্মের শক্তি যে মহালক্ষ্মী, তিনি অমাকে প্রেরিত করুন, ইচ্ছাই হইতেছে, মহালক্ষ্মী যজুঃ। নৃসিংহগায়ত্রী চক্ৰিণী অক্ষর, যে কিছু বস্তু আছে, তৎসমুদায়ই গায়ত্রীরূপ, অতএব যিনি যজুর্বেদীয় এই মহালক্ষ্মী শক্তির উপাসনা করেন, তিনি মহতী ত্রী প্রাপ্ত হন। [নৃসিংহগায়ত্রী বলিতেছেন—] 'আমরা বজ্রনথ নৃসিংহকে জানি এবং তাহার ধ্যান করি, সেই নৃসিংহ



আমাংগিকে প্রেরিত করুন,—এই হইতেছে  
নৃসিংহের গায়ত্রী, এই নৃসিংহগায়ত্রী, বেদসমূহ ও  
দেবতাগণের মূল কারণ, যিনি হাজার উপাসনা করেন,  
তিনি সকলের মূল কারণ হন ।

৩। দেবা চ বৈ প্রজপতিমক্রবন্নথ কৈম ঠৈঃ  
দেবঃ স্তু চ প্রীতা ভবতি স্বাত্মানং দর্শয়তি তন্নো  
ক্রুচি ভগবং ইতি স হোবাচ প্রজাপতিঃ । ৩ ঠ ঠ  
যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ ব্রহ্মা তস্মৈ  
বৈ নমো নমঃ ॥ ১ ॥ ঠ গ্রং ঠ যো বৈ নৃসিংহো দেবো  
ভগবান্ যশ্চ বিষ্ণুস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ২ ॥ ঠ বীং ঠ  
যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ মহেশ্বরস্তস্মৈ  
বৈ নমো নমঃ ॥ ৩ ॥ ঠ রং ঠ যো বৈ নৃসিংহো দেবো  
ভগবান্ যশ্চ পুরুষস্তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৪ ॥ ঠ মং ঠ  
যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চেশ্বরস্তস্মৈ বৈ নমো  
নমঃ ॥ ৫ ॥ ঠ হাং ঠ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্  
যা সবস্বতী তস্মৈ বৈ নমো নমঃ ॥ ৬ ॥ ঠ বিং ঠ যো বৈ  
নৃসিংহো দেবো ভগবান্ যা স্ত্রীস্তস্মৈ বৈ নমো নমঃ  
॥ ৭ ॥ ঠ ফুং ঠ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা

গৌরী তস্মৈ বৈ নমো নমঃ ॥৮॥ ঔ ঙ্গং ঔ যো বৈ  
 নৃসিংহো দেবো ভগবান্ যা প্রকৃতিস্তুতস্মৈ বৈ নমো  
 নমঃ ॥৯॥ ঔ লং ঔ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যা  
 বিদ্যা তস্মৈ বৈ নমো নমঃ ॥১০॥ ঔ তং ঔ যো বৈ  
 নৃসিংহো দেবো ভগবান্ যশ্চাংকারস্তুতস্মৈ বৈ নমো  
 নমঃ ॥১১॥ ঔ সং ঔ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্  
 যশ্চতশ্চোহর্ষমাত্মাস্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১২॥ ঔ বং  
 ঔ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে বেদাঃ সাক্ষাঃ  
 সশাখাস্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১৩॥ ঔ তোং ঔ যো বৈ  
 নৃসিংহো দেবো ভগবান্ যে পঞ্চাগ্নয়স্তুতস্মৈ বৈ নমো  
 নমঃ ॥১৪॥ ঔ যুং ঔ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্  
 যাঃ সপ্তব্যাক্রতয়স্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১৫॥ ঔ ধং ঔ  
 যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চাষ্টৌ লোকপালা-  
 স্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১৬॥ ঔ নৃং ঔ যো বৈ নৃসিংহো  
 দেবো ভগবান্ যে চাষ্টৌ বসবস্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১৭॥  
 ঔ সিং ঔ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যে চ  
 ঋদ্রাস্তুতস্মৈ বৈ নমো নমঃ ॥১৮॥ ঔ হং ঔ যো বৈ  
 নৃসিংহো দেবো ভগবান্ যে চান্দিত্যাস্তুতস্মৈ বৈ নমো

नमः ॥१९॥ ॐ तीं ॐ यो वै नृसिंहो देवो भगवान्  
 षे चाष्टौ ग्रहास्तस्य वै नमो नमः ॥२०॥ ॐ वं ॐ  
 यो वै नृसिंहो देवो भगवान् धानि पञ्च महाभूतानि  
 तस्य वै नमो नमः ॥२१॥ ॐ णं ॐ यो वै नृसिंहो  
 देवो भगवान् षष्ठ कालस्तस्य वै नमो नमः ॥२२॥  
 ॐ तं ॐ यो वै नृसिंहो देवो भगवान् षष्ठ मनु-  
 स्तस्य वै नमो नमः ॥२३॥ ॐ द्रं ॐ यो वै नृसिंहो  
 देवो भगवान् षष्ठ मृत्युस्तस्य वै नमो नमः ॥२४॥  
 ॐ मूं ॐ यो वै नृसिंहो देवो भगवान् षष्ठ मम-  
 स्तस्य वै नमो नमः ॥२५॥ ॐ त्तां ॐ यो वै  
 नृसिंहो देवो भगवान् षष्ठास्तस्य वै नमो नमः  
 ॥२६॥ ॐ मूं ॐ यो वै नृसिंहो देवो भगवान् षष्ठ  
 प्राणस्तस्य वै नमो नमः ॥२७॥ ॐ त्तां ॐ यो वै  
 नृसिंहो देवो भगवान् षष्ठ सूर्यास्तस्य वै नमो नमः  
 ॥२८॥ ॐ नं ॐ यो वै नृसिंहो भगवान् षष्ठ सोम-  
 स्तस्य वै नमो नमः ॥२९॥ ॐ मां ॐ यो वै  
 नृसिंहो देवो भगवान् षष्ठ विद्यात् पुरुषस्तस्य वै  
 नमो नमः ॥३०॥ ॐ मां ॐ यो वै नृसिंहो देवो

ভগবান্ যশ্চ জীবন্তশ্চৈব নমো নমঃ ॥৩১॥ ॐ হং  
 ॐ যো বৈ নৃসিংহো দেবো ভগবান্ যশ্চ সর্বং  
 তশ্চৈব নমো নমঃ ॥ ৩২ ॥ ইতি তান্ প্রজাপতি-  
 রব্রবীদেতৈর্দ্বাত্রিংশনৃমত্শ্চৈনিত্যং দেবং স্তুবতে । ততো  
 দেবঃ প্রীতো ভবতি স্বাত্মানং দর্শয়তি তস্মাদ্ য এতৈ-  
 ম'ত্শ্চৈনিত্যং দেবং স্তুতি স দেবং পশ্যতি সোহমৃতত্বং  
 চ গচ্ছতি য এবং বেদেতি মহোপনিষৎ ॥ ইতি  
 চতুর্থোপনিষৎ ।

ইত্যাথবর্ণায়োনৃসিংহপূর্বতাপনীয়োপনিষদি

চতুর্থোপনিষৎ সমাপ্তা ।

ব্যাখ্যা । স্পষ্টার্থা ।

অনুবাদ । দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা  
 করিলেন,—ভগবন্ ! কোন্ কোন্ মন্ত্রের দ্বারা  
 নৃসিংহদেব স্তুত হইলে তিনি প্রীত হন এবং ভক্তের  
 নিকট নিজস্বরূপ প্রদর্শন করেন, তাহা আমা-  
 দিগকে বলুন । প্রজাপতি সেই মন্ত্রসকল বলিলেন ।  
 এখানে ইহাই বৃষিতে হইবে, পূর্বেও নৃসিংহগায়ত্রী

তুর্বিংশতাক্ষরযুক্তা । “উগ্রং বীরং মহাবিক্রমং জনন্তুং  
সর্বতোমুখম্ । নৃসিংহং ভীষণং ভদ্রং মৃত্যুমৃত্যুং  
নমানাহম্ ॥” ইহা হইতেছে নৃসিংহ মন্ত্র, ইহা  
অনুস্টুপ ছন্দে রচিত ; ইহার প্রত্যেক অক্ষর  
প্রণবসংপুটিত, অর্থাৎ একটী একটী অক্ষরের পূর্বে  
ও পরে ওঁকার যোগ করিয়া দিলে এক একটী  
বাহু হয়, এইরূপ নৃসিংহে বত্রিশটী বাহু বলিতেছেন ।

- (১) ‘ওঁ উং ওঁ’—হইতেছেন ভগবান্ নৃসিংহদেব,  
যিনি বক্রা, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।
- (২) ‘ওঁ গ্রং ওঁ’—হইতেছেন ভগবান্ নৃসিংহদেব,  
যিনি বিষ্ণু, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।
- (৩) ‘ওঁ কীং ওঁ’—হইতেছেন ভগবান্ নৃসিংহদেব,  
যিনি মৎস্য, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।
- (৪) ‘ওঁ রং ওঁ’—হইতেছেন ভগবান্ নৃসিংহদেব,  
যিনি পুরুষ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।
- (৫) ‘ওঁ মং ওঁ’—ভগবান্ নৃসিংহদেব, যিনি ঈশ্বর  
তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । (৬) ‘ওঁ তাং  
ওঁ’—ভগবান্ নৃসিংহদেব, যিনি সর্বস্বতী, তাঁহার

উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । (৭) 'ওঁ বিং ওঁ'—  
ভগবান্ নৃসিংহদেব, যিনি ত্রী, তাঁহার উদ্দেশে পুনঃ  
পুনঃ নমস্কার । (৮) 'ওঁ ষুং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব,  
যিনি গৌরী, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।  
(৯) 'ওঁ জং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি প্রকৃতি,  
তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । (১০) 'ওঁ ঙং  
ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি বিষ্ণা, তাঁহার উদ্দেশে  
পুনঃ পুনঃ নমস্কার । (১১) 'ওঁ তং ওঁ'—ভগবান্  
নৃসিংহদেব, যিনি ওঁকার, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ  
নমস্কার । (১২) 'ওঁ মং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব,  
যিনি চারিটি অক্ষরাত্মা, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ  
নমস্কার । (১৩) 'ওঁ বং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব,  
যিনি ছয়টি অক্ষর ও সমস্ত শাখাসম্বন্ধিত চারিটি বেদ-  
স্বরূপ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ পুনঃ নমস্কার ।  
(১৪) 'ওঁ তোং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি পাঁচটি  
অগ্নিস্বরূপ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।  
(১৫) 'ওঁ য়ং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি তুরা'দ  
মাতৃকা ব্যাহৃতিস্বরূপ, তাঁহার, উদ্দেশে পুনঃ পুনঃ

## नृसिंहपूर्वापनीयोपनिषत् ।

५१

- नमस्कार । (१७) 'ॐ खं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि आट्टी लोकापाणरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (१९) 'ॐ नृं ॐ'—भगवान् नृसिंहदेव—यिनि अष्टवसुरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (१८) 'ॐ सिं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि एकदश रुद्ररूप, तांहार उद्देशे नमस्कार । (१२) 'ॐ हं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि द्वादश आदित्यरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (२०) 'ॐ डीं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि आट्टी ग्रहरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (२१) 'ॐ षं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि पञ्चमहा-भूतरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (२२) 'ॐ णं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि कालरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (२३) 'ॐ तं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि मरुतरूप, तांहार उद्देशे पुनः पुनः नमस्कार । (२४) 'ॐ द्रं ॐ'—भगवान् नृसिंहदेव, यिनि मृता, तांहार उद्देशे नमस्कार । (२५) 'ॐ मं ॐ'—भगवान् नृसिंहदेव,

যিনি যমস্বরূপ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।  
 (২৬) 'ওঁ ত্রাং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি অমৃতক,  
 তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । (২৭) 'ওঁ মৃং  
 ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি প্রাণস্বরূপ, তাঁহার  
 উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । (২৮) 'ওঁ ত্রাং ওঁ'—  
 ভগবান্ নৃসিংহদেব, যিনি সর্ষাস্বরূপ, তাঁহার উদ্দেশে  
 পুনঃ পুনঃ নমস্কার । (২৯) 'ওঁ নং ওঁ'—ভগবান্  
 নৃসিংহদেব, যিনি সোমস্বরূপ তাঁহার উদ্দেশে পুনঃ  
 পুনঃ নমস্কার । (৩০) 'ওঁ মাং ওঁ'—ভগবান্ নৃসিংহ-  
 দেব, যিনি বিবাত্পুরুষ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ  
 নমস্কার । (৩১) 'ওঁ মং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব,  
 যিনি জীঃস্বরূপ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার ।  
 (৩২) 'ওঁ হং ওঁ'—ভগবান্ নৃসিংহদেব, যিনি সর্ব-  
 স্বরূপ, তাঁহার উদ্দেশে পুনঃ পুনঃ নমস্কার । প্রজা-  
 পতি দেবগণকে পূর্বেকৃত বত্রিশটী মন্ত্র বলিয়া-  
 ছিলেন । যে উপাসক প্রত্যাহ এই বত্রিশটী মন্ত্রের  
 দ্বারা স্তুতি করেন, তিনি তদ্বারা প্রীত হইয়া  
 তাঁহাকে নিজের স্বরূপ দেখান । অতএব যিনি



## নৃসিংহপূর্বতাপনিয়োপনিষৎ ।

৫৩

সেতাহ এই সকল মন্ত্রের দ্বারা নৃসিংহের স্তব করেন,  
তিনি নৃসিংহদেবের সাক্ষাৎকার লাভ করেন, তিনি  
সমস্তই দেখিতে পান । যিনি একপ জানেন, তিনি  
মুক্তিলাভ করেন, ইহা মহতী রহস্য বিদ্যা ।

চতুর্থোপনিষৎ সমাপ্ত ।

## পঞ্চমোপনিষৎ ।

১ । দেবা হ বৈ প্রজাপতিমক্রবন্ মহাচক্রং নাম চক্রং  
নো ক্রহি ভগব ঠহি সার্বকামিকং যোক্ষদ্বারং যদ্  
যোগিন উপদিশান্তু স হোবাচ প্রজাপতিঃ ষড়্রং বা  
এতৎ সুদর্শনং মহাচক্রং তস্মাৎ ষড়্রং ভবতি ষট্‌পত্রং  
চক্রং ভবতি ষড়া ঋতব ঋতুভিঃ সংমিতং ভবতি মধ্যে  
নাভিভবতি নাভ্যাং বা এতহরাঃ প্রতিষ্ঠিতা । মায়য়া  
বা এতৎ সর্বাং বেষ্টিতং ভবতি নাঅ্যানং মায়্যা স্পৃশতি  
তস্মান্মায়য়া বহিবেষ্টিতং ভবতি । অথাষ্টারমষ্টপত্রং  
চক্রং ভবতাপ্তাফরা বৈ গায়ত্রী গায়ত্র্যা সংমিতং  
ভবতি বহির্মায়ায়া বেষ্টিতং ভবতি ক্ষেত্রং ক্ষেত্রং বৈ

মায়ৈষা সম্পত্ত্তে । অথ দ্বাদশারং দ্বাদশপত্রং  
 চক্রং ভবতি দ্বাদশাক্ষরা বৈ জগতী জগত্যা সংমিতং  
 ভবতি বহির্মায়য়া বেষ্টিতং ভবতি । অথ ষোড়শারং  
 ষোড়শপত্রং চক্রং ভবতি ষোড়শকলো বৈ পুরুষঃ  
 পুরুষ এবৈদং সর্বং পুরুষণ সংমিতং ভবতি মায়য়া  
 বহির্বেষ্টিতং ভবতি । অথ দ্বাত্রিংশদরং দ্বাত্রিংশপত্রং  
 চক্রং ভবতি দ্বাত্রিংশদক্ষরা বা অনুষ্টু বনুষ্টু ভা  
 সর্বমিদং ভবতি বহির্মায়য়া বেষ্টিতং ভবত্যৈর্বা  
 এতৎ সুবক্তং ভবতি বেদা বা এতে অরাঃ পত্রৈর্বা  
 এতৎ সর্বতঃ পরিক্রামতি চন্দাংসি বৈ পত্রাণি ॥

বাখ্যা। সার্বক্যমিকম্ ( সর্বকামসাধনম্ ) । ষড়রম্  
 ( ষট্ অরা বিদ্যাস্তে ষশ্বিন্ সুদর্শন মহাচক্রে তৎ ) । ষটপত্রম্  
 ( ষট্ পত্রাণি ষশ্বিন্ মহাচক্রে তৎ ) ।

অনুবাদ। দেবগণ প্রজাপতিকে ক্লিষ্টাসা  
 করিয়াছিলেন,—চে ভগবন ! যোগিগণ যাহাকে  
 সমস্ত অভিলষিত বস্তু পাইবার একমাত্র উপায় ও  
 মোক্ষের সাধন বলিয়া উপদেশ দিয়া থাকেন, আপনি  
 আমাদেরকে সেই 'মহাচক্র' নামক চক্রের বিষয়ে

উপদেশ প্রদান করুন । প্রজাপতি বলিলেন,—  
 এই সুদর্শন মহাচক্রের ছয়টি অর । গাড়ীর চাকার  
 চারিদিকে যে পাখী থাকে, তাহাকে অর কহে ।  
 অতএব চক্রের ছয়টি অর থাকে এবং পত্রের স্থায়  
 তাহার আকৃতি হয় । বসন্তাদি ঋতু ছয়টি, এই  
 চক্রও ঋতুর সদৃশ ; সেই চক্রের মধ্যে নাভি বিদ্যমান  
 আছে, সেই নাভিতে অরসমূহ প্রতিষ্ঠিত আছে ।  
 মায়া অর্থাৎ মূলমন্ত্রশক্ত্যক্ষরসমূহের দ্বারা এই ছয়টি  
 অর ও ছয়টি পত্র বেষ্টিত আছে, অতএব অর ও পত্র-  
 যুক্ত আত্মাকে অর্থাৎ চক্রের স্বরূপকে স্পর্শ করিতে  
 পারে, কারণ বহির্ভাগে মায়ার দ্বারা বেষ্টিত থাকে ।  
 শুদ্ধ, চৈতন্যস্বরূপ আত্মাকে 'চক্র' বলিয়া উপাসনা  
 করিবে, মায়া যেমনি মায়াবীকে স্পর্শ করিতে  
 পারে না, সেইরূপ মায়া আত্মাকে স্পর্শ করিতে  
 সমর্থ নহে । চক্রের আটটি অর ও আটটি পত্র,  
 গায়ত্রীও অষ্টাক্ষরবিশিষ্ট, সুতরাং চক্রও গায়ত্রী-  
 তুল্য হইল, ইহা বহির্ভাগে মায়ার দ্বারা বেষ্টিত  
 আছে । প্রত্যেক স্থানে মায়া বিদ্যমান আছে ।

চাক্রে বারটী অর ও বারটী পত্র আছে, জগতীছন্দঃ  
 ও দ্বাদশ-অক্ষরযুক্ত, সুতরাং ইহা জগতীছন্দের  
 তুলা, ইহার বাহির্ভাগ মায়ার দ্বারা বেষ্টিত । ষোলটী  
 অর ও ষোলটী পত্র চাক্রে আছে, পুরুষের ষোলটী  
 কলা, এই সমস্ত পুরুষস্বরূপ, অতএব ইহা পুরুষের  
 তুলা, ইহার বাহির্ভাগ মায়ার দ্বারা বেষ্টিত । চাক্রে  
 বাত্রিশটী অর ও বাত্রিশটী পত্র আছে ; অনুষ্টুপ্ছন্দঃ  
 ও বাত্রিশটী অক্ষরযুক্ত, সুতরাং ইহা অনুষ্টুপ্ছন্দের  
 তুলা ; ইহা বাহির্ভাগ মায়ার দ্বারা বেষ্টিত । এই  
 মহাচক্র অরসমূহের দ্বারা উত্তমরূপে সংবদ্ধ আছে ।  
 বেদসমূহ হইতেছে অরস্থানীয় । ইহা সকল দিকে  
 নক্ষত্রসমূহ দ্বারা বেষ্টিত, চন্দঃসমূহ হইতেছে  
 পত্রস্থানীয় ।

২ । তদেব চক্রং সুদর্শনং মহাচক্রং তস্য মধ্যে নাভ্যাং  
 ওরিকং ভবতি যদক্ষরং নারসিংহমেকাক্ষরং তদুভবতি  
 ষট্শ পত্রেষু ষড়ক্ষরং সুদর্শনং ভবত্যষ্টশু পত্রেষষ্টাক্ষরং  
 নারায়ণং ভবতি দ্বাদশশু পত্রেযু দ্বাদশাক্ষরং বাসুদেবং  
 ভবতি ষোড়শশু পত্রেযু ষাট্শকাণ্ডাঃ সবিন্দুকাঃ

षोडश कला भवन्ति द्वात्रिंशत्सु पत्रेषु द्वात्रिंशदक्षरं  
 मन्त्रराजं नारसिंहमाहूँत्तं भवति तद्वा एतत् सुदर्शनं  
 नाम चक्रं सार्वकामिकं मोक्षदायकं यजुर्मयं  
 साममयं ब्रह्ममयमनुत्तमं भवति तत्र पुरस्तादसव  
 आसते रुद्रा दक्षिणत आदिताः पश्चाद्दक्षिणेना  
 उत्तरतो ब्रह्मविष्णुमहेश्वरा नाभाः सूर्याचन्द्रमसौ  
 पार्श्वयोस्तदेतद्दृष्ट्वाङ्गुः प्राञ्च अक्षरे परमे बोध-  
 श्चिन् देना अधिवशे निःसृजः । यत्तं न वेद किञ्चि  
 करिष्यति य इत्तन्निदुस्त ईमे समासत इति । तदेतन्-  
 महाचक्रं वाणा वा युवा वा वेद स महान् भवति  
 स गुरुर्भवति सर्वेषां मन्त्राणामुपदेष्टा भवद्वाहू-  
 ष्टुत्ता होमः कुर्यादहूँत्तुत्तार्चनं कुर्यात्तदेतद्रक्षोष्णं  
 मृतुतारकं गुरुत्वा लक्षं कर्णे वातो शिखायां वा  
 बध्नीत सप्तद्वीपवती साग्दक्षिणार्थं नावकल्पते  
 तन्वाच्छुक्रा यां काश्चिद्व्यां सा दक्षिणा भवति ॥

वाधा । तत् ( द्वात्रिंशत्सु द्वात्रिंशत्पत्रः चक्रम् ) ।  
 मन्त्रा ( मन्त्रवर्तिनाम् ) । एकक्षरम् ( एकञ् अक्षरञ् ) ।  
 तारकं ( संसारतारकञ् च तारकं प्रणवाक्षरः ) । नारसिंहः

( নৃসিংহদেবতাকম্ ) । সবিন্দুকাঃ ( বিন্দুসহিতাঃ ) । ষড়্ ময়ঃ  
 যজুর্ময়ঃ সামময়ঃ ব্রহ্মময়ম্ অমৃতময়ঃ ভবতি (পঞ্চ ময়ট্ প্রত্যয়াঃ  
 প্রাচুর্যার্থা গ্রাহাঃ । ষগ্ যজুঃসামাধন প্রচুরম্ । ব্রহ্মময়মিতি ব্রহ্ম-  
 শকেনাধর্ষবেদঃ সোহয়ং ব্রহ্ম বেদ ইত্যেতদ্ ব্রাহ্মণাভিধানাৎ ।  
 বেদপ্রচুরতাহরাণাং বেদবুদ্ধোপাশ্চহাৎ । বিকারর্থো বা ময়ড়  
 বেদবিকারাজ্জকা ইত্যর্থঃ । অমৃতময়ঃ ক্ষীরপ্রচুরনাস্তিকঃ ক্ষীর-  
 বিকারনাস্তিকঃ যেতি । তাস্ততি তচ্ছকারাভিস্থো বিষ্ণুমূল-  
 নৃসিংহব্যাহঃ পরামৃগতে ) । বসবঃ ( অর্ছৌ পরিচারকাঃ ) । বেদ  
 (উপাশ্চে, মহান্ ভবতি (মহতীং প্রতিষ্ঠাং জনে প্রাপ্নোতি, অথবা  
 মহাবিষ্ণুঃ ভবতি ) । গুরুঃ ( দেববদারাধাঃ ) ।

অনুবাদ । সেই বত্রিশটি পত্র ও বত্রি-  
 শটি অরযুক্ত চক্রের নাম সুদর্শন মহাচক্র, মহা-  
 চক্রের মধ্যবর্তী বেষ্টনরূপ নাভিতে তারক অর্থাৎ  
 প্রণবরূপ অক্ষর আছে, সংসার-সাগর অতিক্রম  
 করার বলিয়া প্রণবের নাম তারক । যাহা অবি-  
 মার্শী, যাহার দেবতা নৃসিংহ, তাহা এক ও ব্যাপক ।  
 ঈশানকোণস্থ পত্র হইতে আরম্ভ করিয়া ষড়ক্ষর  
 সুদর্শন মন্ত্র ন্যাস করিবে । আটটি পত্রে অষ্টাক্ষর  
 নারায়ণ মন্ত্র ন্যাস করিবে । দ্বাদশ পত্রে দ্বাদশাক্ষর

## নৃসিংহপূর্বতাপনীয়োপনিষৎ ।

৫৯

বাসুদেব মন্ত্র ন্যাস করিবে । ষোড়শ পত্রে বিন্দুযুক্ত মাতৃকাদি ষোড়শ কলা হইয়া থাকে । বত্রিশ পত্রে বত্রিশ অক্ষরযুক্ত নৃসিংহদেবতাকে মন্ত্রশ্রেষ্ঠ অক্ষুপ্ত প্ছন্দায়ুক্ত সাম অভিযুক্ত আছে । এই সেই সুদর্শন মহাচক্র, ইহা সমস্ত কামনার সাধন ও মোক্ষের উপায়, ইহা ঋক্, যজুঃ, সাম, অথর্ব ও ক্ষৌর বহুতরপরিমাণে বিদ্যমান আছে, অথচ ঋগ্বেদাদির বিকাররূপ । নৃসিংহবাহুর পূর্বদিকে অষ্টবসু পরিচারকরূপে বিদ্যমান আছেন ; দক্ষিণে একাদশ রুদ্র, দ্বাদশ আদিত্য পশ্চিমে, বিশ্বদেবগণ উত্তরে ; ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর নাভিতে এবং সূর্য্য ও চন্দ্র কুক্ষপ্রদেশে বিদ্যমান আছেন । ইহা ঋগ্বেদে পঠিত হইয়াছে, তাহা এই—যে আকাশতুল্য ব্যাপক, উৎকৃষ্ট মহাচক্রে ঋগাদি বেদসমুদয় ও দেবগণ উপরিভাবে অবস্থান করিতেছেন, যে উপাসক সেই মহাচক্রকে না জানে, ঋগাদিবেদের দ্বারা তাহার কি ফল হইবে । যিনি এইরূপে জানেন, তিনি সমাগরূপে সুখ লাভ করেন । বালক হউন বা

যুবা হউন, যিনি এই মণ্ডাচক্র জানেন, তিনি মহতী প্রতিষ্ঠা লাভ করেন, তিনি গুরুর গ্রায় পুঙ্জনীয় ও সকল নত্বের উপদেষ্টা হন । সামাভিব্যক্ত অনুষ্টুপের দ্বারা হোম করিবে ও অনুষ্টুভের দ্বারা ষোড়শাদি উপচারে অর্চনা করিবে, এই মণ্ডাচক্র মৃত্যুবারক, ইতা গুরুর অনুগ্রহে লব্ধ হইলে কণ্ঠ, বাহু অথবা শিখাতে বন্ধন করিবে । সপ্তদ্বীপবৃত্তা পৃথিবী ইতার দক্ষিণার যোগ্য নহে, অতএব শ্রদ্ধাপূর্বক যথা-শক্তি যাহা প্রদান করিবে, তাহাই দক্ষিণা হইবে ।

### প্রথমোহধ্যায়ঃ !

১ । দেবা হ বৈ প্রজাপতিমক্রবন্ নামুহুভুতম  
 মন্ত্ররাজশ্চ ফলং নো ব্রাহ্মি ভগব ইতি স হোবাচ  
 প্রজাপতি য এতং মন্ত্ররাজং নারসিংহমানুহুভুতং  
 নিত্যমধীতে সোহগ্নিপুতো ভবতি স বায়ুপুতো  
 ভবতি স আদিত্যপুতো ভবতি স সোমপুতো ভবতি  
 স সত্যপুতো ভবতি স ব্রহ্মপুতো ভবতি স বিষ্ণু-



পূতো ভবতি স ক্রদ্রপূঃ ভবতি স বেদপূতো ভবতি  
স সর্বপূতো ভবতি স সর্বপূতো ভবতি ॥

ইতি প্রথমোহধ্যায়ঃ ।

ব্যাখ্যা স্পর্শার্থা ।

অনুবাদঃ । দেবগণ প্রজাপতিকে জিজ্ঞাসা  
করিলেন,—ভগবন্ ! অনুষ্টুপ্-ছন্দোয়ুক্ত মন্ত্ররাজের  
কণ আমাদিগকে বলুন । প্রজাপতি বলিলেন,—  
যে উপাসক এই নৃসিংহদেবনাকে মন্ত্ররাজ অনুষ্টুপ্-  
ছন্দোয়ুক্ত সাম অর্পায়ন করেন, তিনি অগ্নি, বায়ু,  
আদিত্য, চন্দ্র, সত্য, ব্রহ্মা, বিষ্ণু, ক্রদ্রগণ, বেদচতুষ্টয়,  
এমন এক সকলের দ্বারা পরিত্র হন । অর্পায়সমাপ্তির  
জন্য দুইবার বলা হইল । প্রথম অধ্যায় সমাপ্ত ।

দ্বিতীয়েহধ্যায়ঃ ।

১। য এতং মন্ত্ররাজং নারসিংহমামুষ্ঠুভং  
নিত্যমধীতে স মৃত্যুং তরতি স পাপমানং তরতি স  
ক্রমহত্যাং তরতি স ক্রমহত্যাং তরতি স বীরহত্যাং  
তরতি স সর্বহত্যাং তরতি ॥ ইতি দ্বিতীয়েহধ্যায়ঃ ।

অনুবাদ । যে উপাসক প্রত্যহ এই মন্ত্ররাজ নৃসিংহদেবতাকে অনুষ্টুপ্ছন্দোযুক্ত সাম অধ্যয়ন করেন, তিনি মৃত্যু, পাপ, ব্রহ্মহত্যা, ক্রম-হত্যা, বীরহত্যা এমন কি সকলকে অতিক্রম করেন । পূর্ববৎ দ্বিক্রান্তি দ্বিতীয় অধ্যায় সমাপ্তার্থ ।

### তৃতীয়োহধ্যায়ঃ ।

১ । য এতং মন্ত্ররাজং নারসিংহমানুষ্টুভং নিত্য-  
মধীতে সোহগ্নিঃ স্তস্তয়তি স বায়ুঃ স্তস্তয়তি স  
আদিত্যঃ স্তস্তয়তি স সোমঃ স্তস্তয়তি স উদকঃ  
স্তস্তয়তি স সর্বাণ্ দেবাঃ স্তস্তয়তি স সর্বাণ্ গ্রহাণ্  
স্তস্তয়তি স বিষঃ স্তস্তয়তি স বিষঃ স্তস্তয়তি ॥

ইতি তৃতীয়োহধ্যায়ঃ ।

অনুবাদ । যে উপাসক এই মন্ত্ররাজ নৃসিংহদেবতাকে অনুষ্টুপ্ছন্দোযুক্ত সাম প্রত্যহ অধ্যয়ন করেন, তিনি অগ্নি, বায়ু, আদিত্য, চন্দ্র জল, সমস্ত দেবতা, সমস্ত গ্রহ ও বিষ স্তম্ভিত করে: অর্থাৎ অগ্নি প্রভৃতির গতিস্তম্ভ ও বিষের ক্রিয়ানা-

করিতে সমর্থ হন, অধ্যায় সমাপ্তির অন্ত ছইবার বলা  
ইল । তৃতীয় অধ্যায় সমাপ্ত ।

### চতুর্থোহধ্যায়ঃ ।

১ । য এতঃ মন্ত্ররাজঃ নারসিংহমামুষ্টুভং  
তিতামধীতে স ভুলোকং জয়তি স ভুবলোকং  
জয়তি স স্বলোকং জয়তি স জনোলোকং জয়তি  
তপোলোকং জয়তি জয়তি স সত্যলোকং  
জয়তি স সর্বলোকং জয়তি স সর্বলোকাং  
জয়তি ॥ ইতি চতুর্থোহধ্যায়ঃ ।

অনুবাদ । যে উপাসক এই মন্ত্ররাজ  
সিংহদেবতাকে অমুষ্টুপ্ছন্দোযুক্ত সাম প্রত্যহ  
অধ্যয়ন করেন, তিনি ভুলোক, ভুবলোক, স্বলোক,  
মহলোক, জনোলোক, তপোলোক, সত্যলোক জয়  
করেন, এমন কি সমস্ত লোক জয় করেন, পূর্ববৎ  
বিক্রান্তি । চতুর্থ অধ্যায় সমাপ্ত ।

### পঞ্চমোহধ্যায়ঃ ।

১ । য এতঃ মন্ত্ররাজঃ নারসিংহমামুষ্টুভং

নিতামধীতে স মনুষ্যানাকর্ষয়তি স দেবানাকর্ষয়তি স  
নাগানাকর্ষয়তি স যক্ষানাকর্ষয়তি স গ্রহানাকর্ষয়তি  
স সর্গানাকর্ষয়তি স সর্গানাকর্ষয়তি স সর্গা-  
নাকর্ষয়তি । ইতি পঞ্চমোহধ্যায়ঃ ।

অনুবাদ। যে উপাসক এই মহরাজ  
নৃসিংহদেবতাকে অনুষ্ঠে পূছন্দোযুক্ত সাম প্রত্যহ  
অপায়ন করেন, তিনি মনুষ্য, দেবতা, নাগ, যক্ষগণ  
গ্রহগণ, এমন কি সকলকে আকর্ষণ করেন, অর্থাৎ  
সেই সেই স্থান হইতে আনিয়া নিজের অধীন  
করেন । পূর্ববৎ দ্বিকাক্ত । পঞ্চম অধ্যায় সমাপ্ত ।

### ষষ্ঠোহধ্যায়ঃ ।

১ । ব এতং মহরাজং নারসিংহমনুষ্ঠে তু  
নিতামধীতে সোহুগ্নিষ্টোমেণ যজতে স উক্ণোঃ  
যজতে স ষোড়শিনা যজতে স বাজপেয়েন  
যজতে সোহিত্তিরাভ্রেন যজতে সোপ্তোর্যামেণ যজতে  
সোহশ্বমেধেন যজতে স সর্বেঃ ক্রতুভির্ষজতে স সর্বে  
ক্রতুভির্ষজতে ॥ ইতি ষষ্ঠোহধ্যায়ঃ ।

অনুবাদ । যে উপাসক এই মন্ত্ররাজ, নৃসিংহদেবতাক অনুষ্ঠুপ্চন্দোযুক্ত সাম প্রত্যহ অধ্যয়ন করেন, তিনি অগ্নিষ্টোম, উক্খ যোড়শী, বাজপেয়, অত্রিরাত্র, অন্তোর্থাম, অশ্বমেধ এমন কি সমস্ত ষাগের অনুষ্ঠান করেন । পূর্ববৎ দ্বির্ভুক্তি ।

ষষ্ঠ অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত ।

### সপ্তমোহধ্যায়ঃ ।

১ । য এতং মন্ত্ররাজঃ নারসিংহমানুষ্ঠুভং নিতা-  
মধীতে স ঋচোহধীতে স যজুঃষাধীতে স সামাণ্ডধীতে  
সোহথব'ণমধীতে সোহঙ্গিরসমধীতে স শাখা অধীতে  
স পুরাণানাধীতে স কল্পানধীতে স গাথা অধীতে স  
নারাশংসীরধীতে স প্রণবমধীতে যঃ প্রণবমধীতে স  
সর্বমধীতে স সর্বমধীতে । ইতি সপ্তমোহধ্যায়ঃ ।

অনুবাদ । যে উপাসক এই মন্ত্ররাজ নৃসিংহদেবতাক অনুষ্ঠুপ্চন্দোযুক্ত সাম প্রত্যহ অধ্যয়ন করেন, তিনি ঋক্, যজুঃ, সাম, অথর্ক, অঙ্গিরঃ, সমস্ত শাখা, পুরাণসমূহ, কল্পসূত্র, গাথা ও নারা-

শংসী ও প্রণব অধ্যয়ন করেন । যিনি প্রণব অধ্যয়ন করেন, তিনি সমস্ত অধ্যয়ন করেন । পৃক্সবৎ দ্বিকাক্ত

সপ্তম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত ।

অষ্টমোহধ্যায়ঃ ।

১ । অনুপনীতশতমেকমেকেনোপনীতেন তৎ  
সমুপনীতশতমেকমেকেন গৃহেহেন তৎসমং গৃহস্থ-  
শতমেকমেকেন বানপ্রস্থেহেন তৎসমং বানপ্রস্থশত-  
মেকমেকেন যতিনা তৎসমং যতীনাং চ শত-  
পূর্ণক্রজাপকেন তৎসমং ক্রজাপশতমেক-  
মেকেনাথবশিরঃশিখামাপকেন তৎসমমথবশিরঃ-  
শিখামাপকশতমেকমেকেন মন্ত্ররাজাধ্যাপকেন  
তৎসমং তদা এতৎ পরমং ধাম মন্ত্ররাজা-  
ধ্যাপকস্ত যত্র সূর্যো ন তপতি যত্র ন বায়ু-  
র্বাতি যত্র ন চন্দ্রমাস্তপতি যত্র ন বায়ুর্বাতি যত্র ন  
চন্দ্রমাস্তপতি যত্র ন নক্ষত্রাণি ভাস্তি যত্র নাগ্নি-  
র্দহতি যত্র ন মৃত্যুঃ প্রাবিশতি যত্র ন দুঃখং  
সদানন্দং পরমানন্দং শাস্তং শাস্ততং সদাশিবঃ  
ঈশাদিবন্দিতং যোগিধ্যেয়ং যত্র গম্য ন নিঃসৃত্তে

योगिनस्तद्वेत्तदृचात्कामम् । तद्विकोः परमं पदं  
सदा पशुति सुरयः । दिवीचक्रराततम् । तद्विप्रान्से  
निपशुवो जागृवांसः समिद्धते । विष्णोर्व्यं परमं  
पदं । तदेतन्निकामञ्च भवति तदेतन्निकामञ्च भवति  
तदेतन्निकामञ्च भवति ॥ इति अष्टमोऽध्यायः ।

इत्थाथर्ववेदास्तुर्गतनृसिंहपूर्वतापनीयोपनिषदि  
पञ्चमोपनिषत् समाप्तः ।

भाषा । सुरयः ( पण्डिताः ) तद्विकोः ( तस्य नृसिंहस्य  
विकोः ) परमं पदं ( स्थानं ) दिवि ( द्वालोके ) अस्तुतं  
( आसमन्ताद् विस्तृतं ) चक्रः इव सदा पशुति । विकोः व्यं  
परमं पदम्, तत् ( तादृशं महाचक्रायाः स्थानं ) विप्रान्से  
( विप्राः, ब्राह्मणाः, उपानकाः ) निपशुवः ( मेधाविमः, समाधौ  
धारणशक्तियुक्ताः ) जागृवांसः ( जागरितावहारामेव ) समिद्धते  
( समृद्धिं कुर्वन्ति ) तत् एतत् ( पदं ) निकामञ्च ( काममारहितञ्च )  
भवति । इति ( मन्त्रसमाप्तिशुचकः ) । विष्णोर्व्यं परमं पदं ।

अनुवाद । एकशत अनुपनीत व्यक्ति  
एकजन उपनीत व्यक्तिर तुल्यः । एकशत उप-  
नीत एकजन गृहस्य तुल्यः । एकशत गृहस्य  
एकजन बानप्रस्थस्य समानः । एकशत बानप्रस्थ

একজন সন্ন্যাসীর তুল্য । একশত সন্ন্যাসী একজন  
 রুদ্রজাপকের সমান । একশত রুদ্রজাপক এক-  
 জন অথর্কশিরঃশিখাজাপকের তুল্য । একশত  
 অথর্কশিরঃশিখাজাপক একজন মহুরাজজাপকের  
 তুল্য । যেখানে সূর্য্য জাপ প্রদান করেন না, নক্ষত্র-  
 সমূহ প্রকাশ পায় না, যেখানে অগ্নি দগ্ধ করে না,  
 যেখানে মৃত্যু প্রবেশ করেন না, যেখানে দুঃখ নাই,  
 সর্বদা আনন্দ, পরমানন্দ, নিতানাস্তি, সদা-  
 শিব, ব্রহ্মাদিহারা পূজিত, যোগগণের ধ্যায় ; যোগি-  
 গণও যেখানে গিয়া নবৃত্ত হন । ইহা ঋগ্বেদ উক্ত  
 হইয়াছে—পশ্চিমগণ বাপক নৃসিংহের পরম স্থান  
 ছালোকে বিস্তৃত চক্ষুর জায় সর্বদাদর্শন করিয়া  
 থাকেন । মেধাবী ব্রাহ্মণগণ জাগ্রদবস্থায় বিষ্ণুর  
 সেই পরম পদ লাভ করিয়া থাকেন । নিষ্কাম ব্রাহ্ম-  
 গণের এই পরমপদ প্রাপ্তি ঘটিয়া থাকে । ইতিশব্দ  
 মনসমাপ্তিসূচক । বিক্রান্তি অধ্যায়-সমাপ্তি-দ্যোতিঃ ।

অষ্টম অধ্যায়ের বঙ্গানুবাদ সমাপ্ত ।

ইতি পঞ্চমোপনিষৎ ।



# नृसिंहोत्तरतापनीयोपनिषत्

अथ प्रथमः खण्डः ।

ॐ उद्भूतं कर्णभः ० ॥१॥ स्वस्ति न ईश्वरे ० ॥२॥

ॐ देवा इ वै प्रजापतिमक्रान्णोरणीयांसमिममा-  
आनमोङ्कारं नो वाचस्फुति तथेत्यामित्येतद-  
स्मरन्निदं सर्वं तस्योपव्याधानं भूतं त्वद्विष्यादिति  
सर्वमोङ्कार एव वक्ष्यामि त्रिकालातीतं तदपोङ्कार  
एव सर्वं ह्येतद् ब्रह्मायमात्मा ब्रह्म तमेतमात्मान-  
मोमिति ब्रह्मणैकौकृत्या ब्रह्म चात्मानमोमिति ब्रह्म-  
नैकौकृत्या तदेकस्मिन्मन्त्रे तन्मन्त्रमोमितामुत्सृज्य तस्मिन्निदं  
सर्वं त्रिशरीरमारोप्य तन्मन्त्रं हि तदेवेति संहरेदो-  
मिति तं वा एतं त्रिशरीरमात्मानं त्रिशरीरं परं  
ब्रह्मानुसन्ध्यां हूलत्रां हूलभूक्त्वाच्च हूलत्रां हूल-  
भूक्त्वाच्चैक्यादानन्दभोगाच्च सोऽयमात्मा चतुष्पाञ्जलि-  
गारुतस्थानः हूलप्रज्ञः सप्तान् एकानविंशतिमुखः  
हूलभूक् चतुराया विश्वा वैश्वानरः प्रथमः पादः ॥  
स्वप्नस्थानः हूलप्रज्ञः सप्तान् एकानविंशतिमुखः  
हूलभूक् चतुराया तैजसो हिरण्यगर्भो द्वितीयः पादः ।

যত্র সুষ্প্তো ন কক্ষন কামং কাময়তে ন কক্ষন স্বপ্নং  
 পশুতি তৎসুষুপ্তং সুষুপ্তস্থান একৌভূতঃ প্রজ্ঞানঘন  
 এবানন্দময়ো স্থানপভুক্ চেতোমুখশ্চতুরাত্মা প্রাজ্ঞ  
 ঈশ্বরশ্চ ত্রীমঃ পাদঃ এষ সর্বেশ্বর এষ সর্বজ্ঞ এষোহন্ত-  
 র্যাম্যেষ ষোনিঃ সর্বশ্চ প্রভবাপ্যঃস্রী হি ভূতানাং  
 ত্রয়মপোতৎসুষুপ্তং স্বপ্নং মায়াশাস্ত্রং । চিদেকরসো হৃদ-  
 মাশ্রাথ চতুর্থশ্চ তুরাত্মা তুরীয়াবসিতত্বাদেককথো-  
 ভানুজ্ঞাতনুজ্ঞাবকল্পৈস্ত্রয়মপাত্রাপি সুষুপ্তং স্বপ্নং মায়া-  
 শাস্ত্রং চিদেকরসো হৃদমাশ্রাথায়মাদেশো ন সুলপ্রজ্ঞং  
 ন সূক্ষ্মপ্রজ্ঞং নোহয়তঃপ্রজ্ঞং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞং ন  
 প্রজ্ঞানঘনমদৃষ্টমবাহার্যমগ্রাহমলক্ষণমচিস্তামব্যাপদেশ-  
 মৈকাৎমপ্রত্যয়সারং প্রপঞ্চোগশমং শিবং শান্তুমদ্বৈতং  
 চতুর্থং মচ্ছন্তে ন এবা ছাত্মা ন বিজ্ঞেয় ঈশ্বরগ্রাসস্বরীর-  
 তুরীয়ঃ ॥ ইত্যথর্ববেদান্তর্গতনাসংহোত্তর উপনিয়-  
 বঠোপনিষদি প্রথমঃ খণ্ডঃ ॥

বাখ্যা । দেবাঃ (পূর্বোক্তসাধনৈর্দীপ্তান্তঃস্বরগাঃ প্রসিদ্ধা ন।)  
 হ (ঐতিহ্যার্থঃ শব্দঃ ) । বৈ (বৈশ্বদেবোক্তসাধনবিশেষৈর্দীপ্তান্তঃ-  
 করণভেদে দেবানাঃ প্রকৃতসামর্থ্যঃ স্মরণ্যতি ) । প্রজ্ঞাপতি

## নৃসিংহোত্তরতাপনীয়োপনিষৎ । ৭১

আচার্য্যঃ প্রসিক্কঃ বা ) অনুরুবন্ ( উপসম্যোক্তবান্ ) ।  
 [ কিন্নুকুবন্ত ইত্যাহ—] অণোঃ ( স্মৃদ্যাদপ্যাকাশাদেঃ ) ।  
 অণীয়াংসং ( স্মৃত্তরঃ পরমাশ্বনম্ ) । [ অনুরুভোহপি  
 কারণভূতো য ওঁকারস্বরূপঃ পরমাত্মনঃ ] । নঃ ( অশ্বস্ত্যং ) ।  
 বাচক্ষু ( বিস্পষ্টঃ প্রকথঃ ) । তন্তু ( 'ওম্' ইত্যেতস্তাকরন্ত ) ।  
 তৎসামীপ্যনম্ ( তাত্ত্বপ্রাপ্তপত্নাপায়তয়া তৎসামীপ্যন ব্যাখ্যা-  
 নম্ ) । ত্রিশরীরম্ ( সূক্ষ্মসূক্ষ্মকারণরূপঃ শরীরায়ম্ ) ।  
 অসুগন্দপ্যাং ( অসুচিস্তয়েৎ ) । [ কথং চতুস্পাশ্বমিত্যাহ-  
 জাগরাতস্থান ইত্যাদিনা ] । সূলপ্রজ্ঞঃ ( সূলবিষয়া প্রজ্ঞাহস্তেতি )  
 সপ্তাঙ্গঃ ( দেহোন্মুখা, চক্ষুরাদিতাঃ, অগ্নিমুখা, প্রাণোবাসুঃ,  
 দেহমধ্যমাকশঃ, বায়ুঃ, সূক্ষ্মঃ, পৃথিবী পাদৌ ইতি সপ্তাঙ্গানি  
 তন্তু নামরূপাত্মনা তদ্বাপকন্ত ) । একোনবিংশতিমুখঃ ( বাক্-  
 শোত্রপ্রাণমনআদীনি সাধিদৈবতানি, নামরূপাশ্রয়াক্রয়নারাগ্যে-  
 কোনাবিশ্তিসংগা কানি—মুখান উপলক্ষিত্বারাণি অসা )  
 সূলভুক্ ( সূলান্ বিদ্যান্ প্রাধানোন ভুক্ত্বৈ স্বাত্মনাং করো-  
 তীতি ) । বিবো বৈমানরঃ ( সমষ্টিব্যষ্টাত্মনোরেকত্বম্ ) ।

**অনুবাদ** । দেবগণ পূর্বেকৃতসাধনসমূহের  
 দ্বারা শুদ্ধচিত্ত হইয়া প্রজাপতির নিকট গমন করত  
 জিজ্ঞাসা করিলেন,—ভগবন্ ! আকাশাদি সূক্ষ্ম বস্তু  
 হইতে ও সূক্ষ্মতর পরমাশ্বরূপ ওঁকারের উপদেশ

আমাদিগকে প্রদান করুন । যদ্যপি প্রণব বা ওঁকার পরমাঙ্গার বাচক, পরমাঙ্গা ওঁকারবাচ্য, তথাপি বাচ্য ও বাচকের অভেদ আরোপ করিয়া পরমাঙ্গাকেই ওঁকার বলা হইয়াছে, কারণ ওঁকারের দ্বারা পরমাঙ্গাকে উপলব্ধি করিতে পারা যায়, এই ওঁকার অনুষ্ঠানের কারণ । এই প্রশ্নের উদ্দেশ্য এই যে, পূর্বে অনুষ্ঠানের প্রাধান্যবশতঃ যে আঙ্গার উপদেশ দেওয়া হইয়াছে, এখন অনুষ্ঠানের কারণীভূত প্রণবকে প্রধান রাখিয়া ওঁকারকে প্রণবের অধীন রাখিয়া আমাদিগকে আঙ্গতত্ত্বের স্পষ্ট উপদেশ প্রদান করুন । প্রজাপতি দেবগণের প্রশ্নদ্বারা তাহাদের সামর্থ্য ও অধিকারিতা অবগত হইয়া বাললেন,—আচ্ছা তাহাই হউক, অর্থাৎ আমি তোমাদিগকে তাহারই উপদেশ প্রদান করিতেছি । এই কার্য্য ও কারণরূপে অবস্থিত যাহা কিছু জগৎ, তৎসমুদায়ই ওঁকারস্বরূপ । অতীত, বর্তমান ও ভবিষ্যৎ, এই তিনটি কালের দ্বারা পরিচ্ছিন্ন বস্তুসমূহ হইতেছে—সেই ওঁকাররূপ

অক্ষরের উপবাখ্যান, অর্থাৎ ইহারা আত্মজ্ঞানের উপায়, এই জন্ম আত্মার সামীপাক্রমে ব্যাখ্যা । অতি সূক্ষ্ম অত্মতত্ত্ব প্রত্যক্ষাদি প্রমাণগম্য নহে । তাঁহাকে যদি জানিতে হয়, তাহা হইলে এই অতীত, বর্তমান ও ভবিষ্যৎ—তিন কালের দ্বারা অবচ্ছিন্ন বস্তুর আত্মবাহিরিত্ব কিছুমাত্র সত্তা নাই. তাহাতেই আরোপিত,—এইরূপে যদি জানা যায়, তবে সেই অধিষ্ঠানভূত বস্তুর উপলব্ধি হইয়া থাকে । তৎকাল্য পরমাত্মরূপ ওঁকারকেই সমস্ত বস্তুর স্বরূপ বলা হইল । সেই বস্তু আবার দুই প্রকার, সূক্ষ্ম ও সূক্ষ্ম । সূক্ষ্ম বস্তু সমষ্টি ও বাষ্টিরূপ—বিরাটরূপ ; সূক্ষ্ম বস্তু সমষ্টি ও বাষ্টিরূপে হিরণ্যগর্ভরূপ ; এই উভয়বিধ বস্তু ওঁকাররূপ । প্রত্যেক শব্দ চারিপ্রকার, বৈখরী, বাকরূপ শব্দ, মধ্যমা বাক, পশ্যন্তী বাক ও পরাবাক । বিরাট, হিরণ্যগর্ভ, অব্যাকৃত ও সম্মাত্র এই চারিটি প্রণবের শরীর. প্রণবের মধো অকার, উকার, মকার ও নাদ আছে ।) আমাদের শ্রোত্রগ্রাহ্য, ক্রিয়াশক্তি প্রধান, বৈখরীস্বরূপ প্রণব বিরাট, পুরু,

যের বাচক, বিরাট্ সূত্ররূপ, সূত্রাং তাহাতে খর-  
ভাব আছে, বৈখরীতেও বিশেষরূপে খরভাব আছে,  
অতএব খরত্ব সান্না থাকায় বৈখরীস্বরূপ প্রণব বিরা-  
টের বাচক । ক্রমাদিয়ুক্ত বর্ণজ্ঞানরূপ জ্ঞানশক্তি প্রধান  
মধ্যমী বাকরূপ প্রণবহিরণ্যগর্ভের বাচক মনোরূপত্ব-  
সাদৃশ্য আছে এবং উভয়ের মধ্যে বর্তমান থাকায়  
মধ্যমা । কারণ, জ্ঞানে মনের আবশ্যিকতা ও হিরণ্য-  
গর্ভও সমস্ত মনের অধিষ্ঠাতা সমষ্টি বাষ্টি সূক্ষ্মরূপ  
অব্যাকৃত হইতেছে পশ্যন্তীবাকরূপা, ইচ্ছাশক্তি-  
প্রধানা পশ্যন্তীরূপ প্রণব কারণশরীর অব্যাকৃত  
শরীর বাচক । পশ্যদ্রুপতা উভয়ে বিদ্যমান থাকায়  
সাদৃশ্য রহিয়াছে । সমস্ত ক্রিয়াকরিত, সন্ধ্যামাত্র  
অবস্থিত । স্বাতন্ত্র্যশক্তি প্রধান, পরাবাকরূপ প্রণব  
সামান্য কারণশরীরের বাচক, কারণ পরত্বরূপ সাদৃশ্য  
উভয়ে বিদ্যমান আছে । কিন্তু এই সমস্তের অতীত  
তিনটি কালের দ্বারা অপরিচ্ছিন্ন, তুরীয় ব্রহ্ম ও ওঁ-  
কারস্বরূপা । পূর্বে যে সমস্ত শব্দপ্রকার প্রদর্শিত  
হইল, তাহা আত্মজ্ঞানের উপায় । সার্থক পূর্বেকৃত

শ্রুগুরূপ বাক্ চতুষ্টয়সাক্ষিধরূপ শ্রুগবাক্ষক ব্রহ্মে  
 তয় প্রদর্শিত হইতেছে । পূর্বোক্ত সমস্ত বস্তু ব্রহ্ম-  
 স্বরূপ; এহ আত্মা হ ব্রহ্ম । সেই আত্মাকে ওঁকাররূপ  
 ব্রহ্মের সহিত ত্রৈক্যসম্পাদন করিয়া এবং ব্রহ্মকে ও  
 হ্রীংকাররূপ আত্মার সহিত ত্রৈক্যসম্পাদন করিবে ।  
 তানন্তর সহ এক বস্তুতে অভূত, ভগ্ন, অমৃত, অভয়  
 ওঁকাররূপে অনুভব করিবে । সূক্ষ্ম, সূক্ষ্ম ও সূক্ষ্ম  
 শরীরে দ্বারা আত্মা যথাক্রমে তৈজস ও প্রাক্ত-  
 নামক হন, সেই আত্মাকে ত্রিশরীর ব্রহ্মরূপে ধ্যান  
 করিবেন । নিরাট, হিরণ্যগর্ভ ও কারণশরীরের  
 দ্বারা ব্রহ্মও ত্রিশরীর হন । সেই তিনটী শরীরের  
 দ্বারা উৎপত্তি ব্রহ্ম ও বৈশ্বানর, সূর্য ও জৈথর শব্দ  
 দ্বারা কাথিত হন । ব্যষ্টি ও সমষ্টির ত্রৈক্য সম্পাদন  
 করিয়া ত্রিশরীর জগৎ হইল । ব্যষ্টি ও সমষ্টিরূপ বিশ্ব  
 ও বৈশ্বানর স্বয়ং সূর্য হইয়া সূর্য বিষয় ভোগ করেন ।  
 তৈজস ও হিরণ্যগর্ভ ননোন্নয় বলিয়া স্বয়ং সূক্ষ্ম হইয়া  
 বাসনাময় সূক্ষ্ম বিষয়ের অনুভব করেন । প্রাক্ত ও  
 জৈথরের সহিত সকলের ত্রৈক্য আছে এবং আনন্দ

ভোগ করিয়া থাকেন । সেই আত্মা চতুর্ভুজ । যদিও আত্মার কোন পাদ বা অংশ নাই, তথাপি নিরংশ আত্মাকে বৃকিবার জন্য তাহা কল্পিত হইতেছে । আত্মা কেন যে চতুর্ভুজ তাহা প্রদর্শিত হইতেছে । জাগরিতস্থান যাহার প্রজ্ঞা, যিনি সূক্ষ্মবিষয়ক, ত্রালোক মস্তক, চক্ষুঃ আদিত্য, অগ্নি মূখ, প্রাণ বায়ু, দেহ-মধ্য আকাশ, বস্তু সমুদ্র, পৃথিবী পাদদ্বয় ইত্যাদি সাতটি যাহার অঙ্গ, বাক্, শ্রোত্র, প্রাণপ্রভৃতি এক-বিংশতি যাহার মুখ অর্থাৎ উপলক্ষের উপায় সূক্ষ্ম বিষয়-ভোগী জাগ্রদবস্থাভিমानी সূক্ষ্ম, সূক্ষ্ম, কারণ, সাক্ষিক্রম প্রসিক্ চারিটি যাহার আত্মা অর্থাৎ স্বরূপ, এইরূপ বাষ্টিভূত বিশ্ব ও সমষ্টিভূত বৈশ্বানর তাঁহার প্রথম পাদ । স্বপ্ন যাহার স্থান, সূক্ষ্মরূপে অবস্থিত বাসনা যাহার বিষয়, পূর্কোক্ত বাসনাময় সাতটি যাহার অঙ্গ, বাসনাময় বাক্শ্রোত্রাদি যাহার উপলক্ষের দ্বার, যিনি বাসনারূপ সূক্ষ্ম বিষয় ভোগ করেন, পূর্কোক্ত চারিটি যাহার স্বরূপ, সেই ব্যষ্টি তৈত্তস ও সমষ্টি হিরণ্যগর্ভ দ্বিতীয় পাদ । বে অবস্থাতে সুবৃশ্



পুরুষ কোন অভীষ্ট বস্তু প্রার্থনা করেন না, কোনরূপ স্বপ্ন দেখেন না, তাঁহার নাম সুষুপ্তি। সেই সুষুপ্তি যাহার স্থান, যখন ব্রহ্মের সহিত এক হইয়া যান, যিনি বিজ্ঞানমূর্তি আনন্দপ্রচুর, আনন্দ মাঝে অনুভব করেন, জাগ্রদাদি অবস্থা ও চিত্তের কারণ চতুরাশ্রক বাষ্টি প্রাক্ত ও সমষ্টি সৈশ্বর হইতেছেন তৃতীয় পাদ। ইনি সকলের প্রভু, সর্বজ্ঞ, সকলের হৃদয়ে থাকিয়া নিয়মিত করেন, সকলের কারণ, প্রাণিগণের উৎপত্তি, স্থিতি ও প্রলয়স্থান। জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি—এই তিনটি অবস্থা বাস্তব নহে, মায়ামাত্র অর্থাৎ মিথ্যা কেবলমাত্র আত্মাতে আবেশিত হইয়া থাকে। কারণ, আত্মা শুদ্ধ, চিৎস্বরূপ। পূর্বেকৃত তিনটি পাদ হইতে ভিন্ন চতুর্থ পাদ ও চতুরাশ্রক। এই তুরীয় পাদে এক একটা রূপের ওত, অল্পজাত ও অনুজ্ঞা বিকল্পের দ্বারা তিনটি রূপ হইলেও সকলের তুরীয়ে পর্যাবসান হইয়া থাকে। সচ্চিদানন্দরূপ মায়ার সাক্ষী সৎ, চিৎ ও আনন্দ-রূপের দ্বারা মাঝাকে ব্যাপিয়া আছে, একরূপ চিন্তার

নাম ওতযোগ । সচ্চিদানন্দ-স্বরূপের দ্বারা বাস্তব  
 মায়ার স্বাভাবিক সত্তা প্রকাশাদি নাই, সাক্ষীর  
 সত্তা প্রকাশাদির অধীন তাহার সত্তা প্রকাশাদি  
 বলিয়া তাহাতে অধ্যাস্ত, এইরূপ চিন্তার নাম অনু-  
 জ্ঞাতযোগ । সেই সাক্ষীতে অধ্যাস্ত, অধ্যাস্তরূপ  
 বাহার স্বরূপ,—এইরূপে চিন্তনের নাম অনুজ্ঞাযোগ ।  
 সূত্রবাং প্রণবকে ওত, অনুজ্ঞাত্ ও অনুজ্ঞারূপে  
 বিতক্ত করিবে । অতএব ওতহাদি গুণাবশিষ্ট  
 বস্তু প্রণবের দ্বারা জানিতে পারা যায় । সুষুপ্ত, স্বপ্ন  
 ও মায়ামাত্র চিত্রপ আত্মাতে অধ্যাস্ত । এ বিষয়ের  
 এইরূপ উপদেশ আছে, যথা,—যেখানে স্থূলবিষয়ক  
 বুদ্ধিবৃত্তি নাই, যেখানে বাসনাময় বুদ্ধিবৃত্তি নাই,  
 জাগ্রৎ ও স্বপ্নের মধ্যাবস্থা নাই, যেখানে সামান্ত  
 জ্ঞান নাই, যেখানে জড়তা নাই, প্রজ্ঞান  
 মূর্তিও নাই, প্রতাক্ষও নাই, যাহা কর্মোদ্ভিন্ন-  
 সমূহের দ্বারা ব্যবহারযোগ্য নহে, যাহা শ্রোত্রী-  
 দির দ্বারা অগ্রাহ্য, যাহা অনুমানেরও অবিবয়, মনের  
 দ্বারা বাহ্য চিন্তাযোগ্য ও নহে, শব্দের দ্বারাও

হাতা বলা ষাষ না, জাগ্রদানি অবস্থাতে একমাত্র  
 আত্মজ্ঞান যাহার সার,যেখানে সমস্ত প্রপঞ্চের নিবৃত্তি  
 যাহাকে ব্রহ্মবিদগণ শিব, শাস্ত্র, অদ্বৈত, তুরীয় বলিয়া  
 থাকেন । যেখানে ঈশ্বরেরও বিলোপ ঘটে, যিনি  
 সাক্ষিরূপ তুরীয়েরও তুরীয়, সেই প্রকৃত আত্মস্বরূপ  
 অবশ্য জ্ঞাতব্য । প্রথম খণ্ডের বঙ্গানুগাদ সমাপ্ত ।

অথ দ্বিতীয়াঃ খণ্ডঃ ।

১ । তং বা এতমাত্মানং জাগ্রতাস্বপ্নমসুষুপ্তং  
 স্বপ্নেহজাগ্রতমসুষুপ্তং সুষুপ্তেহজাগ্রতমস্বপ্নং তুরীয়েহ-  
 জাগ্রতমস্বপ্নমসুষুপ্তমবাভিচারিণং নিত্যানন্দং সদেক-  
 রসং হেব চক্ষুষো দ্রষ্টা শ্রোত্রস্ত দ্রষ্টা বাচো  
 দ্রষ্টা মনসো দ্রষ্টা বুদ্ধেদ্রষ্টা প্রাণস্ত দ্রষ্টা  
 তমসো দ্রষ্টা সর্বস্ত দ্রষ্টা ততঃ সর্বস্বাদস্বাদভ্যো  
 বিলক্ষণশ্চক্ষুষঃ সাক্ষী শ্রোত্রস্ত সাক্ষী বাচঃ সাক্ষী  
 মনসঃ সাক্ষী বুদ্ধেঃ সাক্ষী প্রাণস্ত সাক্ষী তমসঃ সাক্ষী  
 সর্বস্ত সাক্ষী ততোহবিক্রিরো মহাচৈতন্যোহস্মাৎ সর্ব-  
 স্মাৎ প্রিয়তম আনন্দঘনং হেবমস্মাৎ সর্বস্মাৎ পুরুতঃ  
 হুবিজাতমেকব্রসমেবাজরমমৃতভয়ং ব্রহ্মৈবাপ্যবরৈনং

চতুষ্পাদং মাত্ৰাভিরোংকারেণ চৈকীকুৰ্য্যাজ্জাগরিত-  
 স্থানশ্চতুরাশ্বা বিশ্বে বৈশ্বানরশ্চতুরূপোহকার এব  
 চতুরূপো হ্রস্বমকারঃ সুলস্বস্ববীজসাক্ষিভিরকারকটৈ-  
 রাশৈরাদিমব্ৰাহ্মী সুলভ্বাৎ স্বস্বভ্বাবীজভ্বাৎ সাক্ষিভ্বাচ্চা-  
 পোতি হ বা ইদং সৰ্বমাদিশ্চ ভবতি য এবং বেদ ॥  
 স্বপ্নস্থানশ্চতুরাশ্বা তৈজসো হিরণ্যগভশ্চতুরূপ উকার  
 এব চতুরূপো হ্রস্বমুকারঃ সুলস্বস্ববীজসাক্ষিভিকার-  
 কটৈগক্ৰৎকৰ্ষাত্ হ্রস্বভ্বাৎ সুলভ্বাৎ স্বস্বভ্বাবীজভ্বাৎ সাক্ষিভ্বা-  
 চ্চাৎকৰ্ষতি হ বৈ জ্ঞানসম্ভূতিঃ সমানশ্চ ভবতি য এবং  
 বেদ । সুষুপ্তস্থানশ্চতুরাশ্বা প্রাজ্ঞ ঈশ্বরশ্চতুরূপো  
 মকার এব চতুরূপো হ্রস্বং মকারঃ সুলস্বস্ববীজসাক্ষি-  
 ভিমকারকটৈপামহেরপীতেব । সুলভ্বাৎ স্বস্বভ্বাবী-  
 জাৎসাক্ষিভ্বাচ্চ মিনোতি হ বাহুদং সৰ্বমপীতিশ্চ  
 ভবতি য এবং বেদ ॥ মাত্ৰা মাত্ৰাঃ প্রতিমাত্ৰাঃ  
 কুৰ্য্যাদথ তুরীয় ঈশ্বরগ্রাসঃ স্বরাট্ স্বয়মীশ্বরঃ  
 স্বপকাশশ্চতুরাংশোতানুজ্ঞাত্তনুজ্ঞানিকনৈরোতো হ্রস্ব-  
 মাশ্বা হ্রস্বেশং সৰ্বমন্তুকালে কালাগ্নি সূৰ্য্য উত্শ্রয়-  
 নুজ্ঞাতা হ্রস্বমাশ্বাত্ত সৰ্বশ্চ স্বাশ্বানং বদাতীদং সৰ্বং

नृसिंहोत्तरतापनीयोपनिषत् । ८१

ह्याह्वानमेव करोति यथा तमः सविताहनुष्कैकरसो  
 ह्यमात्रा चिद्रूप एव यथा दाहं दग्धाह्निरविकल्लो  
 ह्यमात्राह्वाङ् मनोगोचरत्वाच्चिद्रूपश्चतुरूप ँकार  
 एव चतुरूपो ह्यमोङ्कार ओतानुष्वात्रनुष्वाविकल्लै-  
 रोङ्काररूपैरादैव नामरूपात्कः इदं सर्वं तुरीय-  
 वाच्चिद्रूपत्वाद्वा ओत्वादनुष्वात्त्वत्वादनुष्वात्त्वादविकल्लरूपत्वा-  
 च्चाविकल्लरूपं इदं सर्वं नैव तत्र काचन भिदा-  
 इत्याथ तत्रारमादेशोहमात्रश्चतुर्थोह्वावर्थाः प्रपञ्चो-  
 पशमः शिवोह्दैवत ँकार आदैव संविशत्याह्वानाह-  
 ह्वानं य एवं वेदैष वीरो नारसिंहेन वाहनुष्वात्ता  
 मङ्गराजेन तुरीयः विद्यादेश ह्याह्वानं प्रकाशयति  
 सर्वसंहारसमर्थः परिभवसहः प्रभूर्वापुः सदोष्कलो-  
 ह्विद्याकर्षाहीनः स्वाह्वक्त्रहरः सर्वादा द्वैतरहित जानन्द-  
 रूपः सर्वाधिष्ठानसमाप्तो निरस्ताविद्यातमोमोहो-  
 ह्मेवेति तस्मादेवामवेममाह्वानं परं ब्रह्मानुसंध-  
 ध्यादेश वीरो नृसिंह एव ॥

इत्यथव वेदान्तुर्गतनृसिंहोत्तरतापनीये  
 षष्ठोपनिषदि त्रितीयः ५७ः ॥

ব্যাখ্যা । অবাতিচারিণঃ ( সর্বাশ্বস্তান্ অমুগচ্চঃ )  
 স্রবিস্তাতং ( স্রুষ্টি বিস্পষ্টঃ তদ্ভেদসাক্ষিভেদেন ভ্রাতি ) । অমৃতম্  
 ( সর্বাশনিমেধরূপম্ ) । অজয়া ( মায়য়া ) । মাত্রাভিঃ ( ওঁকা-  
 রেণ ) । মাত্রাঃ ( অকারদাঃ ) । প্রতিমাত্রাঃ ( উকারাণাঃ ) ।  
 অস্তকালে ( প্রলয়ে ) । উতৈশ্চ ( বদীপ্তিভিঃ ) । ভিদা ( ভেদঃ ) ।

অনুলাদ । পূর্ব্ব খণ্ডে স্রুষ্টি, স্বপ্ন ও মায়্যা-  
 মাত্র,—চৈতন্যস্বরূপ আত্মা,—ইহা উপপাদিত হই-  
 যাচ্ছে । আবার তাহা কারণপ্রদর্শনপূরঃসর বিস্তুত-  
 ভাবে প্রতিপাদনের জন্তু মাত্রার সহিত চিদ্রূপ আত্মার  
 একত্ব প্রদর্শন করিতেছেন । অতঃপর প্রণব উচ্চা-  
 রণ করিয়া তাহাতে সমস্ত মাত্রার উপসংহারকরতঃ  
 বিদ্বানের তুরীয়াত্মারূপ প্রদর্শন করিবার জন্তু  
 দ্বিতীয় খণ্ডের অবতারণা করা হইল । বিবিধ স্তিম  
 স্তিম বিজ্ঞাতীর সজ্ঞাতীর পুষ্পের দ্বারা একটী মালা  
 গাঁথা হয়, মালার মধ্যে একটি সূত্র থাকে । প্রত্যেক  
 পুষ্প ভিন্ন হইলেও তাহাদের সকলের মধ্যে সূত্র  
 অনুসৃত থাকে ; সেইরূপ জাগ্রৎ, স্বপ্ন ও স্রুষ্টি  
 এই তিনটী অবস্থা পরস্পর ব্যতিচারিণী, অর্থাৎ

একটি অপর দুইটিতে নাই, কিন্তু জ্ঞানস্বরূপ আত্মা সমস্ত অবস্থার মধ্যে সূত্রবৎ অনুস্থিত আছেন। এখন তাহাই প্রদর্শিত হইতেছে। জাগ্রদবস্থায় স্বপ্ন ও সুষুপ্তিরহিত, স্বপ্নে জাগ্রৎও সুষুপ্তিরহিত, সুষুপ্তিতে জাগ্রৎও স্বপ্নরহিত, তুরীয়ে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিরহিত আত্মাকে জাগ্রদাদি অবস্থাত্রেয়ে অগুণত, নিত্যানন্দ ও সন্মাত্র বলিয়া জানিবে। যিনি চক্ষুঃ, শ্রোত্র, বাক্, মনঃ, বুদ্ধি, প্রাণ, অজ্ঞান, এমন কি সকলের দ্রষ্টা। যখন আমরা চক্ষুঃ দ্বারা দেখি, তখন শ্রোত্র দ্বারা শুনি না, এইরূপে চক্ষুঃশ্রোত্র-প্রভৃতি পরস্পর ব্যাভিচারী, কিন্তু আত্মা জ্ঞানস্বরূপ বলিয়া যে কোন প্রত্যক্ষ তিনি অব্যভিচারী, সেই সমস্ত চক্ষুঃশ্রোত্রপ্রভৃতি শুড় বস্তু হইতে আত্মা বিলক্ষণ, এইজন্ত আত্মা চক্ষুঃ, শ্রোত্র, বাক্, মনঃ, বুদ্ধি, প্রাণ, অজ্ঞান এমন কি সকলের সাক্ষী, অতএব তিনি বিকাররহিত, ব্যাপক ও চৈতন্যস্বরূপ, এই সমস্ত বস্তু অপেক্ষা আত্মা প্রিয়তম, আনন্দমূর্তি। আত্মা এই সমস্ত শুড় বস্তুর সম্মুখে সূক্ষ্মরূপ বিস্পষ্ট-

ভাবে প্রকাশ পাইতেছেন, তিনি এক ও রসস্বরূপ, অজর, একদেশনাশরহিত, সর্বনাশহীন, অতএব আত্মা; অভয় ব্রহ্মস্বরূপ; কিন্তু তাঁহার একরূপ স্বরূপ হইলেও অনাদি মায়ার দ্বারা চতুষ্পাদ হন, তাঁহাকে অকারাদি মাত্রা ও ওঁকারের সহিত একীভূত করিবে। ব্রহ্ম চতুষ্পাদ, তন্মধ্যে বিশ্ব ও বৈশ্বানর প্রথমপাদ, তেজস ও হিরণ্যগর্ভ দ্বিতীয় পাদ, প্রাজ্ঞ ও ঈশ্বর তৃতীয় পাদ, সাক্ষী তুরীয় বা চতুর্থপাদ। ওঁকারেরও চারিটা মাত্রা, অকার, উকার, মকার ও নাদ। সেই ওঁকার আবার ওত, অনুজ্জাত ও অনুজ্জারূপ বিকল্পের দ্বারা তিন প্রকার, সেই ত্রিবিধ-বিকল্পরূপ ওঁকার অকারাদি মাত্রাতে অনুগত। এখন কোন্ পাদকে কোন্ মাত্রার সহিত ঐক্য-সম্পাদন করিতে হইবে, তাহা বলিতেছেন। জাগরিত-স্থান চতুরাশ্রা অর্থাৎ সূক্ষ্ম, সূক্ষ্ম কারণ অর্থাৎ মায়ী ও সাক্ষিরূপ চারিটিস্বরূপ। বিশ্ব ও বৈশ্বানর চতুরূপ অর্থাৎ সূক্ষ্ম, সূক্ষ্ম, বীজ—কারণ—মায়ী ও সাক্ষিরূপে চতুঃস্বরূপ। অকার ও সূক্ষ্মাদিবিচারাত্মক বৈশ্বরী,



## নৃসিংহাস্তরতাপনীয়োপনিষৎ ।

৮৫

মধ্যমা ও পরাক্রম বীজ, বিন্দু, নাদ ও শক্তিসমূহের  
দ্বারা চতুঃস্বরূপ, যেহেতু এই অকার স্থূল, সূক্ষ্ম,  
বীজ ( কারণ ) ও সাক্ষিক্রমে সমস্ত বর্ণকে ব্যাপিয়া  
আছে এবং অকার সমস্ত বর্ণের আদি বলিয়া স্থূলত্ব,  
সূক্ষ্মত্ব, কারণত্ব ও সাক্ষিক্রমে সমস্ত বর্ণকে প্রাপ্ত  
হয় অর্থাৎ অকারের মধ্যে সমস্ত বর্ণই অন্তর্ভূত  
আছে । অকার যেমন সমস্ত বর্ণের ব্যাপক, বিরাট্‌ও  
সেইরূপ বিশ্বকে ব্যাপিয়া আছেন । ব্যাপ্তিরূপ  
সাধারণ ধর্ম অকার ও বিরাটে থাকায় উভয়ের  
একত্ব নির্ণয় করা যায় । নামরূপাত্মক অকার ও  
বিরাট্‌ স্থূল বিষয়ের বিকাররূপ ও প্রকাশস্বরূপ  
বলিয়া উভয়ের ঐক্য করিতে পারা যায়, (মাত্রার  
আদি অকার, চতুঃপাদ ব্রহ্মের আদি পাদ বিশ্ব ।)  
বিশ্ব বাষ্টি ও বৈশ্বানর সমষ্টি, উভয়ের একত্ব ধরিয়া  
পূর্বে বলা হইয়াছে, বাষ্টি স্থূল শরীর যাত্রার উপাধি  
এবংবিধ চেতনকে বিশ্ব ও সমষ্টি স্থূল শরীর যাত্রার  
উপাধি, যাত্রার নাম বিরাট্‌ বা বৈশ্বানর । বাষ্টিভূত  
বিশ্ব ও সমষ্টিভূত বৈশ্বানরকে এক ধরিয়া প্রথম

শাদ বলা হইয়াছে । যিনি এইরূপ একত্ব জানেন, তিনি এই সমস্ত ভোগ্য বস্তু প্রাপ্ত হন এবং সকলের আদি অর্গাৎ প্রধান হন, ইহা হইতেছে অনাস্তুর ফল, মুখা ফল মতে, মুখা ফল মুক্তি । অপরূপ চতুরাশ্রক, তৈজস ও হিরণ্যগর্ভ চতুঃস্বরূপ, উকারঃ চতুঃস্বরূপ । বাঈ সূক্ষ্ম শরীর চৈত্র্যের উপাধি তাঁহাকে তৈজস বলা হয়, সমস্ত সূক্ষ্ম শরীর যে চৈত্র্যের উপাধি তাঁহাও নাম হিরণ্যগর্ভ । বাঈ ও সমষ্টি একাকরক দ্বিতীয় শাদ বলা হইয়াছে । এই উকার আকার সূক্ষ্ম, সূক্ষ্ম, কারণ ও সাক্ষিক্রমে চতুঃস্বরূপ তৈজস ও উকারের একত্বজ্ঞানের প্রাপ্তি হেতু হইতেছে—উংকুরে ও উভয়কপত্ব । বিশ্ব হইতে তৈজস পরবর্তী বা উন্নত, প্রণব উচ্চারণ করিতে গেলে অকারের পর উকারও উংকুরে । ইহা সূক্ষ্ম, সূক্ষ্ম, বাঈ ও সাক্ষিক্রমে চতুঃস্বরূপ । অকার উচ্চারণ স্থান কণ্ঠ, উকারের উচ্চারণ স্থান ওষ্ঠ ; কণ্ঠস্থান হইতে ওষ্ঠস্থানের অভিব্যক্তি অধিক । ওষ্ঠস্থান উ কণ্ঠস্থান অকারকে ব্যাপিয়া আছে, হিরণ্যগর্ভ

## নৃসিংহোত্তরতাপনীয়োপনিষৎ । ৮৭

ও বিরাটকে বাপিমা আছে । উকার এবং তৈজস ও  
ত্রিগণার্ভের উভয়রূপই তুলা । যিনি উভয়ের  
একই জানেন, তিনি জ্ঞানদ্বারায় বর্দ্ধিত করেন এবং  
শক্র ও মিত্রের নিকট তুলাভাবে সমাদৃত হন ।  
স্বপুষ্ণ স্থান চতুরাঙ্ক ; প্রাজ্ঞ ও ঈশ্বর চতুঃস্বরূপ ;  
মকারও চতুঃস্বরূপ ; এই মকার স্কলহ, স্কলহ, বীজহ ও  
সাক্ষিহরূপে চতুঃস্বরূপ । জাগ্রদাদি অবস্থাকে জানেন,  
এবং ইহাতে সমস্ত বস্তু লয় প্রাপ্ত হয় । ইহার আকার  
স্কলহ, স্কলহ, বীজহ ও সাক্ষিহরূপে চতুঃস্বরূপে  
বিদ্যমান । যিনি উভয়ের ত্রৈক্য জানেন, তিনি  
সমস্তই জানেন এবং সমস্তই তাহাতে লীন হয় ।  
মাত্ৰা অকারাদি, পিতৃমাত্ৰ উকারাদি, মাত্ৰা-  
সমূহকে পিতৃমাত্ৰায় উপসংহার অর্থাৎ লয় করিবে,  
তাহা হইলে একমাত্ৰ পুণীঃ অনশিষ্ট থাকিবে ।  
অকাররূপ মাত্ৰার প্রতিমাত্ৰা উকার, উকাররূপ  
মাত্ৰার প্রতিমাত্ৰা মকার, মকাররূপ মাত্ৰার প্রতি-  
মাত্ৰা তুরীয় প্রণব । যিনি তুরীয়, তিনি ঈশ্বরকে  
উপসংহার করেন । তুরীয় স্বরাট্, স্বতন্ত্র ও স্বপ্রকাশ ;

ওত, অনুজ্ঞাত্ ও অনুজ্ঞারূপ বিকল্পযুক্ত এই তুরীয় চতুরাশ্বক । যেমন প্রলয়কালীন অগ্নি ও সূর্য্য সকলকে সংহার করিতে প্রবৃত্ত হইয়া স্বকীয় দাঁপ্তির দ্বারা বাহ্য ও অভ্যন্তর সকলকে ব্যাপিয়া থাকেন, সেইরূপ তুরীয় সৎ ও চিত্রপ রশ্মির দ্বারা সকলকে সংহার করিবার জন্য ব্যাপিয়া আছেন, এই তুরীয় আত্মা অনুজ্ঞাতরূপ, রজ্জুতে আরোপিত সর্পের সত্তা যেমন রজ্জু, সেইরূপ তুরীয় আত্মাতে সমস্ত বস্তু আরোপিত বলিয়া সকলকে নিজের সত্তা প্রদান করেন, সকলকে নিজস্বরূপে প্রকাশিত করেন ; যেমন সূর্য্য উদিত হইয়া অন্ধকারে বিলীন বস্তুসমূহের সত্তা প্রদান করেন । আত্মা চৈতন্যস্বরূপ, যেমন প্রলয়াগ্নি দাহ্য বস্তু দগ্ধ করিয়া নির্বিশেষ হন, সেইরূপ আত্মাতে অশাস্ত সমস্ত বস্তুকে জানিয়া চিন্মাত্র হন । এই আত্মা নির্বিশেষ, বাক্ ও মনের অবিষয়, সূত্রাং চিত্রপ । ওঁকারও চতুরাশ্বক, তাহার আবার ওত, অনুজ্ঞাত্ ও অনুজ্ঞারূপ বিকল্প আছে । নাম ও রূপাশ্বক সমস্ত বস্তু আত্মস্বরূপ । তুরীয়শ্ব, চিত্রপশ্ব,

ওতৎ, অনুজ্ঞাত্ব, অনুজ্ঞাত্ব ও অবিকল্পরূপক  
 হেতু এই সমস্ত বস্তু অবিকল্পরূপ, ইহাতে কোনরূপ  
 ভেদ নাই । তুরীয় ওঁকার আত্মার বিষয়ে একরূপ  
 উপদেশ আছে, তুরীয় ওঁকারের কোন মাত্রা নাই,  
 চতুর্থ, বিশেষা-বিশেষণাদি দ্বারা ব্যবহারে অযোগ্য,  
 যেখানে সমস্ত প্রপঞ্চের নিবৃত্তি, শিব, অদ্বৈত ওঁকার  
 আত্মাই, সেই আত্মা প্রণবরূপ আত্মা দ্বারা আত্মাতে  
 প্রবেশ করেন । যিনি এইরূপ তৃতীয় আত্মাকে  
 জানেন, তিনি বীরের গ্ৰাম সংসারে কাহারও নিকট  
 পরাভব প্রাপ্ত হন না, তিনি মন্ত্ররাজ নৃসিংহদেবতাক  
 অনুষ্টুভের দ্বারা তুরীয়কে জানেন ; তিনি আত্ম-  
 স্বরূপ প্রকাশিত করেন । এই বিদ্যাবিদ সকলের  
 সংহারে সমর্থ হন, কাহারও পরিভব সহ্য করেন না,  
 সকলের প্রভু হন ও সকলকে বাপিয়া অবস্থান  
 করেন । তিনি সর্বদা প্রকাশমান, অবিদ্যা ও  
 তৎকার্যহীন; নিজের বন্ধনচ্ছেদী, সর্বদা দ্বৈতশূন্য,  
 আনন্দস্বরূপ, সকলের অধিষ্ঠান, সন্ন্যাস, অবিদ্যা-  
 ভয়ঃ মোহরহিত ও অহঙ্কারাদি-বৈত্যাশূন্য হন ।

অতএব এবংবিধ আত্মাকে পরব্রহ্মরূপে অনুসন্ধান  
করিবে । বীর নৃসিংহই পরব্রহ্ম ।

দ্বিতীয় খণ্ডের বঙ্গানুবাদ সমাপ্ত ।

### তৃতীয়ঃ খণ্ডঃ ।

তস্ম হ নৈ প্রণবস্ত্র যা পূর্বা মাত্ৰা সা প্রথম-  
পাদোভয়তো ভবতি দ্বিতীয়া দ্বিতীয়স্ত তৃতীয়া তৃতীয়স্ত  
চতুর্থোত্তানুজ্জাবলুজ্জাবিকল্পকপা তয়া তুরীয়ঃ চতুরা-  
আনমম্বিসা চতুর্গপাদেন চ তয়া তুরীয়েণামুচিস্তয়ন্  
গ্রসেত্তস্ত হ বা এতস্ত প্রণবস্ত্র যা পূর্বা মাত্ৰা সা  
পৃণিবাকারঃ স ঋগ্ভিষ্ক্বেদো ব্রহ্মা বসবো গায়ত্রী  
গার্হপত্যঃ সা প্রথমঃ পাদো ভবতি ভবতি চ সর্বেষু  
পাদেষু চতুরায়া সূনস্বস্ববীজসাম্ফিত্তিত্বিতীয়াহস্তরিক্ফঃ  
স উকারঃ স যজুর্ভিষ্ক্বেদো বিষ্ক্বেদাদিত্তিত্বিত্ব-  
ক্ষিণাগ্নিঃ সা দ্বিতীয়ঃ পাদো ভবতি ভবতি স সর্বেষু  
পাদেষু চতুরায়া সূনস্বস্ববীজসাম্ফিত্তিত্বিত্বিতীয়া স্তোঃ  
স মকারঃ স সামভিঃ সামবেদো রুদ্রাদিত্যা জগত্যা-  
হবনীয়ঃ সা তৃতীয়ঃ পাদো ভবতি ভবতি চ সর্বেষু

पादेषु चतुरात्रा हृत्सृक्ष्वीजसाङ्गिभिर्गह्वसानेहसा  
 चतुर्थाधमात्रा सा सोमलोक उकारः सोहथवर्णै-  
 ः देवैरथवर्णैः संवर्तकान्निर्मकतो निरादेकध्वि-  
 त्वास्वती श्रुता सा चतुर्थः पादो भवति भवति च सर्वेषु  
 पादेषु चतुरात्रा हृत्सृक्ष्वीजसाङ्गिभिर्मात्रा मात्राः  
 प्रतिमात्राः कृहोतानुक्रानुक्राविकल्परूपं चिस्तयन्  
 ग्रामेत् छोह्युते छुत्सर्विकः शुद्धः संवष्टो  
 निविद्य इममस्मिन्नियमेहनुभूयेत्तदः सर्वं दृष्टुं प्रपञ्च-  
 दानाहथ सकलः साधारोह्युत्तमश्चतुरात्रा सर्वमव-  
 च्चतुरात्र हथ महापौठे सपरिवारं तनेतं चतुः-  
 सप्तान् चतुरात्रानं मृगात्राविकल्पं प्रगवः  
 सन्ध्यां सप्तान् चतुरात्रानमकां व्रजानं नाभौ  
 सप्तान् चतुरात्रानमकारं विष्णुं हृदये सप्तान्  
 चतुरात्रानं मकारं रुद्रं भ्रुवधौ सप्तान् चतुरा-  
 त्रानं चतुःसप्तान् चतुरात्रानमोकारं सर्वेश्वर  
 द्वादशांते । सप्तान् चतुरात्रानं चतुःसप्तान्  
 चतुरात्रानमानन्दामृतरूपमोकारं षोडशांते । अथा-  
 नन्दामृते नैतांश्चतुर्धा संपूज्य तथा व्रजानमेव

বিষ্ণুমেব ব্রহ্মমেব বিভক্তাংস্ত্রীনেবা বিভক্তাংস্ত্রীনেব  
 লিঙ্গরূপানেব চ সম্পূজ্যোপহারৈশ্চ তুর্ধাংশ্চ লিঙ্গান্  
 সংহৃত্য তেজসা শরীরত্রয়ং সংব্যাপ্য তদধিষ্ঠানমাআনং  
 সংজ্ঞায়া তত্তেজঃ আআচৈতন্যরূপং বলমবষ্টভা তস্ম  
 ঞ্চনৈরৈক্যাং সংপাণ্ড মহাস্কুলং মহাস্কন্দে মহাস্কন্দং  
 মহাকারণে চ সংহৃত্য মাত্রাভিরোতানুজ্জাত্রক্ষুজ্জা-  
 বিকল্পরূপং চিস্তয়ন্ গ্রসেৎ ॥

ইত্যথর্ববেদাঙ্গুর্গতনুসিংহোক্তরতাপনীয়ে

তৃতীয়ঃ খণ্ডঃ ॥

ব্যাখ্যা । পূর্বামাত্রা ( অকারো বিরাড়্ বাচকঃ ) । প্রথম-  
 পাদোভয়তঃ ( অনুষ্টুপ্ প্রথমপাদস্ত বিরাড়র্থস্ত উভয়তঃ—  
 পূর্বোক্তরভাগয়োঃ বিরাট্ চিস্তনার্থঃ ভবতি ) । দ্বিতীয়তঃ  
 ( অনুষ্টুপ্ দ্বিতীয়পাদস্ত হিরণ্যগর্ভার্থস্ত উভয়তঃ পূর্ববা-  
 ভবতি ) । দ্বিতীয়া ( মাত্রা উকারঃ হিরণ্যগর্ভার্থঃ ) । তৃতীয়  
 ( মাত্রা, মকারঃ হিরণ্যগর্ভার্থঃ ) । তৃতীয়স্ত ( অনুষ্টুপ্  
 তৃতীয় পাদস্ত ঈশ্বরার্থস্য উভয়তঃ ভবতি ) গ্রসেৎ  
 ( বিলাপয়েৎ ) ।

অনুবাদে । তৃতীয় মাত্রা ও অনুষ্টুভের  
 দ্বারা তুরীরের উপগন্ধ হয়,—ইহা অভিহিত



হইয়াছে। এখন 'উগ্রং বীরম্' ইত্যাদি অনুষ্টুপ্ শ্লোকের চারিটি পাদ ও চারিটি মাত্রাকে মিশ্রিত করিয়া বিরাদাদি চারিটি ব্রহ্ম পাদের উপাসনা বলিতে হইবে, তজ্জন্ম এই তৃতীয় খণ্ডের আরম্ভ । 'ওমিত্যাদক্ষরম্'—ইত্যাদি ক্রতিতে যে প্রণব উক্তি হইয়াছে,—তাহার পূর্বা মাত্রা হইতেছে অকার, তাহা বিরাটের বাচক । সেই মাত্রা বিরাট্, যাহার প্রতিপাদ্য অর্থ এবংবিধ অনুষ্টুপ্ প্রথম পাদের উভয় দিকে অর্থাৎ পূর্ব ও উত্তরভাগে বিরাট্-চিন্তনের নিমিত্ত হইবে অর্থাৎ বিরাড্-বাচক অকার-রূপ প্রণবের প্রথম মাত্রা দ্বারা অনুষ্টুপ্ প্রথমপাদ প্রতিপাদ্য অর্থ বিরাটকে ধ্যান করিবে। তাহা হইলে 'উগ্রং বীরং মহাবিষ্ণুং' এই মন্ত্রোচ্চারণ এক হইল । অকার ও বীজ, বিন্দু, নাদ ও শক্তি— এই চতুরাঙ্ক, চরতুরাঙ্ক বিরাটের বাচক । প্রণবের উকার দ্বিতীয় মাত্রা, হিরণ্যগর্ভের উপাসনার নিমিত্ত, তাহা, হিরণ্যগর্ভ দ্বারা প্রতিপাদ্য অর্থ একরূপ অনুষ্টুপ্ দ্বিতীয় পাদের পূর্বাভাগ ভাগের চিন্তার

নিমিত্ত হইবে অর্থাৎ উকার দ্বিতীয় মাত্ৰা এযঃ  
 অনুষ্টুপের দ্বিতীয় পাদকে একৌভূত করিয়া হিরণ্য-  
 গর্ভের উপাসনা করিবে । প্রণবের তৃতীয় মাত্ৰা  
 মকার ও অনুষ্টুপের তৃতীয় মাত্ৰার সহিত মিশ্রিত  
 করিয়া ঈশ্বরের উপাসনা করিবে । প্রণবের চতুর্থী  
 মাত্ৰা ওত, অনুষ্ঠাত্ ও অনুষ্ঠা বিকল্পরূপা, চতুর্থী  
 মাত্ৰার দ্বারা তুরীয় পাদকে চিন্তা করিয়া অনুষ্টুপ  
 চতুর্থপাদের দ্বারা তুরীয়কে জানিয়া আবার চতুর্থী  
 মাত্ৰার দ্বারা তুরীয়কে অন্বেষণ করিবে । তারপর  
 তুরীয়তুরীয় আত্মস্বরূপে চিন্তা করিবে ও সমস্ত  
 জগৎ তাহাতে লয় করাইবে । এখানে ইহাই  
 তাৎপর্য্য যে—‘অম্’ এই মন্ত্রে চতুরাশ্রক অকারের  
 দ্বারা চতুরূপ বিরাট পুরুষকে জানিয়া অনুষ্টুপ  
 প্রথম পাদের দ্বারা সেই বিরাটের ধ্যান করিয়া  
 পুনরায় ‘অম্’ এই মন্ত্র উচ্চারণকরত বিরাটকে  
 অকাররূপে স্মরণ করিবে । পরে ‘উম্’—এই মন্ত্রে  
 হিরণ্যগর্ভের চিন্তাকরত তাহাতে বিরাটপুরুষের  
 লয় করাইয়া অনুষ্টুপ দ্বিতীয় পাদ ও উকারের

দ্বারা হিরণ্যগর্ভের চিন্তাকরত অকারের দ্বারা  
 অধ্যাকৃত মাঝাকে চিন্তাকরত তাহাতে হিরণ্যগর্ভের  
 লয় করাইয়া অল্পষ্টুপ্ তৃতীয় পাদ ও মকারের দ্বারা  
 মাঝার ধ্যানকরত 'উম্' এই মন্ত্রে নাদাদিরূপ প্রণবের  
 দ্বারা তুরীয়ের চিন্তাকরত তাহাতে মাঝাকে লয়  
 করাইবে। অনন্তর অল্পষ্টুপ্ চতুর্থ পাদের দ্বারা  
 তুরীয়েকে স্বর্ণ করিয়া পুনরায় বিন্দুপ্রভৃতি সহিত  
 প্রণবের দ্বারা তুরীয়ের চিন্তাকরতঃ স্বর্শ্বরূপে  
 প্রতিষ্ঠিত হইবে। আবার প্রকারান্তরে মাত্ৰা ও  
 পাদাংশিত উৎসর্গনা বলিতে গিয়া বিভূতি  
 বলিতেছেন। এই প্রণবের যে প্রথম মাত্ৰা তাহা  
 হইতেছে পৃথিবী, তাহা অকার, মম্ব ও ব্রাহ্মণভাগ,  
 ব্রহ্মা, বসুগণ, গান্ধত্রীছন্দঃ ও গার্হপত্য অগ্নি। তাহা  
 মূল, সূক্ষ্ম, বীজ ও সাক্ষিকরূপে চতুরাঙ্ক। এইরূপ  
 সমস্ত পাদে বুঝিতে হইবে। এই প্রথম মাত্ৰার  
 প্রতিপাদ্য বিষয় বিরাট্, কারণ অকার সমস্ত বর্ণে  
 ব্যাপকভাবে আছে, বিরাট্ ও বিশ্বের ব্যাপক ;  
 চতুরাঙ্ক উক্তরূপে। প্রণবের দ্বিতীয় মাত্ৰা হইতেছে—

অন্তরিক্ষ, তাহা উকার, তাহা যজুর্মন্ত্রগণ যজুর্বাঙ্ক, বিষ্ণু, রুদ্রগণ, ত্রিষ্টুপ্ছন্দঃ ও দক্ষিণায়িরূপ, ইহা দ্বিতীয় পাদ, সূল, সূক্ষ্ম, বীজ ও সাক্ষিক্রমে উকার চতুরাশ্রক, এইরূপ সমস্ত পাদের সম্বন্ধে জানিবে।

প্রণবের তৃতীয় মাত্ৰা দ্বালোক, তাহা মকার, তাহা সামবেদ ও ব্রাহ্মণভাগ, রুদ্র ও আদিতাগণ, জগতীচ্ছন্দঃ ও আহবনীর অগ্নিস্বরূপ, ইহা তৃতীয় পাদ; সূল, সূক্ষ্ম, বীজ ও সাক্ষিক্রমে চতুরাশ্রক, একরূপ অন্ত পাদেও জানিবে।

প্রণবের অবসানে যে চতুর্থমাত্র তাহা অর্ধমাত্রা, তাহা উমার—ব্রহ্মবিষ্ণুর সহি বর্তমান পরমেশ্বরের লোক, ওঁকার, অথর্ববেদ, ব্রাহ্মণ, সংবর্তক অগ্নি, মরুদ্গণ, বিরাট্, একধা নামক আথর্বণিকগণের অগ্নি, ইহা ভাস্বতী অর্থাৎ দীপ্তিশালিনী মাত্রা বলিয়া কথিত হইয়া থাকে ইহা চতুর্থ পাদ; ইহা সূল, সূক্ষ্ম, বীজ ও সাক্ষিক্রমে চতুরাশ্রক, সমস্ত পাদে এইরূপ জানিবে।

মাত্ৰ অকারাদি, প্রতিমাত্রা \*উকারাদি। অকারে প্রতিমাত্রা উকার, উকারের প্রতিমাত্রা মকার

একারের প্রতিমাত্রা ওঁকার । মাত্রাগুলিকে প্রতিমাত্রার সম্পাদন করত ওত, অনুজ্ঞাত্ ও অনুজ্ঞাবিকল্পরূপ চিন্তাকরত লব পাওয়াইবে । পূর্ববৎ সমষ্টি ও ব্যষ্টির ঐক্য চিন্তা করত মাত্রা ও পাদমিশ্রিত উপাসনার দ্বারা পূর্ব পূর্বটী ক্রমে উত্তরোত্তরে উপসংহারকরত আয়ত্নরূপে অনস্থান করিবেন । এখন অনুষ্ঠানক্রম, ত্রাস ও অর্চনাদি-সহ উপাসনা বলা হইতেছে । স্ত্র অর্থাৎ প্রবুদ্ধ হইয়া অমৃত হইবে, জ্ঞানমাত্র-স্বরূপ পরমেশ্বরে হোমকরত শুদ্ধ হইবে, শুদ্ধ আসনে উপবেশন করত নিবিষ্ট হইবে, অনন্তর প্রাণায়ামে এই আত্মাকে অনুভব করত এই আত্মাতে সমস্তই বর্তমান আছে,—এইরূপে দর্শন করিবে, পরে শ্রাণ ও প্রপঞ্চবিহীন, সকল, আধারযুক্ত, অমৃতময়, চতুরাত্মা, সর্বময়, চতুর্দেবতারূপ হইয়া মহাপীঠে সপরিবার চতুঃসপ্তাঙ্ক, চতুরূপ, অগ্নিরূপ, প্রণবকে মূল্যাগতে অনুসন্ধান অর্থাৎ চিন্তা করিবে । এক্ষণে 'জঃ' ইত্যাদির এক একটীর পৃথক্ অর্থ করা

যাইতেছে । আগ্রদবস্থাতে “ওঁ নিত্য-প্রবুদ্ধার  
 পরমাঅনে নমঃ” এই প্রবোধমন্ত্র অথবা প্রণবের  
 দ্বারা নিদ্রার সাক্ষিক্রমে অবাস্তিত স্বয়ং অনিদ্র,  
 জ্ঞানস্বরূপ আত্মাতে অবস্থান করিবে । অনন্তর  
 “ওঁ বিদ্যাদেহার পরমাঅনে নমঃ,”—এই অমৃতময়  
 মৃত্তিমন্ত্র অথবা প্রণবের দ্বারা পরমাঅ্যার বিদ্যাঃস্বী  
 মূর্ত্তিকে আত্মস্বরূপে ধ্যান করিবে । তার পর  
 বিগত দিবসে কৃত, সেই দিনে করণীয় জ্ঞানক্রিয়াক্রম  
 সমস্ত ব্যবহার, ব্যবহারকালে জ্ঞানমাত্ররূপে আলো-  
 চনা করত পরিপূর্ণ-সচ্চিদানন্দরূপ পরমেশ্বরের  
 পূজা, জপ, হোম, তর্পণ ও ধ্যানাদি করিয়া তাঁহার  
 উদ্দেশে সমর্পণ করিবে । ইহার মন্ত্র প্রণব । অনন্তর  
 সন্ধ্যোপাসনাদি সমাপন করিয়া শুদ্ধ আসনে উপ-  
 বেশন করিবে । উপবেশন করত শুকপ্রভৃতির  
 অমুক্তাপূর্বক অস্ত্রের দ্বারা অঙ্গুলি ও করণোধন,  
 তালত্রয়, দিগ্‌বন্ধন ও অগ্নিময় প্রাচীর বেষ্টনের দ্বারা  
 বিঘ্ন দূর করিবে । অনন্তর “এই সমস্ত ওঁকার-  
 স্বরূপ”—এইরূপে প্রণবের ব্যাপকত্ব চিন্তা করিয়া

অকারাদি ব্যাপকের দ্বারা যাঁহার শরীর অপরিচ্ছিন্ন  
 হইয়াছে, 'হংসঃ' এই মন্ত্রে যিনি পরমাশ্রীতে জীবকে  
 স্থাপন করিয়াছেন, 'ভূতং, ভবৎ' ইত্যাদি পূর্বাঙ্ক-  
 প্রকারে রেচক ও পূরকের দ্বারা যিনি সকলের  
 উপসংহার করিয়াছেন, কুন্তুকসময়ে তাঁহার আত্মা-  
 মুক্তকরা উচিত। এইরূপে যথাশক্তি প্রাণায়াম  
 করিয়া 'সেই আত্মা ওঁকাররূপ'—এইরূপে ব্যাতিহার  
 জ্ঞান ও অমুক্তা-প্রণবের দ্বারা আত্মার চিন্তা করত  
 প্রণব মকারাদি ব্যাপকের দ্বারা শরীরচতুষ্টয়ের  
 উৎপাদন করিবে। এই আশ্রীতে সমস্ত জগৎ  
 শরীর-চতুষ্টয়রূপ দেখিয়া 'এই সমস্ত ত্রিশরীর'—  
 এইরূপে প্রাণাগ্নিগোত্র ও প্রপঞ্চযোগ করিবে। "ওঁ  
 হ্রীম্"—এই মন্ত্রে চিদানন্দরূপ দেবতার চিন্তা করত  
 "ক্ষকারাদি মকারান্ত"—মাতৃকা উচ্চারণ করিয়া  
 এই মাতৃস্বরূপই সমস্ত জগন্ময় শরীরচতুষ্টয় চিদানন্দ-  
 স্বরূপ ব্রহ্ম হইতে উৎপন্ন ও চিদানন্দময় চিন্তা করিয়া  
 "সোহহং হংসঃ"—এই মন্ত্রে জীব ও পরমাশ্রীর একত্ব  
 সম্পাদন করিবে, পরে সেই অগ্নিতে 'বাহা' এই

মন্ত্রে অগ্নিচতুষ্টয়ের লয় পাওয়াইবে । ইহা হইতেছে  
 প্রাণাগ্নিহোত্রসং গ্রহ । এইরূপে প্রপঞ্চ-যাগ করিবে  
 যথা,—“ওঁ হ্রীম্” এই মন্ত্র বলিয়া অকারাদি  
 ক্ষকারান্ত মাতৃকা উচ্চারণ করতঃ “হংসঃ সোহ্‌হং  
 স্বাহা” এই মন্ত্রে শরীরচতুষ্টয়ের লয় সম্পাদন করিবে ।  
 অনন্তর “তং বা এতং ত্রিশরীরম্” ইত্যাদি উক্তক্রমে  
 সকলীকরণ কৃত্য করিবে । ‘ওম্’ এইরূপে সেই  
 আত্মাকে ‘ওম্’ এই ব্রহ্মের সহিত ত্রৈকা সম্পাদন  
 করিয়া প্রথম পদে কথিতক্রমে ব্রহ্ম ও আত্মায় একত্ব  
 জানিয়া ‘সেই আত্মা অজর, অমর, অভয়, ওম্’—  
 ইত্যাদি অনুষ্ঠা প্রণবের দ্বারা অনুভব করত শরীর-  
 চতুষ্টয় সৃষ্টির নিমিত্ত বক্ষায়াণ, মন্ত্রসমূহের দ্বারা  
 সকলীকরণ করিবে । প্রথমপাদোক্ত শাস্ত্রান্ত উচ্চারণ  
 করিয়া “শাস্ত্রাতীত কলাঅনে সাক্ষিণে নমঃ” এই  
 মন্ত্রে ব্যাপককৃত্য করত সাক্ষীকে চিন্তা করিবে ।  
 পরে শক্ত্যন্ত প্রণব উচ্চারণ করিয়া “শান্তিকলাশক্তি-  
 পরাবাগাঅনে নামান্তদেহায় নমঃ” এই মন্ত্রে ব্যাপক-  
 কৃত্য করিয়া অন্তর্মুখ সদাশ্রয় ব্রহ্মজ্ঞানরূপ সামান্ত্র-



দেহকে চিন্তা করিয়া নাদান্ত-প্রণব উচ্চারণ করত  
 “বিদ্যা কলানা দপশ্যন্তী বাগাঅনে কারণদেহায় নমঃ”  
 এই মন্ত্রে ব্যাপক শ্রাস করত প্রলয়-স্বপ্তি-ঈক্ষণা-  
 বস্থ কিঞ্চিৎবহিমুখ সদাশ্রক কারণদেহকে চিন্তা  
 করিয়া বিন্দুস্ত প্রণবের উচ্চারণ করত “প্রতিষ্ঠা কলা-  
 বিন্দু-মধ্যমা বাগাঅনে স্মদেহায় নমঃ” এই মন্ত্রে  
 ব্যাপক শ্রাস করিবে । পরে স্মভূত, অন্তঃকরণ,  
 প্রাণ ও ইন্দ্রিয়রূপ স্ম শরীর স্মরণ করিয়া অকারান্ত  
 প্রণব উচ্চারণ করত “নিবৃত্তিকলাবীজবৈথরী বাগা-  
 অনে সুলশরীরায় নমঃ” এই মন্ত্রে ব্যাপক শ্রাস  
 করত পঞ্চকৃত ভূত ও তাহার কার্য সুল শরীরকে  
 স্মরণ করিবে । ইহা সকলীকরণ শ্রাস । এইরূপে  
 সৃষ্ট এই শরীর চতুষ্টয়কে ভগবান্ নৃসিংহের সপরিষ্কর  
 আসন ও মূর্তিরূপে কল্পনা করিবে । ‘সাধারণঃ’—  
 আধার অর্থাৎ পীঠ ও পীঠের আধার স্থানাদির  
 সহিত বর্তমান,—ইহার দ্বারা সপরিষ্কর পীঠ শ্রাস  
 সূচিত হইল, ‘অমৃতময়ঃ’,—ইহার দ্বারা মূর্তিশ্রাস  
 বঙ্গ হইল । মিথ্যা, জড়, দুঃখ পরিচ্ছেদপ্রভৃতির

বিকল্প, সং, চিৎ, আনন্দ ও অনন্ত পদের লক্ষ্যার্থ-  
 ভূত ব্রহ্ম হইতেছেন অমৃতশব্দার্থ, তন্ময় । অন্তর্মুখ  
 সংস্করূপ আত্মাতে ব্রহ্মজ্ঞানের দ্বারা প্রতিবিম্বিত যে  
 পুরুষোক্ত নিখাদিরূপ, যাহা সং, চিৎ, আনন্দ, পূর্ণ  
 ও আত্মপদের বাচ্যার্থ, ইচ্ছা, জ্ঞান, ক্রিয়া, স্বাতন্ত্র্য  
 ও তচ্ছক্লিনমূহের কারণই অমৃত, তন্ময় । তাহা  
 হইলে সং, চিৎ, আনন্দ, পূর্ণ ও আত্মরূপিণী ও  
 ইচ্ছা, জ্ঞান, ক্রিয়া স্বাতন্ত্র্য ও সক্রূপিণী পরা শক্তি-  
 রূপা ভগবতিনন্দ মূর্তি বলা হইল । ইহার নাম  
 মূর্তিভাস । এতদেবীমূর্তিভাস জগতের স্কার কারণ  
 হইতেছে । “ও ব্রহ্মবশীতিঃ সাতী জগৎজাতান্যনে  
 ব্রহ্মবলায় নমঃ”—এই মন্ত্রে বাপকন্যাস করত কেশ-  
 লোমপ্রভৃতিকে বলরূপে কল্পনা করিবে । “ও  
 পঞ্চভূতনামরূপাত্মকেভ্যঃ প্রাকারেভ্যঃ নমঃ”—  
 এই মন্ত্রে বাপকন্যাস করত পঞ্চীকৃত পাঁচটী ভূত  
 ও নামরূপাত্মক সাতটী ধাতুকে সাতটী প্রাচীর  
 কল্পনা করিবে । “ও নবচ্ছিদ্রাঅভ্যো নবদ্বারেভ্যো  
 নমঃ”,—এই মন্ত্রে বাপকন্যাস করিহা প্রত্যেক

নৃসিংহোত্তরতাপনীয়োপনিষৎ । ১০৩

প্রাচীরে গোপুর অর্থাৎ পুরদ্বারনরকঙ্করূপে নয়টী  
দ্বার কল্পনা করিবে । এইরূপে সূক্ষ্ম শরীরকে স্থান-  
রূপে কল্পনা করত সূক্ষ্ম শরীরকে মহারাজরাজেশ্বর-  
রূপ আত্মার পরিচারকরূপে কল্পনা করিবে । এক্ষণে  
তাহার প্রকার কথিত হইতেছে, যথা,—“সংবিজ্ঞ-  
পেভ্যো রাজরাজেশ্বরদ্বারেভ্যো নমঃ ।” “সকামাকাম-  
বৃত্তিভ্যো দ্বারদেবতাভ্যো নমঃ ।” “দিগগ্যাণ্ডা-  
অকশোত্রাদৌন্দ্রিয়রূপিভ্যো রাজপরিচারকেভ্যো  
নমঃ ।” “চন্দ্রাঙ্কায় মনসে রাজদূতায় নমঃ ।”  
“ব্রহ্মরূপিণ্যে সৰ্বকার্যানিষ্চয়কর্ত্রে বুদ্ধ্যে নমঃ ।”  
“রুদ্ররূপসৰ্বকার্যাভিমানকর্ত্রে হৃদয়ায় নমঃ ।”  
“বিষ্ণুরূপায় সৰ্বকার্যানুসন্ধানকর্ত্রে চিত্তায় নমঃ ।”  
“সৰ্বেশ্বররূপায় সৰ্বাধিকারিণে প্রাণায় নমঃ ।” এই  
মন্ত্রে ত্বাম্, জপ বা এই মন্ত্রের স্মরণ করত সূক্ষ্মশরীরকে  
ভগবান্ নৃসিংহের উপকরণ ভাবিয়া “গুণত্রয়ায়নে  
প্রাসাদায় নমঃ”,—এই মন্ত্রে প্রাসাদ কল্পনা করিবে ।  
পরে বিন্দুস্ত প্রণব উচ্চারণ করত “পরমাআসনায়  
নমঃ”—এই মন্ত্রে হৃদয়ে ত্বাম্ করিয়া কিঞ্চিৎ বহির্মুখে

অবস্থিত কারণ অর্থাৎ আঁধা যাহার শরীর একরূপ সদাঅককে গুণগাদ্গুণতঃ পীঠরূপে কল্পনা করিবে। অনন্তর শক্ত্যন্ত প্রণব উচ্চারণ করিয়া “পরমাঅমৃত্যে নমঃ” এই মন্ত্রে হৃদয় হইতে মস্তক-পর্য্যন্ত ব্যাপকত্বাস করিয়া পূর্বোক্ত সামান্য-শরীরান্তিমানী, অস্তমূখ, সচ্চিদানন্দস্বরূপ ব্রহ্মকে জ্ঞানশক্তি ও পরাশক্তিক্রাপণী, শঙ্খ, চক্র, গদা ও জ্ঞানমুদ্রা, এই চতুষ্টয়মুশোভিতা, সর্বালঙ্কার-বিশিষ্টা, স্বকীয় আত্মানন্দের অমৃতভব-সাগরে নিমগ্না যে ভগবানের মূর্তি, তাঁহার চিন্তা করিবে। ইহা হইতেছে পীঠ ও মূর্তিগ্রাস। এখানে অবশ্য পীঠ ও মূর্তি গ্রাসের মন্ত্র দ্বারা ধ্যান করিবে, অবশিষ্ট কল্পনা করিবে, যিনি এইরূপ মূর্তিতে ব্যাপ্ত আছেন, এই মূর্তির সাক্ষিস্বরূপ, কূটস্থ, পরমাঅরূপ মূর্তিমান, পরমেশ্বরের মূর্তিতে আগমন এবং মূর্তির দ্বারা তাঁহার ব্যাপক স্বরূপের চিন্তা করিবে। অকার, উকার, মকার ও ওঁকার যাহার আত্মস্বরূপ, সেইরূপ হইবেন। তিনি সামান্যাদি চারিটা শরীরের আত্মা

তষ্টবেন । ‘সর্বময়ঃ’—এই স্থানে সর্বশব্দের অর্থ  
 নিরাট্‌প্রভৃতি চারিটা পাদে, তাহাদের স্তাসের দ্বারা  
 তন্ময় তষ্টবে । ইহার প্রকার অন্ততঃ দ্রষ্টব্য ।  
 আবার ঋগ্‌যজুর্‌সাম কর্ত্ত বীজাদির স্মরণপূর্ব্বক  
 দেবতার ধ্যান করিয়া মূর্ত্তি ও অমূর্ত্তি চারিটা দেবতার  
 পূজা করিবে । মূর্ত্তিচতুষ্টয়ের বাণক, তৎসাক্ষি-  
 স্বরূপকে পরমানন্দজ্ঞানসমুদ্ররূপে ধ্যান করিয়া  
 চারিটা মূর্ত্তি তাহাতে মগ্ন, ইহা চিন্তা করিবে, ইহা  
 হইল আত্মপূজা । আত্মপূজার পর বহির্মুখ, সদাশুক,  
 গুণবীকরূপ, মূলধারস্থিত বত্রিশদল, অষ্টদল ও  
 চতুর্দল পদ্মাকার মহাপীঠে বত্রিশটীদলেতে, পৃথিবী—  
 অন্তরিক্ষ—ভালোক সোমলোকাদি অষ্টকরূপ অষ্টদল-  
 গত, সচ্চিদানন্দ পূর্ণাত্মা, অধ্বর, প্রকাশ ও বিমর্শরূপ  
 আত্মা ও চতুর্দলগত ব্রহ্মসর্বেশ্বর, বিষ্ণুসর্বেশ্বর, রুদ্র-  
 সর্বেশ্বর, সর্বেশ্বরেশ্বর রূপ পরিবারগণ সহ চতুঃসপ্তাশ্রা  
 অর্থাৎ পৃথিব্যাদি সাতটা অকারাদি চারি প্রকারে  
 চতুঃসপ্ত—আঠাইশ হইল তদ্রূপ, সমষ্টি ও বাষ্টি সূন,  
 সূন্য, বীজ ও সাক্ষিরূপ চতুঃসপ্তাশ্রাকে মূলধারগত

অগ্নিতে অগ্নিরূপ চিৎ প্রকাশ প্রণবের ধ্যান করিবে ।  
 সপরিবার ওঁকারের যে অগ্নিরূপে ধ্যান কারবার  
 কথা বলা হইল, এখানে মন্তকাঃদ্বিবিষ্টি মূর্তির  
 ধ্যান করিবে না, কিন্তু প্রলয়কালীন অগ্নি সূর্য্যার  
 তুল্য কেবল জ্যোতিঃ কল্পনা করিবে । অনন্তর  
 মূলাধারস্থিত অগ্নিকে নাভিদেলে উন্নীত করিয়া  
 সেই অগ্নিতে অনুষ্টুপ্ প্রথমপাদে অক্ষররূপ  
 অষ্টদল পদ্য চিন্তা করিয়া, তাহার কর্ণিকাতে প্রণবস্থ  
 অকার, বীজ, বিন্দু, নাদ ও শক্তির সহিত চতুরাশ্রক  
 চতুর্দলপদ্যরূপ চিন্তা করিত তাহার কর্ণিকাতে সরস্বতী  
 মূল প্রকৃতিসহিত সপরিবার ব্রহ্ম সর্কেশ্বরের ধ্যান  
 করিবে । এইরূপ পরবর্তী বাক্যেও ব্যাখ্যাত হইবে ।  
 এই জন্ত মূলে “সপ্তাঙ্গান” এই পদটী প্রযুক্ত হইয়াছে ।  
 এই অষ্টদল পদ্যে অকার সম্বন্ধ পৃথিব্যাৎ আটটীরূপ  
 যে অনুষ্টুপ্ প্রথমপাদ কথিত হইয়াছে, তাহার  
 অক্ষরসমূহে অবস্থিত অঙ্গ ও উপাঙ্গ সহ বেদচতুষ্টয়  
 ও চতুর্দলস্থিত ব্রহ্মব্রহ্ম, ব্রহ্মবিষ্ণু, ব্রহ্মরূদ্র ও ব্রহ্ম-  
 সর্কেশ্বরকে পরিচারকরূপে ধ্যান করিবে । সেই

অষ্টদল পদের চারিদিকে চারিটা বেদের চিন্তা করিবে, আগ্রকোণে শিক্ষাদি ছয়টা অঙ্গ, নৈঋতি কোণে মীমাংসা, বায়ব্য কোণে শ্রায়, ঈশান কোণে ইতিহাস, পুরাণ, আগম, কাব্য ও নাটকাদি চিন্তা করিবে । চতুর্দল পদের অগ্রভাগে ব্রহ্মসর্বেশ্বর দক্ষিণ দিকে ব্রহ্মরুদ্র, উত্তরদিকে ব্রহ্মবিষ্ণু ও পশ্চিম দিকে ব্রহ্মরক্ষার ধ্যান করিবে । এষ্টরূপে পরবর্তী থাকোণ্ড মূর্ত্তিসংস্থের অবস্থিতি জানিবে । পৃথিব্যাদি সপ্তাশ্রয়ক চতুরাশ্রক অকাররূপ ব্রহ্মাকে নাভিতে ধ্যান করিবে । এখানে পৃথিব্যাদি সাতটা ও অকার মিলিয়া আটটা হইল । তাহা না বলিলে অকুণ্ডপের একটা পাদের আটটা অক্ষরের সহিত সংস্থ করা যায় না । এখানে মনো ব্রহ্মসর্বেশ্বরের কল্পনা করিতে হইবে । প্রণবস্ত অকারশ্রক বকঃপ্রধান, সোমমণ্ডলস্থ সংস্বতীমূলপ্রকৃতি সহিত ব্রহ্মসর্বেশ্বরকে নাভিতে তেজোমধো অষ্টদলপদস্থিত চতুর্দল কর্ণিকাতে ধ্যান করিবে । অন্তরিকপ্রভৃতি সপ্তাশ্রক, ধূলাদি চতুরাশ্রা উকাররূপ বিষ্ণুকে হৃদয়ে ধ্যান করিবে ।

অন্তরিক্ষাদি সাতটি ও উকার মিলিত হইয়া আটটি হইল, অনুষ্টুভের দ্বিতীয় পাদেরও আটটি অক্ষর, স্তুতরাং উভয়ের তুল্যতা হইল । উকারসম্বন্ধিত্বরূপে যে অন্তরিক্ষাদিসম্প্রক কথিত হইয়াছে, তাহা উকারের সত্বে আটটি হইল এবং সূলাদি চতুরাশ্রক শ্রীমূলপ্রকৃতিসহিত, সত্বপ্রধান, সূর্যামণ্ডলস্থ, উকাররূপ বিষ্ণুসর্বেশ্বরকে উকারসম্বন্ধিত্বরূপে কথিত অন্তরিক্ষাদিরূপ অনুষ্টুপ্ দ্বিতীয় পাদের অক্ষরস্থ বরাহ নরসিংহ, বামন, পরশুরাম, রাঘব, বলভদ্র, কৃষ্ণ ও কবি মূর্ত্তি দ্বারা অধিষ্ঠিত তাহার মধ্যস্থিত উকাররূপ চতুর্দশপদগত বিষ্ণুসর্বেশ্বরাদিযুক্ত স্বহৃদয়স্থ অষ্টদশ পদে ধ্যান করিবে । মকারসম্বন্ধিত্বরূপে কথিত ছালোকাদি আটটি ও সূলাদি চতুরাশ্রক উমামূলপ্রকৃতিসহিত, তমঃপ্রধান, অগ্নিমণ্ডলস্থ, মকাররূপ রুদ্রসর্বেশ্বরকে ছালোকসম্বন্ধিত্বরূপে কথিত ছালোকাদিরূপ অনুষ্টুপ্ তৃতীয় পাদের অক্ষরস্থ শর্ক, ভব, পশুপতি, ঈশান, ভীম, মহাদেব, রুদ্র ও উগ্রমূর্ত্তি দ্বারা অধিষ্ঠিত তাহার মধ্যস্থিত মকাররূপ



চতুর্দল পদ্যগত রুদ্র সর্বেশ্বরাদিযুক্ত ক্রমধো অষ্টদল  
 পদ্যে ধ্যান করিবে । পূর্বোক্ত সাতটী, মাত্রাচতুষ্টয়ের  
 সহিত সম্বন্ধবশতঃ আঠাইশটী হইল, আবার ওঁকার-  
 সহিত পূর্বোক্ত সাতটী মিলিয়া আটটী হইল. তাহা  
 আবার মাত্রাচতুষ্টয়ের সহিত সম্বন্ধবশতঃ বত্রিশটী  
 হইল । ওঁকার হ্রস্বাদি সহ চতুরাশ্রক গুণসামা  
 যাহার উপাধি ও শাক্তমণ্ডলে স্থিত মূল প্রকৃতি  
 মায়ামতিত তৃতীয় প্রণবরূপ সর্বেশ্বরকে মূলাধারস্থ  
 দ্বাত্রিংশদলে ক্রু দেবতাবিশিষ্ট, তদগতাষ্টদলস্থ  
 সদাদিমূর্তিযুক্ত, তাহার কর্ণিকাগত চতুর্দলস্থ সর্বেশ্বর-  
 চতুষ্টয়সংযুক্ত দ্বাদশান্তে দ্বাত্রিংশদলপদ্যে ধ্যান  
 করিবে । সপ্তাশ্রক, চতুরূপ চতুঃসপ্তাশ্রক ও চতুরূপ  
 গুণ ও বীজ যাহার উপাধি, শাক্তমণ্ডলে স্থিত,  
 আনন্দ ও অমৃতরূপ তৃতীয় ওঁকারকে অধোমুখ  
 বত্রিশদল, অষ্টদল ও চতুর্দলপদ্যযুক্ত, পূর্বোক্ত  
 দেবতাদিবিশিষ্ট ষোড়শান্তে ধ্যান করিবে । পাঠ ও  
 মূর্তি কল্পনার পর পূর্বোক্ত আনন্দামৃতের দ্বারা  
 ব্রহ্মাদি সর্বেশ্বরপর্যাস্ত দেবতার পরিবারবর্গের সহিত

চারি প্রকারে অর্থাৎ দেবতা, গুরু, মন্ত্র ও আত্ম-  
 প্রকারে অথবা গন্ধাদি পূজাসাধনপ্রকারে পূজা  
